

করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

4 November 2021, Thursday, 5th Year, Issue 242, 40 Pages

অনেক প্রথম নিয়ে 'ঊনপঞ্চাশ বাতাস' পৃষ্ঠা : ১৬

৪ নভেম্বর ২০২১, ১৯ কার্তিক ১৪২৮, ২৬ রবি-উল-আওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪২, পৃষ্ঠা : ৪০

নির্বাচনে ডেমোক্র্যাটদের বিপর্যয়

ইব্রাহীম চৌধুরী

- বাইডেনের 'বিল্ড বেটার আমেরিকা' কর্মসূচি নিয়ে ডেমোক্র্যাটরা ঐক্যবদ্ধ হতে পারেননি
- ডেমোক্র্যাটদের এ বিপর্যয় জাতীয়ভাবে আলোচিত হচ্ছে।
- মঙ্গলবারের নির্বাচনী ফলাফল নিয়ে বেশ খুশি সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

গত মঙ্গলবার রাতের নির্বাচনী ফলাফল আমেরিকার রাজনীতিতে ডেমোক্র্যাটদের জন্য অশনিসংকেত হয়ে দেখা দিয়েছে। ভার্জিনিয়ার মতো রাজ্যে মাত্র কয়েক মাসের ব্যবধানে জনগণ রায় দিয়েছে রিপাবলিকানদের পক্ষে। উত্তর পূর্বের অন্যতম ডেমোক্র্যাট রাজ্য হিসেবে পরিচিত নিউজার্সির ভোটের ফলাফল আরও ভীতিকর হয়ে উঠেছে ডেমোক্রেটিক দলের জন্য।

যেসব এলাকায় বিপুল ভোটে ডেমোক্র্যাট প্রেসিডেন্ট জো বাইডেন নির্বাচিত হয়েছেন, সেসব এলাকায় অল্পদিনের মধ্যে লোকজন ঘুরে দাঁড়িয়ে ওয়াশিংটনে ভিন্ন বার্তা পাঠিয়েছে। প্রেসিডেন্ট জো বাইডেনের সামনে এখন রাজনীতির মহাপ্রলয় অপেক্ষা করছে। নাটকীয় কোনো পরিবর্তন ছাড়া আগামী বছরের মধ্যবর্তী নির্বাচনে ডেমোক্রেটিক দল কংগ্রেসের উভয় কক্ষ হারানোর বিষয়টি এখন আর আশঙ্কার পর্যায়ে নয় বলে মনে করছেন রাজনৈতিক

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

ক্যাবিদের সংকট নিরসন হচ্ছে

আবদুস শহীদ

টানা ১৫ দিনের অনশনের পর নিউইয়র্কের ট্যাক্সি মেডেলিয়ন মালিক ও চালকদের বিজয় ঘটেছে। মেডেলিয়ন মালিকদের ঋণের বোঝা কমিয়ে দুই লাখ ডলারে নিয়ে আসা হবে। ঋণের মাসিক কিস্তি সর্বোচ্চ এক হাজার ১২২ ডলার করা হবে। সিটির পক্ষ থেকে ঋণের জন্য আর্থিক প্রতিষ্ঠানের কাছে গ্যারান্টি দেওয়া হবে।

১৫ দিনের অনশনের পর ৩ নভেম্বর এ নিয়ে ট্যাক্সি ওয়ার্কার অ্যালায়েন্স, সিটি মেয়র এবং ঋণ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান মার্বেলগেটের মধ্যে চুক্তি হয়েছে। চুক্তি স্বাক্ষরের পর ট্যাক্সি ওয়ার্কার অ্যালায়েন্সের প্রেসিডেন্ট ভৈরবী দেশাই বলেছেন, নিউইয়র্ক সিটির ট্যাক্সি চালক ও মালিকদের বিজয় ঘটেছে।

চুক্তির ফলে ইয়েলো ট্যাক্সি মেডেলিয়ন মালিকদের জন্য সিটি ঘোষিত প্রণোদনা বর্ধিত করা হবে এবং

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

আন্দোলন নিউইয়র্কের টাইমস স্কয়ারে '১১ মিলিয়ন লোকের জন্য ১১ দিন' শিরোনামে অভিবাসীদের আন্দোলন শুরু হয়েছে। অভিবাসী অধিকার আদায়ে সোচ্চার নাগরিক সংগঠনগুলোর সঙ্গে নথিপত্রহীন অভিবাসীরা ৩ থেকে ১৩ নভেম্বর পর্যন্ত এই আন্দোলন চালিয়ে যাবেন। নাগরিকত্ব ছাড়া কোনো দাবি মানা হবে না বলে আন্দোলন থেকে স্লোগান তোলা হচ্ছে। ছবি : সৈয়দ মাসুদুল কবির

দ্বিতীয়বারের মতো কৃষ্ণাঙ্গ মেয়র পেল নিউইয়র্ক

উত্তর আমেরিকা অফিস

এরিক অ্যাডামস

যুক্তরাষ্ট্রের বৃহত্তম শহর নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হয়েছেন সাবেক পুলিশ সদস্য এরিক অ্যাডামস। মঙ্গলবার রাতে বেসরকারি ফলাফলে মেয়র নির্বাচিত হন আফ্রিকান বংশোদ্ভূত এ আমেরিকান নাগরিক। এরিক অ্যাডামস হলেন নিউইয়র্ক সিটির দ্বিতীয় কোনো কৃষ্ণাঙ্গ মেয়র। তিনি ১১০তম মেয়র হিসেবে নির্বাচিত হয়েছেন।

নিউইয়র্ক সিটিতে জননিরাপত্তা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়ে প্রচারণা চালিয়েছিলেন সাবেক এ এনওয়াইপিডি ক্যাপ্টেন। বর্তমানে ব্রুকলিন বরো প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করা এরিক অ্যাডামস রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিউয়াকে সহজেই পরাজিত করেছেন।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগোচ্ছে রোববার

জাহিদা আলম

যুক্তরাষ্ট্রে ঘড়ির কাঁটা পরিবর্তনের সময় সমাগত। ৬ নভেম্বর দিবাগত রাত দুইটার সময় ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে নিয়ে আসা হবে। এ পরিবর্তন আগামী ২২ মার্চ পর্যন্ত চলবে।

ডে লাইট সেভিং নামে সময়ের এ পরিবর্তনে রাত দীর্ঘ হয়। ছোট হয়ে আসে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

নিউইয়র্ক সিটি নির্বাচনে ইতিহাস গড়লেন শাহানা ও সোমা

রওশন হক ও রোকেয়া দীপা

নিউইয়র্ক সিটির ইতিহাসে প্রথম মুসলমান এবং প্রথম বাংলাদেশি-আমেরিকান শাহানা হানিফ ও কুইন্স সিভিল কোর্টের বিচারক হিসেবে সোমা সাঈদ নির্বাচিত হয়েছেন। ২ নভেম্বর সিটির সাধারণ নির্বাচনে তাঁরা বিপুল ভোটে জয়ী হন। নিউইয়র্কে বাংলাদেশিদের তিন প্রজন্মের অভিবাসনে মূলধারার রাজনীতিতে প্রথম

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

শাহানা হানিফ ও সোমা সাঈদ

প্রথম আলো উত্তর আমেরিকা এখন নতুন ব্যবস্থাপনায়

উত্তর আমেরিকা অফিস

প্রথম আলো উত্তর আমেরিকা এখন নতুন ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে প্রকাশিত হচ্ছে। উত্তর আমেরিকা থেকে প্রকাশিত এই পত্রিকাটির সঙ্গে ১ অক্টোবর, ২০২১ থেকে মিডিয়া স্টার লিমিটেড বা ঢাকা থেকে প্রকাশিত প্রথম আলোর কোনো সম্পর্ক নেই।

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমুলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি

আমরা ৭ দিনই খোলা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

ACE INSTITUTE OF TECHNOLOGY
এইস্ ইন্স্টিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!
Where it's all about excellence in education
নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
Licensed by New York State Department of Education.
কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত

BECOME A MEDICAL ASSISTANT
- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

Diagnostic Medical Sonographer

BECOME A COMPUTER NETWORK ADMINISTRATOR
- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

Web & Graphic Design

সুবিধাজনক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ
সকাল ৯টা থেকে দুপুর ২টা
সন্ধ্যাকালীন ক্লাশ
বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের সুযোগ রয়েছে।
আনুষাঙ্গিক সুবিধা সমূহ
Financial Aid available for select program to those who qualify.

বিস্তারিত জানতে ভিজিট করুন:
www.acecareer.edu | info@acecareer.edu

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223
40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911

Naresh Gehi, Esq.

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

WE ARE OPEN 7 DAYS a week

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

Raja Kumar

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

NYC বিজনেস
দ্রুত শুরু করা
লাল ফিতের ফাঁস কেটে সমস্ত ক্ষুদ্র ব্যবসায়ের অনুসন্ধানগুলির 48-ঘন্টার মধ্যে উত্তর দেওয়ার গ্যারান্টি দেওয়া
আরো জানতে
nyc.gov/quickstart
বা 888-SBS-4NYC (888-727-4692)
NYC Small Business Services
Department of Buildings
Environmental Protection
Department of Health and Mental Hygiene
Fire Department

GRAND Opening
বিশেষ মূল্য ছাড়
EXPRESSAIR
TRAVEL
Tel: 646-420-6472
Email: expressairtravel2021@gmail.com
37-53 72nd Street, Jackson Heights, NY 11372
OUR SERVICES:
• AIRLINE TICKETS
• TOUR PACKAGES
• UMRAH VISA
• MEET & LOUNGE SERVICE AT DHAKA AIRPORT
• MONEY TRANSFER
• PHONE BILLS & ACCESSORIES
• MULTI-SERVICES
MK ZAMAN(RONJU) -CEO
Emirates
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS

সতর্কীকরণ: সীসা থাকতে পারে
দক্ষিণ এশিয়ার দেশগুলিতে কেনা মশলায় সীসা থাকতে পারে, যা শিশুদের মধ্যে শিক্ষা এবং আচরণগত সমস্যা তৈরি করতে পারে, গর্ভবতী মহিলাদের গর্ভপাত, এবং বন্ধ্যত্ব ঘটাতে পারে।
▪ স্থানীয় মশলা কিনুন।
▪ আপনি যদি দক্ষিণ এশিয়া থেকে কেনা মশলা ব্যবহার করেন, তাহলে আপনার ডাক্তারকে রক্তে সীসার উপস্থিতি পরীক্ষার জন্য বলুন।
আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন বা nyc.gov/leadfree দেখুন।
NYC Health
Bill de Blasio
Dave A. Chokshi, MD, MSc

LET'S MAKE 'BANGLADESH FILM INDUSTRY' THE THIRD LARGEST ONE IN USA

TO DO THIS, EVERY BANGLADESHI FILM RELEASING IN USA IS IMPORTANT

A 'MASUD HASAN UJJAL' FILM

ঊনপঞ্চাশ বাতাস

Winner
FIPRESCI
INTERNATIONAL
CRITICS PRIZE
DHAKA INT FILM FESTIVAL
2021

Winner
BEST DIRECTOR
RAINBOW
FILM FESTIVAL
LONDON
2021

SHOWTIMES & TICKETS WILL BE AVAILABLE ONLINE AND IN COUNTERS FROM 17 NOVEMBER 2021

TO KNOW ABOUT LATEST UPDATES
OR ANY CHANGES,
PLEASE FOLLOW THE FACEBOOK PAGE
'BANGLADESHI MOVIES, USA'

Red October Films

SWAPNA SCARECROW

THEATER LIST

REGAL AMC THEATRES SHOWCASE CINEMAS

NYC
1. AMC EMPIRE 25, TIMES SQUARE
2. REGAL UA KAUFMAN ASTORIA
3. JAMAICA MULTIPLEX CINEMAS

CINEMARK

LOS ANGELES
4. CINEMARK 18 & XD
5. CINEMARK NORTH HOLLYWOOD

DALLAS
6. CINEMARK 17 & IMAX

AUSTIN
7. CINEMARK 20 & XD, PFLUGERVILLE

HOUSTON
8. CINEMARK TINSELTOWN 290 & XD

FLORIDA
9. CINEMARK BOYNTON BEACH 14 & XD
10. CINEMARK PARADISE 24 & XD, DAVIE

VIRGINIA/DC/MARYLAND
11. CINEMARK FAIRFAX CORNER & XD
12. CINEMARK EGYPTIAN 24 & XD, HANOVER

releasing
19 NOVEMBER 2021
across **USA**

প্রথম আলো
Prothom Alo North America

নিউইয়র্ক বইমেলা

গত সপ্তাহান্তটি নিউইয়র্কে জমে উঠেছিল বইমেলা নিয়ে। বাংলাদেশের বাইরে ত্রিশ বছর থেকে এ মেলা হয়ে আসছে। বাংলা বই নিয়ে বহু জনারণ্যের দেশে এমন আয়োজন খুবই গুরুত্বের। মহামারির কারণে গত বছর বই মেলা অনুষ্ঠিত হতে পারেনি। এবারও হয়েছে সীমিত আয়োজনে। জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে তিল ধরার ঠাঁই ছিল না। প্রবাসে বসে বাংলা সাহিত্যের চর্চা যারা করেন, তাঁদের কাছে নিউইয়র্ক বইমেলা একটা মিলন মেলা হয়ে উঠেছে। এবারেও এর ভিন্নতা হয়নি। যুক্তরাষ্ট্রের বাইরে থেকে না আসলেও মহামারির নিয়ন্ত্রিত চলাচলের জের এখনো চলছে। এরপর আমেরিকার দূরের সব রাজ্য থেকে ছুটে এসেছেন লেখকেরা। দেশের জন্য, মাতৃভাষার জন্য হৃদয়ের টান থেকেই এমন সম্মিলন হয়ে আসছে বছরের পর বছর ধরে।

১৯৯২ সালে নিউইয়র্কে একুশে ফেব্রুয়ারি পালনের পর বাংলা বইমেলা শুরু হয়। যদিও এর আগে বিচ্ছিন্নভাবে একুশে ফেব্রুয়ারি পালিত হয়েছে। কিন্তু আনুষ্ঠানিকভাবে বৃহৎ কলেবরে সেবারই ছিল প্রথম। এরপর ১৯৯৩ সালে জাতিসংঘের সামনে অস্থায়ী শহীদ মিনার বানিয়ে পুষ্পার্পণের মধ্য দিয়ে একুশের প্রথম প্রহর পালন করে বাঙালির চেতনা মঞ্চ ও মুক্তধারা। সেই থেকে অদ্যাবধি প্রতি বছরই সেটি পালিত হয়ে আসছে।

দিনে দিনে নিউইয়র্কের বইমেলার পরিসর বেড়েছে। আমেরিকায় আমাদের জনসমাজের অভিবাসন বাড়ার সঙ্গে সঙ্গে বেড়ে উঠেছে এর ব্যাপকতা। শুধু দেশের বাইরে বাংলা সাহিত্যের চর্চা করেই গড়ে উঠেছেন একদল লেখক। তাঁদের কাছে এ বইমেলা বাংলা অ্যাকাডেমির বই মেলার মতোই কাঙ্ক্ষিত হয়ে উঠেছে।

সময়ের সঙ্গে নিউইয়র্ক বইমেলা নিয়ে এর মধ্যেই নানা ভাবনা দেখা দিয়েছে। একজন সংগঠক বিশ্বজিত সাহা কাজটি শুরু করেন। শুরু থেকেই বাংলা সাহিত্য সংস্কৃতির কিছু অগ্রসরজন এ কাজে সহযোগিতা করে চলছে গত ত্রিশ বছরের আয়োজন। আমেরিকায় আমাদের অভিবাসনের তৃতীয় প্রজন্ম চলছে। নিউইয়র্ক বইমেলায় নতুন প্রজন্মের বাংলাদেশি আমেরিকানদের যুক্ত করার একটা প্রয়াস চলছে গত কয়েক বছর থেকে।

আশার কথা নিউইয়র্ক বইমেলায় নতুন প্রজন্মের অংশগ্রহণ বাড়ছে। প্রায় এক দশক ধরে এই প্রজন্মের নতুন লেখক, যারা ইংরেজিতে লেখালেখি করেন, তাঁদের অংশগ্রহণ কিছুটা হলেও বাড়ছে। এখন সময় এসেছে, যেসব আমেরিকান-বাঙালি লেখক উত্তর আমেরিকায় ইংরেজি ভাষায় লেখালেখি করেন, তাঁদের সম্মান ও অনুপ্রেরণা জোগানোর। নতুন প্রজন্মকে এ কাজে যুক্ত করে তাঁদের হাতে বইমেলার ব্যবস্থাপনা একদিন হস্তান্তর হলেই টিকে থাকবে আমাদের প্রজন্মের আলোকিত এ প্রয়াসটি।

সাংবাদিক হত্যা করে গল্পকে আড়াল করা যায় না

২ নভেম্বর সাংবাদিক নির্যাতনের দায়মুক্তি সমাপ্তি-বিষয়ক আন্তর্জাতিক দিবস। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এ নিয়ে বাণী দিয়েছেন। সারা বিশ্বের প্রতি তিনি আহ্বান জানিয়েছেন সাংবাদিকদের পাশে দাঁড়ানোর জন্য। সাংবাদিক নির্যাতন এবং সাংবাদিক, সংবাদমাধ্যমের প্রতি অন্যায় আচরণের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য সদস্য রাষ্ট্রের প্রতি তিনি আহ্বান জানিয়েছেন।

২০২০ সালে সারা বিশ্বে ৬৫ জন সাংবাদিক কর্মরত অবস্থায় মারা গেছেন। ইন্টারন্যাশনাল ফেডারেশন অব জার্নালিস্ট এ তথ্য জানিয়েছে। দেশে দেশে সাংবাদিক নির্যাতন ও হয়রানির সব তথ্য এ রিপোর্টে আসেনি। সাংবাদিকতা করার কারণে শুধু যে সাংবাদিক নিজে নির্যাতিত হচ্ছেন এমন নয়। দেশে দেশে সাংবাদিকদের পরিবারকে হয়রানির সম্মুখীন হতে হচ্ছে। জাতিসংঘ মহাসচিব সদস্য রাষ্ট্রগুলোকে সাংবাদিকদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রই যেখানে নিপীড়কের ভূমিকা পালন করছে, সে ক্ষেত্রে জাতিসংঘ মহাসচিবের বাণী নিভৃতে কাঁদবে, এমন বলাই বাহুল্য। এবারের সাংবাদিক নির্যাতনের দায়মুক্তি সমাপ্তি-বিষয়ক আন্তর্জাতিক দিবসে আলোচিত হচ্ছে সৌদি সাংবাদিক খাসোগি হত্যা প্রসঙ্গ। এ নিয়ে ওয়াশিংটন পোস্টে লিখেছেন পাকিস্তানের বিখ্যাত সাংবাদিক হামিদ মীর। হামিদ মীর তাঁর লেখায় বলেছেন, একনায়ক, স্বৈরশাসক বা সন্ত্রাসবাদীরা হয়তো জামাল খাসোগি বা ডাফনে কারুয়ানা গালিজিয়ার মতো সাংবাদিকদের হত্যা করতে পারে, কিন্তু তারা এই সাংবাদিকদের সেই সব গল্পকে হত্যা করতে পারে না, যা তাঁরা বিশ্বকে জানাতে চেয়েছেন।

সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান তাঁর এক উপদেষ্টাকে বলেছিলেন, সৌদি সরকারের সমালোচনা বন্ধ না করলে নির্বাসনে থাকা সৌদি সাংবাদিক জামাল খাসোগির জন্য তিনি একটি বুলেট ব্যবহার করবেন। বাস্তবে তার চেয়েও ভয়াবহ কিছু হয়েছে। ২০১৮ সালের অক্টোবরে তুরস্কের ইস্তাম্বুলে সৌদি কনস্যুলেটে গেলে সেখানেই একদল গুপ্তঘাতক জামাল খাসোগিকে হত্যা করে। সৌদি আদালত পরে খাসোগি হত্যাকাণ্ডে জড়িত থাকার দায়ে পাঁচজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন। যদিও ঘটনা সম্পর্কে যাঁরা খোঁজ রাখেন, তাঁরা জানেন, ওই বিচারকদের কারওরই সত্যিকারের অপরাধীকে স্পর্শ করার বিন্দুমাত্র সাহস নেই। আর এই হতাশাজনক বাস্তবতা বোঝেন বলেই খাসোগির বাগ্‌দত্তা হেতিজে চেঙ্গিস এই হত্যাকাণ্ডের সত্যিকারের জবাবদিহি আদায়ের জন্য এখনো লড়ে যাচ্ছেন।

সাংবাদিকদের সঙ্গে অপরাধের দায়মুক্তির যে সংস্কৃতি তৈরি হয়েছে, তা বন্ধ হবে বলে মনে করেন না হামিদ মীর। সত্য প্রকাশে বাধা প্রদানের বিরুদ্ধে যাঁরা এখনো লড়ে যাচ্ছেন, সেনসরশিপের খড়্গে যাঁরা কাটা পড়তে চান না, তাঁদের প্রতিহত করতে রাষ্ট্রীয় সংস্থাগুলোকে যেসব ক্ষমতা-বুভুক্ষু রাজনীতিক ব্যবহার করছেন, তাঁদের বিরুদ্ধে দাঁড়ানোর এখনই সময়। তিনি বলেছেন, একনায়ক, স্বৈরশাসক বা সন্ত্রাসবাদীরা হয়তো জামাল খাসোগি বা ডাফনে কারুয়ানা গালিজিয়ার মতো সাংবাদিকদের হত্যা করতে পারে, কিন্তু তারা এই সাংবাদিকদের সেই সব গল্পকে হত্যা করতে পারে না, যা তাঁরা বিশ্বকে জানাতে চেয়েছেন।

রাষ্ট্র হবে ধর্মনিরপেক্ষ, সমাজ হবে ইহজাগতিক

সিরাজুল ইসলাম চৌধুরী

রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতার অর্থ হলো সব ধর্মকে রাষ্ট্রের পক্ষ থেকে সমান মর্যাদাদান।

রাষ্ট্রীয় মূলনীতি থেকে ধর্মনিরপেক্ষতা ছাঁটাই হয়ে গেছে। এখানে ধর্ম মন্ত্রণালয় তো আছেই, রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে সাংবিধানিক স্বীকৃতিও দেওয়া হয়েছে। উপমহাদেশের শাসকশ্রেণি ধর্মকে রাজনৈতিকভাবে ব্যবহার করার অভ্যাস এখনো ছাড়তে পারেনি।

মানুষ তো সমাজেই বাস করে এবং সমাজের দ্বারা যতটা নয় তার চেয়ে বেশি রাষ্ট্র দ্বারা নিয়ন্ত্রিত। ওদিকে ধর্ম বলতে যদি সদাচার, সততা, ন্যায়পরায়ণতা, কল্যাণকামিতা, আধ্যাত্মিকতা ইত্যাদি বোঝায়, তাহলে সব মানুষেরই ধর্ম থাকতে পারে, এমনকি নাস্তিকেরও। কিন্তু ধর্মের আবার আনুষ্ঠানিক দিকও রয়েছে; অনুষ্ঠান করতে গিয়ে ধর্ম ব্যক্তিগত বিশ্বাস এবং আচার-আচরণের ব্যাপার থাকে না, সমাজের ব্যাপার হয়ে দাঁড়ায়। ধর্মের ভিত্তিতে সমাজে বিভাজনও দেখা দেয়, ধর্ম প্রবেশ করে রাজনীতিতে।

রাজনীতির মূল বিষয়টি হচ্ছে ক্ষমতা। ক্ষমতার জন্য ধর্মকে ব্যবহার করা হয় আর তখন উদ্ভব ঘটে সাম্প্রদায়িকতার। সাম্প্রদায়িকতা ধর্মের নয়, রাজনীতির ব্যাপার। সাম্প্রদায়িকতায় ধর্ম চলে যায় রাজনীতির অধীনে, তখন হানাহানি অনিবার্য হয়ে পড়ে। আমাদের এই উপমহাদেশে সাম্প্রদায়িকতার অনাচার আমরা অতীতে দেখেছি, এখনো দেখছি। কেবল উপমহাদেশে কেন, বিশ্বের প্রায় সর্বত্রই তো এখন সাম্প্রদায়িকতার তাণ্ডব চলছে। ক্রুসেড ও জিহাদের ঘটনা অতীতকালের ব্যাপার নয়, একালেও বিদ্যমান। ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার প্রয়োজনে ফিলিস্তিনবাসীকে উচ্ছেদ করে ধর্মরাজ্য কায়েম করা হয়েছে।

আমেরিকা মধ্যপ্রাচ্যের তেল ও খনিজসমৃদ্ধ এলাকায় দখলদারি প্রতিষ্ঠার যে ভয়াবহ উদ্যোগ নিয়েছে, তার বিরুদ্ধে সেসব দেশের বামপন্থীদের রুখে দাঁড়ানোর কথা ছিল; কিন্তু সেখানে বামপন্থীদের নির্মূল করেছে স্থানীয় শাসকেরা, নিজেদের স্বৈরশাসনকে পাকাপোক্ত করার প্রয়োজনে। মার্কিন আধিপত্যের বিরুদ্ধে প্রতিবাদ তো উঠবেই, উঠেছে ধর্মীয় জঙ্গিদের কাছ থেকে, যাদের একসময়ে উৎসাহ প্রদান করা হয়েছিল বামপন্থীদের ধ্বংস করার প্রয়োজনে। সাম্রাজ্যবাদবিরোধী লড়াই পরিণত হয়েছে ধর্মীয় জিহাদে।

ওদিকে আমেরিকার সক্রিয় উসকানিতে মধ্যপ্রাচ্যে মুসলমানদের মধ্যে শিয়া-সুন্নি সংঘর্ষ দেখা দিয়েছে। পাকিস্তানেও সে ব্যাধিকে ছড়িয়ে দেওয়া হয়েছে।

রাজনীতিতে তাই ধর্ম এসে যায়। পুঁজিবাদীরা ও সাম্রাজ্যবাদীরাই নিয়ে আসে; ধর্মের স্বার্থে নয়, নিজেদের বস্তুগত স্বার্থে। নিষ্পেষিত মানুষকে শান্ত রাখার উদ্দেশ্যেও তারা ধর্মকে ব্যবহার করে। আমেরিকার নিউইয়র্ক শহরের সবচেয়ে অনুন্নত যে এলাকা, যেখানে দরিদ্র শ্রমজীবীদের বসবাস; সেখানে গেলে দেখা যায় সবকিছুই নোংরা ও বিষণ্ন, কেবল দুটি ভবন ছাড়া; একটি হচ্ছে উপাসনালয়, অপরটি পানশালা। দুটিতেই মাদকের সরবরাহ চলে। একটি ধর্মীয় তৃপ্তির, অপরটিতে নগদ দামে কেনা উত্তেজনার। সেই সঙ্গে পুঁজিবাদ যে বিচ্ছিন্নতা তৈরি করছে, তার থেকে সাময়িক মুক্তিরও ব্যবস্থা করে দেওয়া হয়। উপাসনার মধ্য দিয়ে সৃষ্টিকর্তার সঙ্গে সম্পর্ক স্থাপনের যে অনুভূতি তৈরি হয়, তা ব্যক্তির বিচ্ছিন্নতা তো অবশ্যই, সেই সঙ্গে ক্ষমতাহীনতা ও হতাশার ভাব কাটাতেও সাহায্য করে। শাসনকর্তারা এভাবেই ধর্মকে ব্যবহার করা অত্যন্ত সুবিধাজনক হিসেবে দেখে।

এই কিছুদিন আগে লন্ডনের রাস্তায় দুজন ইসলাম ধর্মাবলম্বী বলে কথিত আফ্রিকান যুবক প্রকাশ্য দিবালোকে একজন তরুণ ব্রিটিশ সৈন্যকে হত্যা করেছে। ওই কাজের সময় তারা 'আল্লাহু আকবর' ধ্বনি দিয়েছে, যাতে সবাই বুঝতে পারে যে তারা মুসলমান। কেন এ কাজ করল–দুজনের একজন তার ব্যাখ্যাও দিয়েছে। ব্যাখ্যাটা এই যে, ব্রিটিশ সৈন্যরা মধ্যপ্রাচ্যে মুসলমানদের হত্যা করছে। কাজটার জন্য মন্ত্রী-প্রধানমন্ত্রীরাই দায়ী, কিন্তু তাঁদের যেহেতু হাতের কাছে পাওয়া যাচ্ছে না, তাই ওই সৈন্যটিকে হত্যা করে তারা রাজনৈতিক নেতাদের কাছে এই বার্তা পৌঁছে দিতে চায় যে, মুসলমানদের ওপর অত্যাচার না থামালে এ ধরনের প্রতিশোধ গ্রহণ চলতে থাকবে।

ওই যুবকটি জন্মসূত্রে মুসলমান নয়; সে ধর্মান্তরিত। ধর্মান্তরিত হয়ে সে তার মনস্তাত্ত্বিক বিচ্ছিন্নতা ঘুচিয়েছে এবং তার ভেতর ক্ষমতার একটি বোধ জন্মেছে, যেটিকে সে প্রকাশ্যে প্রদর্শন করেছে। সে ভাবেনি যে সে কোনো পাপ করেছে; বরং তার ধারণা হয়েছে যে, সে একজন পাপীকে শাস্তি দিয়ে পুণ্য সঞ্চয় করেছে। সাম্প্রদায়িক সহিংসতার পেছনে এ ধরনের মনোভাব কাজ করে থাকে।

সম্প্রদায়ে-সম্প্রদায়ে বিরোধের মূল কারণটি রাজনৈতিক, যার সঙ্গে রাষ্ট্র জড়িত থাকে। সে জন্যই রাষ্ট্রের পক্ষে ধর্মনিরপেক্ষ হওয়া আবশ্যক। রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতা সাম্প্রদায়িক সংঘর্ষের প্রতিরোধক বৈকি। কিন্তু সেটিই প্রধান কারণ নয়, যে জন্য রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতা প্রয়োজন। মূল কারণ হলো, রাষ্ট্র হচ্ছে নাগরিকদের স্বার্থরক্ষার প্রতিষ্ঠান। রাষ্ট্র সব নাগরিককে সমান চোখে দেখবে—এটিই প্রত্যাশিত। তেমন আচরণ অবশ্য কোনো রাষ্ট্রই করে না।

রাষ্ট্রমাত্রই রাষ্ট্রশাসকদের স্বার্থ দেখে। গণতান্ত্রিক রাষ্ট্রে সব নাগরিকের ভেতর অধিকার ও সুযোগের সাম্য প্রতিষ্ঠা করবে—এমন অঙ্গীকার বেশ জোর গলায় ব্যক্ত করা হয়ে থাকে। কিন্তু রাষ্ট্র তা মান্য করে না। না করুক, তবু এমনকি বুর্জোয়া গণতন্ত্রও যদি কায়েম করতে হয় তাহলেও রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতা হবে একেবারে প্রাথমিক পদক্ষেপ।

কারণটি সোজা। রাষ্ট্র তো ব্যক্তি নয়, রাষ্ট্রের স্বঘোষিত পরিচয় হলো নাগরিকদের জন্য গড়ে তোলার প্রতিষ্ঠান। ব্যক্তির ধর্ম থাকতে পারে, থাকেও; কিন্তু রাষ্ট্র যদি কোনো বিশেষ ধর্মে 'বিশ্বাসী' হয়, তাহলে তো তার সর্বজনীনতা একেবারে শুরুতেই নাকচ হয়ে গেল। সে যে নিরপেক্ষ থাকবে না, বিশেষ একটি ধর্মের প্রতি তার পক্ষপাত রয়েছে, এটি তো সে জানিয়েই দিচ্ছে। তা হলে?

এ রকম একটি ধারণা প্রচলিত আছে, বিশেষ করে আমাদের এই উপমহাদেশে, যে রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতার অর্থ হলো সব ধর্মকে রাষ্ট্রের পক্ষ থেকে সমান মর্যাদাদান। আশা করা হয় যে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র কোনো বিশেষ ধর্মের প্রতি আনুকূল্য প্রদর্শন করবে না। এর অর্থ প্রকারান্তরে দাঁড়ায় যে সব ধর্মকেই সমপরিমাণে উৎসাহ প্রদান করা হবে। এ ধারণাটি কিন্তু সম্পূর্ণ ভ্রান্ত। ধর্মনিরপেক্ষতার সরল অর্থ, রাষ্ট্রের ধর্মহীনতা। রাষ্ট্রের নাগরিকদের যার যার ধর্ম তার তার, রাষ্ট্র ধর্মাচরণে বাধা দেবে না, আবার উৎসাহও যে দেবে তা-ও নয়; রাষ্ট্র সম্পূর্ণরূপে উদাসীন থাকবে। উপমহাদেশের তিনটি রাষ্ট্রের মধ্যে পাকিস্তান ঘোষিতরূপেই ধর্মনিরপেক্ষ নয়, নিজেকে সে সরাসরি ইসলামি রাষ্ট্রই বলে থাকে এবং ধর্মীয় সংখ্যালঘুদের সঙ্গে এমন আচরণে অভ্যস্ত যে তারা অনেকেই প্রাণভয়ে ইতিমধ্যে জন্মভূমি ত্যাগ করতে বাধ্য হয়েছে। ভারত অবশ্য ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে পরিচিত। কিন্তু সেখানে হিন্দু রাষ্ট্র প্রতিষ্ঠায় অঙ্গীকারবদ্ধ রাজনৈতিক দল রাষ্ট্রক্ষমতাও কবজা করে ফেলেছে। ভারতে সাম্প্রদায়িক দাঙ্গা হয় এবং মুসলমান সম্প্রদায়ের সদস্যরা যে সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে বৈষম্যের শিকার হয় না, এমন নয়। বাংলাদেশের ব্যাপারটি ভিন্ন। এই রাষ্ট্রের অভ্যুদয় একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র হিসেবে। কিন্তু সেই চরিত্র সে রক্ষা করতে পারেনি। রাষ্ট্রীয় মূলনীতি থেকে ধর্মনিরপেক্ষতা ছাঁটাই হয়ে গেছে। এখানে ধর্ম মন্ত্রণালয় তো আছেই, রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে সাংবিধানিক স্বীকৃতিও দেওয়া হয়েছে। উপমহাদেশের শাসকশ্রেণি ধর্মকে রাজনৈতিকভাবে ব্যবহার করার অভ্যাস এখনো ছাড়তে পারেনি।

যাকে আমরা ধর্মনিরপেক্ষতা বলছি, তার একটি রাজনৈতিক চরিত্র যেমন আছে, তেমনি রয়েছে একটি দার্শনিক দিক। রাজনৈতিকভাবে ধর্মনিরপেক্ষতার অর্থ রাষ্ট্রের ধর্মহীনতা; দার্শনিকভাবে ধর্মনিরপেক্ষতার অর্থটি হলো ইহজাগতিকতা। ধর্মনিরপেক্ষতাকে ইংরেজিতে বলে সেক্যুলারিজম। ধারণাটি ইউরোপ থেকেই এসেছে, সেক্যুলারিজম নামটিও সেখানকারই। সেক্যুলারিজমের বাংলা ইহজাগতিকতাই সংগত হতো, কিন্তু রাষ্ট্রের গুরুত্ব বিবেচনা করেই হয়তো সেক্যুলারিজমের নামকরণ ধর্মনিরপেক্ষতা দাঁড়িয়েছে। রাষ্ট্রকে ধর্মনিরপেক্ষ করা চাই, এটিই হয়তো আকাঙ্ক্ষা।

ইউরোপে ধর্মনিরপেক্ষতার আবির্ভাব মধ্যযুগের শেষে, রেনেসাঁর কালে। মধ্যযুগ ছিল খ্রিষ্টীয় ধর্মশাসনের কাল : সময়টিকে অন্ধকারের যুগ বলেও অতিশয় সংগত কারণেই অভিহিত করা হয়ে থাকে। যুগটি ছিল ঈশ্বরকেন্দ্রিক, রেনেসাঁস সেখানে নিয়ে এল মানবকেন্দ্রিকতা। বলা হলো ঈশ্বর আছেন, তিনি থাকবেনও, তবে থাকবেন তাঁর নিজের জায়গাতেই; তাঁকে ভক্তি-শ্রদ্ধা সবই জানানো হবে, কিন্তু ইহজগতে মানুষই প্রধান, এই জগৎ মানুষেরই জগৎ। ধর্মীয় শাসনের অন্ধকার যুগে বিধানটি ছিল এমন যে মানুষ তার জীবনের চরিতার্থতা খুঁজে পাবে ঈশ্বরের ইচ্ছাপূরণের মধ্যে। নতুন যুগের প্রত্যয়টা দাঁড়াল জ্ঞানে-বিজ্ঞানে উন্নয়নে-উদ্ভাবনায় ইহজগৎকে সুন্দর ও সমৃদ্ধ করা চাই। কেননা, মানুষের মনুষ্যত্বের সার্থকতা ওখানেই নিহিত রয়েছে।

ঈশ্বর নয়, মানুষই হয়ে উঠল সবকিছুর মাপকাঠি। ফলে এমন সব অর্জন সম্ভব হলো, পূর্বকালে যা ছিল অকল্পনীয়। পুঁজিবাদ এগোতে থাকল, শিল্পবিপ্লব ঘটল। মানুষের মনুষ্যত্ব বিকশিত হওয়ার সুযোগ পেল। কিন্তু মুক্তি তো সবার জন্য এল না। পুঁজিবাদের প্রতিষ্ঠা মালিক-শ্রমিক ব্যবধান তৈরি করল। সমস্যা দাঁড়াল ওই বৈষম্য নিয়েই। অষ্টাদশ শতাব্দীতে ফরাসি বিপ্লব বৈষম্য দূর করবে বলে আশা করেছিল। কিন্তু বৈষম্য দূর হলো না, যার জন্য বিংশ শতাব্দীতে রুশ বিপ্লব ঘটেছে। ইহজাগতিকতা মানুষের জন্য মানসিক ও কারও কারও জন্য ইহজাগতিক মুক্তি এনেছে, কিন্তু সব মানুষের জন্য অর্থনৈতিক মুক্তি যে নিশ্চিত করবে, তা পারেনি।

লেখক : ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়।

জেলহত্যা : অমানিশার আঁধার

জাহীদ রেজা নূর

আওয়ামী লীগের প্রবীণ নেতাদের অধিকাংশই ৬ দফার বিরোধিতা করেছিলেন। এই প্রবল বিরোধিতার সময়ই সম্ভবত আওয়ামী লীগের নতুন নেতৃত্ব দাঁড়িয়ে যায় এবং সেখান থেকেই আমরা সামনের সারির নেতা হিসেবে সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী ও আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামানকে পাই।

১৯৭৫ সালের ৩ নভেম্বর এসেছিল একই বছরের ১৫ আগস্টের হাত ধরে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করার পর আওয়ামী লীগের নেতা খন্দকার মোশতাক আহমদ দেশের রাষ্ট্রপতি হন। আওয়ামী লীগের নেতাদের অনেকেই তখন আত্মগোপন করেন, অনেকেই মোশতাকের অবৈধ ক্ষমতাদখল মেনে নেন। জেলহত্যার শিকার চার নেতা পালিয়ে যাননি, মোশতাক-মন্ত্রিসভায় যোগও দেননি। বঙ্গবন্ধুর পর তাঁরাই যে দেশের চালিকাশক্তি, সে কথা জানত এই অপশক্তি। তাই তারা এই চারজনকে বন্দী করে জেলখানায় রাখে।

মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করা হয়েছিল এবং তাঁকে ফাঁসি দেওয়ার সব আয়োজন সম্পন্ন করেছিল পাকিস্তানি জান্তা। সে সময় সুদক্ষভাবে বাংলাদেশ সরকার পরিচালনা করার কৃতিত্ব এই চার নেতার ওপরই বর্তায়। তাঁরা তা সফলভাবে পালন করেন।

মূলত হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নিয়মতান্ত্রিক রাজনীতির ওপর আস্থা রেখেই এগিয়েছে আওয়ামী লীগ। ১৯৬৩ সালে সোহরাওয়ার্দীর মৃত্যুর পর ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট বা এনডিএফ থেকে বের হয়ে আওয়ামী লীগের পুনরুজ্জীবন একটি যুগান্তকারী ঘটনা। ১৯৬৪ সালে যখন আওয়ামী লীগ পুনরুজ্জীবিত হলো, তখন থেকে আওয়ামী রাজনীতিতে একটা নতুন মাত্রা যোগ হয়েছিল। এ সময়েই শেখ মুজিব মূলত পূর্ব বাংলার সবচেয়ে জনপ্রিয় জাতীয় নেতা হয়ে উঠছিলেন।

রাজনৈতিক নেতা হিসেবে শেখ মুজিবুর রহমানের ঔজ্জ্বল্য এতটাই ছিল যে, অন্য নেতারা সে আলোয় ম্লান হয়ে যেতেন। পুনরুজ্জীবিত আওয়ামী লীগ আসলে ছিল তারুণ্যে ভরপুর এক আওয়ামী লীগ। শহীদ চার নেতাকে বুঝতে হলে এ কথাও বুঝতে হবে আগে।

সে সময় আওয়ামী লীগের প্রবীণ নেতাদের মধ্যে ছিলেন আতাউর রহমান খান, জহিরুদ্দিন হোসেন, আবদুস সালাম খান, আবদুল জব্বার খদ্দর, খাজা খয়রাত হোসেন, যশোরের মশিউর রহমান, রাজশাহীর মজিবুর রহমান, কুষ্টিয়ার সা'দ আহমদ প্রমুখ। তাঁদের অনেকেই চাননি আওয়ামী লীগ এনডিএফ থেকে বেরিয়ে একক দল হিসেবে আবার কাজ করুক। ইত্তেফাক সম্পাদক মানিক মিয়াও তাঁদের প্রতি সহানুভূতিশীল ছিলেন। শেখ মুজিব তাতে বিচলিত হয়ে পড়েছিলেন। ইত্তেফাকের সমর্থন ছাড়া আওয়ামী লীগ পুনরুজ্জীবিত করা যাবে না। তিনি তাঁর বন্ধু ইত্তেফাকের বার্তা সম্পাদক সিরাজুদ্দীন হোসেনকে আশঙ্কার কথা জানালেন। সিরাজুদ্দীন হোসেন মানিক মিয়াকে এড়িয়েই আওয়ামী লীগের পুনরুজ্জীবনের কথা ছেপে দিলেন।



সে অন্য গল্প, কিন্তু ইতিহাসের জন্য তা খুবই গুরুত্বপূর্ণ একটি অধ্যায়।

এরপর বঙ্গবন্ধুর ৬ দফা। আওয়ামী লীগের প্রবীণ নেতাদের অধিকাংশই ৬ দফার বিরোধিতা করেছিলেন। এই প্রবল বিরোধিতার সময়ই সম্ভবত আওয়ামী লীগের নতুন নেতৃত্ব দাঁড়িয়ে যায় এবং সেখান থেকেই আমরা সামনের সারির নেতা হিসেবে সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী ও আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামানকে পাই।

১৯৬৬ সালের ১৮ থেকে ২০ মার্চ পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশন হয়, তাতে সভাপতি নির্বাচিত হন শেখ মুজিবুর রহমান। এর আগে ১৫ বছর তিনি ছিলেন পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। সাধারণ সম্পাদক হন তাজউদ্দীন আহমদ। দলের সহসভাপতি হন সৈয়দ নজরুল ইসলাম। যশোরের মশিউর রহমান নয়া কর্মকর্তাদের নামের প্যানেল পাঠ করেন এবং পাবনার মনসুর আলী পূর্ণাঙ্গ প্যানেল সমর্থন করেন।

তাজউদ্দীন আহমদ তাঁর নিখুঁত মেধা ও পর্যবেক্ষণ কাজে লাগিয়ে রাজনীতির মাঠে শেখ মুজিবুর রহমানের সবচেয়ে ঘনিষ্ঠজনে পরিণত হন। ১৯৭০ সালের নির্বাচন পেরিয়ে জাতি যখন নতুন যুগ-সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছিল, তখনই বঙ্গবন্ধুর প্রতি আনুগত্য এবং নিজেদের মেধাবী উপস্থিতি দিয়ে তাঁরা রাজনীতির মাঠের সবচেয়ে উল্লেখযোগ্য খেলোয়াড় হয়ে উঠেছেন। নির্বাচনে বিজয়ের পর ইত্তেফাকের শিরোনাম হলো, 'কেন্দ্রে শেখ মুজিব ও প্রদেশে ক্যাপ্টেন মনসুর আলী নেতা নির্বাচিত'। ১৯৭১ সালের মার্চ মাসে অসহযোগ আন্দোলন চলার সময় এই চার নেতাই ছিলেন বঙ্গবন্ধুর সঙ্গী।

দুই

ওপরের আলোচনার পথ ধরে এগোলে আমরা জেলহত্যার অর্থ বুঝতে পারব। ১৯৬৪ সালে আওয়ামী লীগের পুনরুজ্জীবন না হলে এনডিএফের আওতায় থেকে দেশের বিরোধীদলীয় রাজনীতিতে দলটি তেমন কোনো অবদান রাখতে পারত না। পুনরুজ্জীবনের পথ ধরেই আওয়ামী লীগে এল নতুন নেতৃত্ব, তাঁরাই হাল ধরলেন, হয়ে উঠলেন বঙ্গবন্ধুর ভরসাস্থল। খন্দকার মোশতাক আহমদও ছিলেন এই দলে। কিন্তু তাঁর ভিন্ন দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া গিয়েছিল একাত্তরের মুক্তিযুদ্ধের সময় থেকেই। মার্কিনদের সঙ্গে আঁতাত করতে চেয়েছিলেন তিনি। নিয়তির পরিহাস হলো, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তনের পর তাজউদ্দীন আহমদকে দূরে সরিয়ে রাখলেন। এই ফাঁকে খন্দকার মোশতাক সরকারের মধ্যে থেকেই সরকারবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হলেন। দেশি-বিদেশি চক্রান্তের ফল হিসেবে একদল উচ্ছৃঙ্খল সেনাসদস্য হত্যা করল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। খন্দকার মোশতাক হাতে তুলে নিলেন ক্ষমতা।

তিন

যে চার নেতাকে জেলখানায় হত্যা করা হলো, তাঁদের গ্রেপ্তার করা হয়েছিল ২৩ আগস্ট। সেই থেকে তাঁরা জেলে ছিলেন। কোনো কারণে ক্ষমতার পরিবর্তন হলে এই নেতারা দেশকে আবার মুক্তিযুদ্ধের মূল স্রোতে ফিরিয়ে নেওয়ার ক্ষমতা রাখেন, সে কথা জানত এই খুনি চক্র। এ কারণেই অভ্যুত্থান-পাল্টা অভ্যুত্থানের সময়টিতে ২ নভেম্বর পেরিয়ে রাত দেড়টা থেকে দুইটার মধ্যে ঢাকা কেন্দ্রীয় কারাগারের সামনে একটা পিকআপ থেমেছিল। নেমেছিল কয়েকজন সেনাসদস্য। জেলার আমিনুর রহমানকে কারা মহাপরিদর্শক ফোন করে দ্রুত আসতে বলেছিলেন। মূল ফটকে সৈন্যদের দেখলেন তিনি। সেনাসদস্যরা কারা মহাপরিদর্শককে একটা কাগজ দিলেন। বেজে উঠল আমিনুল ইসলামের ঘরের ফোন। ও প্রান্ত থেকে বলা হলো, প্রেসিডেন্ট কথা বলবেন আইজি সাহেবের সঙ্গে। আইজি সাহেবকে খবর দিলেন আমিনুর রহমান। আইজি সাহেবকে প্রেসিডেন্ট মোশতাক বলেছেন, 'আর্মি অফিসাররা যা চায়, সেটা তোমরা করো।'

চার নেতাকে একত্র করার নির্দেশ আসে। সৈয়দ নজরুল ইসলাম ও তাজউদ্দীন আহমদ কারাগারের এক কক্ষে ছিলেন। ক্যাপ্টেন মনসুর আলী ও এ এইচ এম কামারুজ্জামানকে অন্য কক্ষ থেকে এখানে আনা হয়। ক্যাপ্টেন মনসুর আলী পোশাক পাল্টে নেন। তাজউদ্দীন আহমদ কোরআন পড়ছিলেন। তাঁদের একত্র করার ক্ষেত্রে কিছুটা সময় লাগলে গালিগালাজ করছিল সৈন্যরা। তাঁদের এক ঘরে আনার পর মুহুর্মুহু গুলিবর্ষণে হত্যা করা হয়। সেই অমানিশার আঁধার এখনো কাটেনি।

TUITION FREE TAX SCHOOL *

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation
Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : 718-297-3500

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com
(তাজমহল রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave.
Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন বুলবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মেসি

(সাটফিন বুলবার্ড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

‘বাংলাদেশ মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ’

উত্তর আমেরিকা অফিস

‘বাংলাদেশ মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার নীতিগুলোর প্রতি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। যার প্রতিফলন দেখা যায় জাতিসংঘের মানবাধিকার ব্যবস্থাপনার সঙ্গে আমাদের বিদ্যমান নিবিড় সম্পৃক্ততার মাধ্যমে।’

গত ২৯ অক্টোবর জাতিসংঘ সাধারণ পরিষদে মানবাধিকার কাউন্সিলের রিপোর্টের ওপর আয়োজিত এক সাধারণ বিতর্কে বক্তব্য প্রদানকালে এ কথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

রাষ্ট্রদূত বলেন, মানবাধিকার কাউন্সিলের সদস্য হিসেবে বাংলাদেশ কাউন্সিলের দায়িত্ব ও কাজে সক্রিয়ভাবে নিয়োজিত ও সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ।

রোহিঙ্গা ইস্যুটিকে সর্বোচ্চ অগ্রাধিকারভুক্ত এজেন্ডায় রাখা এবং কাউন্সিলের ৪৭তম সেশনে সর্বসম্মতিতে এ বিষয়ক একটি রেজুলেশন গ্রহণ করার জন্য মানবাধিকার কাউন্সিলের প্রশংসা করেন রাষ্ট্রদূত ফাতিমা। মিয়ানমারে নিযুক্ত বিশেষ র‍্যাপোটিয়ার ও স্বাধীন তদন্ত ব্যবস্থার কাজ এবং ভূমিকারও প্রশংসা করেন তিনি। রাষ্ট্রদূত ফাতিমা রোহিঙ্গাদের নিরাপদ, স্বপ্রণোদিত ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা এবং মিয়ানমারে তাদের নিজ ভূমিকে বৈষম্য ও নিপীড়নমুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে কাউন্সিলের প্রতি আহ্বান জানান।

মানবাধিকার কাউন্সিল গৃহীত রেজুলেশনে কোভিড-১৯ ভ্যাকসিনের ন্যায়সংগত, সাশ্রয়ী, সময়োপযোগী এবং বৈশ্বিক প্রাপ্যতা নিশ্চিত করার বিষয়টি তুলে ধরা হয়েছে মর্মে উল্লেখ করে রেজুলেশনটিকে স্বাগত জানান রাষ্ট্রদূত ফাতিমা। কোভিড-১৯ সৃষ্ট ক্রমবর্ধমান অসমতাসহ এর আর্থসামাজিক প্রভাব মোকাবিলায় পদক্ষেপ গ্রহণে কাউন্সিলের প্রতি আহ্বান জানান তিনি। দক্ষিণের উন্নয়নশীল দেশগুলো কোভিড-১৯ ভ্যাকসিনে ন্যায়সংগত ও সময়োপযোগী প্রবেশাধিকার পাচ্ছে না মর্মে উদ্বেগ প্রকাশ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। এ প্রসঙ্গে অভিবাসীদের প্রতি সব ধরনের বৈষম্য বিলোপ ও তাদের কোভিড ভ্যাকসিনের প্রাপ্যতা নিশ্চিত করার ওপর জোর দেন তিনি।

রাষ্ট্রদূত ফাতিমা জলবায়ু পরিবর্তন ও মানবাধিকার সংক্রান্ত রেজুলেশন গ্রহণকে স্বাগত জানান। জলবায়ুজনিত বাস্তুচ্যুতির দিকে বাড়তি মনোযোগ দিতে কাউন্সিলের প্রতি আহ্বান জানান তিনি, যা বাংলাদেশসহ জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য একটি বড় উদ্বেগের বিষয়।

নারী ও শিশুদের ওপর কোভিডের অসামঞ্জস্যপূর্ণ প্রভাবের বিষয়ে উদ্বেগ জানিয়ে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, ‘আমরা উদ্বিগ্ন যে অনেক উন্নয়নশীল দেশে স্কুল বন্ধ হয়ে যাওয়ায় ঝরে পড়ার হার বেড়েছে এবং মেয়েরা বাল্য বিয়ে, সহিংসতা ও নির্যাতনের উচ্চ ঝুঁকির মধ্যে পড়েছে।’ অতিমারির প্রভাব মোকাবিলা করে লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়নের অগ্রগতি সাধনে কাউন্সিল যাতে নতুন করে মনোযোগ দেয় সে বিষয়ে আহ্বান জানান তিনি।

কাউন্সিল গৃহীত কর্মপ্রক্রিয়া এবং সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে পারস্পরিক আস্থা ও বিশ্বাস বৃদ্ধি এবং সহযোগিতামূলক মনোভাবের মাধ্যমে মানবাধিকার সমুন্নত রাখার বিষয়টি এগিয়ে নেওয়ার জন্য আহ্বান জানান রাষ্ট্রদূত ফাতিমা।

জাতিসংঘ সাধারণ পরিষদে মানবাধিকার কাউন্সিলের সভাপতি রাষ্ট্রদূত নাজহাত শামীম খান এ রিপোর্ট উপস্থাপন করেন।

ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১ এর ফার্স্ট ভাইস চেয়ারম্যান হলেন শাহজাহান

উত্তর আমেরিকা অফিস

শাহজাহান শেখ

ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১-এর ফার্স্ট ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন শাহজাহান শেখ। গত ২৮ অক্টোবর অনুষ্ঠিত বোর্ড সভায় সদস্যদের সরাসরি ভোটে তিনি নির্বাচিত হন।

জানা গেছে, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১ এর সভায় সদস্যদের সরাসরি ভোটে আলিন পার্ক চেয়ারপারসন ও এডি মারু সেকেন্ড ভাইস চেয়ারপারসন হিসেবে নির্বাচিত হন।

স্থানীয় সিটি কাউন্সিল মেম্বার সালামাংকা জুনিয়র ও ব্রঙ্কস বরো কর্মকর্তা প্রড্রি টিলিডোসহ অন্য বোর্ড মেম্বাররা ব্রঙ্কস কাউন্টি কমিউনিটি বোর্ড ১-এর নবনির্বাচিত কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছেন।

স্থানীয় আইনশৃঙ্খলা, নির্বাচিত প্রতিনিধির পরামর্শ, ভূমি ব্যবহারসহ জনকল্যাণমূলক বহু সিদ্ধান্ত কমিউনিটি বোর্ডে গ্রহণ করা হয়। কমিউনিটি বোর্ড সদস্যরা স্থানীয় সিটি কাউন্সিল মেম্বার, অ্যাসেম্বলিম্যান, স্টেট সিনেটরদের সুপারিশক্রমে বরো প্রেসিডেন্ট দুই বছরের জন্য এ মনোনয়ন দেন এবং প্রতি দুই বছর অন্তর তিনি তা নবায়ন করেন।

কমিউনিটি অ্যাকটিভিস্ট শাহজাহান শেখ ২০১৭ সাল থেকে এই বোর্ডের একজন সক্রিয় সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। বোর্ডের কার্যক্রমে তিনি সক্রিয় অবদান রেখে আসছেন।

শাহজাহান শেখ দীর্ঘদিন থেকে ব্রঙ্কসে বসবাস করছেন এবং স্থানীয় বিভিন্ন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করে আসছেন। শাহজাহান শেখের বাড়ি গাজীপুরের কাপাসিয়ায়।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD

Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।
PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

অভিষেক অনুষ্ঠানে সমিতির নতুন কমিটির সদস্যরা

কুষ্টিয়া জেলা সমিতির নতুন কমিটির অভিষেক

উত্তর আমেরিকা অফিস

কুষ্টিয়া জেলা সমিতির নতুন কমিটির অভিষেক ও শপথ অনুষ্ঠিত হয়েছে। গত ৩১ অক্টোবর ব্রঙ্কসের স্টার্লিং অ্যাভিনিউয়ে নীরব রেস্টুরেন্টের পার্টি হলে আয়োজিত ওই অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান সংগঠনের ট্রাস্ট্রি বোর্ডের সিনিয়র সদস্য মো. গিয়াস উদ্দিন। তাঁর সঙ্গে ছিলেন মাসুদুল ইসলাম লিপু, মোহাম্মদ হাফিজুর রহমান, মো. হালিম চৌধুরী, উপদেষ্টা নাজমুল আহসান ও মোহাম্মদ ইকবাল হোসেন।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। তিলাওয়াত করেন মাহাথির জামান মাহিম।

সংগঠনের সভাপতি মো. আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নাজমুল আহসান ও রওশন হাসান। অনুষ্ঠান পরিচালনা করেন অভিষেক কমিটির আহ্বায়ক মো. জিয়াউর রহমান, সদস্যসচিব আবদুল্লাহ যুবায়ের ও সমন্বয়কারী মো. শাহীন আলম।

স্বাগত বক্তব্য রাখেন উপদেষ্টা নাজমুল আহসান এবং কুষ্টিয়া জেলা সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল আলম, জামান মাহামুদ প্রমুখ। কবিতা আবৃত্তি করেন সমিতির সাহিত্য সম্পাদক রওশন হাসান ও জান্নাতুল ফেরদৌস এবং অতিথি জুলি রহমান।

আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন প্রধান অতিথি আই আর এস এনরোলড এজেন্ট এবং বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ওয়াসি চৌধুরী, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আবদুর রহিম হাওলাদার, সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকি, সিনিয়র সভাপতি প্রার্থী মোহাম্মদ মহিউদ্দীন দেওয়ান, সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী, কমিউনিটি নেতা হাসান আলী, যশোর জেলা সমিতির সাধারণ সম্পাদক ও ম্যানহাটন বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি তরিকুল ইসলাম বাদল, ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতির সভাপতি এইচ এম ইকবাল হোসেন, ব্রঙ্কস বাংলাদেশ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি এ ইসলাম মামুন, কমিউনিটি নেতা মঞ্জুর চৌধুরী জগলু, মোহাম্মদ হাসান, নাটোর জেলা সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ হামিদ, ব্রুকলিন ফুটবল ফেডারেশনের প্রেসিডেন্ট জাফর, বাংলাদেশ সোসাইটির নেতা আহসান হাবিব, সামাদ মিয়া, দুলাল মিয়া, জুনেদ চৌধুরী, শামীম মিয়া প্রমুখ।

অনুষ্ঠানে অতিথিদের কমিউনিটিতে অবদান রাখায় বিশেষ সম্মাননা অ্যাওয়ার্ড দেওয়া হয়। এ প্রজন্মের সন্তানদের নানা কৃতিত্বের জন্য তাদের হাতেও অ্যাওয়ার্ড তুলে দেওয়া হয়। এ ছাড়া কুষ্টিয়া জেলা সমিতিতে বিশেষ ভূমিকা রাখায় ট্রাস্টি ও উপদেষ্টাদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

ব্রুকলিনে ‘নয়ন-আলী’ প্যানেলের সমাবেশ

উত্তর আমেরিকা অফিস

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার মূলধারায় প্রবাসী বাংলাদেশিদের স্বার্থ প্রতিষ্ঠার অঙ্গীকারের মধ্য দিয়ে নিউইয়র্কের ব্রুকলিনে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘নয়ন-আলী’ প্যানেলের নির্বাচনী সমাবেশ।

গত ২৫ অক্টোবর রাতে ব্রুকলিনে রাঁধুনি রেস্টুরেন্টে এ নির্বাচনী সমাবেশে ‘নয়ন-আলী’ প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেওয়া হয়।

ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটি আয়োজিত সমাবেশ থেকে সোসাইটির নির্বাচন কমিশনের প্রতি নিরপেক্ষভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে বক্তারা বলেন, নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হলে নয়ন-আলী পরিষদের বিজয় সুনিশ্চিত। বাংলাদেশ সোসাইটির বহুল আলোচিত এ নির্বাচন আগামী ১৪ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

সমাবেশে ‘নয়ন-আলী’ প্যানেলের সদস্যরা

কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন ইউএসএর সাবেক সভাপতি আবদুল মালেকের সভাপতিত্বে ও বাংলাদেশ সোসাইটি ইন্‌ক-এর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘নয়ন-আলী’ পরিষদের ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটির সদস্যসচিব মো. জাহাঙ্গীর সরকার এবং ‘নয়ন-আলী’ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটির যুগ্ম সদস্যসচিব মাকসুদুল হক চৌধুরীর পরিচালনায় সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন—জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক-এর সাবেক সভাপতি বদরুল এইচ খান, বৃহত্তর কুমিল্লা সমিতির সাবেক সভাপতি ফিরোজুল ইসলাম পাটোয়ারী, ‘নয়ন-আলী’ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আবু নাসের ও প্রধান উপদেষ্টা আলী ইমাম শিকদার, বাংলাদেশ সোসাইটির সাবেক সহসভাপতি নজরুল ইসলাম, সোসাইটির সভাপতি প্রার্থী কাজী আশরাফ হোসেন (নয়ন), সিনিয়র সহসভাপতি প্রার্থী আবদুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী, চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি কাজী শাখাওয়াত হোসেন আজম, সভাপতি মনির আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক মো. সেলিম, সন্দ্বীপ সমিতির সাবেক সাধারণ সম্পাদক রফিকুল মাওলা, সহসভাপতি হেলাল উদ্দিন, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সভাপতি মামুন মিয়াজী, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সহসভাপতি সাইফুল ইসলাম লিটন, মিরসরাই সমিতির সভাপতি মেসবাহ উদ্দিন, সাবেক সাধারণ সম্পাদক জি এম ফারুক, কাওসার চৌধুরী, ব্যবসায়ী আহসান হাবিব, কমিউনিটি অ্যাকটিভিস্ট ফিরোজ আহমেদ, সালেহ আহমেদ মানিক, গৌছ উদ্দিন খান, রেজাউল করিম চৌধুরী, ইউনুস সরকার, মো. সোহরাব হোসেন, আবু মুসা, আবু নওশাদ, নূরে আলম বিপু, বদরুল খান বাদল, আওলাদ হোসেন, হুমায়ূন কবির, মো. গোলাম রকি প্রমুখ।

সমাবেশে ‘নয়ন-আলী’ পরিষদের কর্মী-সমর্থক ছাড়াও কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিসহ বিপুলসংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন।

সমাবেশে ‘নয়ন-আলী’ প্যানেলের প্রার্থীদের আনুষ্ঠানিকভাবে পরিচয় করিয়ে দেওয়া হয়। নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা আলী ইমাম শিকদার প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেন।

‘নয়ন-আলী’ প্যানেলের প্রার্থীরা হলেন—সভাপতি পদে কাজী আশরাফ হোসেন (নয়ন), সিনিয়র সহসভাপতি পদে আবদুর রহীম হাওলাদার, সহসভাপতি পদে মোহাম্মদ রেজাউল করীম (সগীর), সাধারণ সম্পাদক পদে মোহাম্মদ আলী, সহসাধারণ পদে সম্পাদক মোহাম্মদ দুলাল মিয়া, কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ জেড খান (ডিউক), সাংগঠনিক সম্পাদক পদে আহসান হাবিব, সাংস্কৃতিক সম্পাদক পদে মনিকা রায়, জনসংযোগ ও প্রচার সম্পাদক পদে শেখ হায়দার আলী, সমাজকল্যাণ সম্পাদক পদে আবুল কাশেম চৌধুরী, সাহিত্য সম্পাদক পদে মোহাম্মদ হাসান (জিলানী), ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদে মোহাম্মদ এইচ রশীদ (রানা), স্কুল ও শিক্ষা সম্পাদক পদে মো. সামাদ মিয়া (জাকের) এবং কার্যকরী সদস্য পদে মোহাম্মদ এম আলম, মোহাম্মদ এ সিদ্দিক, সাঈদুর আর খান (ডিউক) ও আহসান উল্লাহ (মামুন)।

জব হেল্প! জব হেল্প!!

- পোষ্ট অফিস জব, ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট, স্কুল সেফটি এজেন্ট, পুলিশ অফিসার, কারেকশন অফিসার এবং এমটিএ জব সহ আমেরিকার সব ধরণের সরকারী জব-এর এপ্লিকেশন এবং পরীক্ষায় পাশ করার জন্য হেল্প করা হয়।
- পোষ্টাল (United State Postal Service) জব একটি ফেডারেল জব। এই জব-এ সকল প্রকার সরকারী সুযোগ সুবিধা বিদ্যমান। খুব সহজে এবং অল্প সময়-এ এই জব পাওয়া সম্ভব।
- জব না হওয়া পর্যন্ত আমরা আনলিমিটেড সাহায্য করে থাকি।
- আমাদের লক্ষ্য একটি সঠিক জব পেতে আপনাকে সাহায্য করা। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

ফোন:৩৪৭-৪৫৯-০৫৪৫ (মন্ডল) (By Appointment Only)
Microsoft Certified System Engineer and
A Plus Certified Professional এবং সরকারী জব এ কর্মরত
৩৩-২৪ ৭৭ স্ট্রিট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক।

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
50 পারসেন্ট ডিসকাউন্টে সিপিএ'র
মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

TAX FILING 2020
WE DO ALL TYPES OF TAXES

50% REDUCTION IN FEES AS COVID-19 RELIEF

CONTACT
KALIANNA LAKSHMANAN, CPA, CISA
7232 BROADWAY, SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 347-592-9973; Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com

Law Office of Mahfuzur Rahman

Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্‌স
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

নিউইয়র্কে এশীয় জনসংখ্যা বাড়ছে

এইচ বি রিতা

২০১০ সাল থেকে নিউইয়র্ক শহরের পাঁচটি বরোর জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে এশিয়ানরা প্রধান জাতিগত গোষ্ঠী হিসেবে এগিয়ে আছে। কুইন্সের লং আইল্যান্ড সিটিতে এশিয়ার বাসিন্দাদের সংখ্যা পাঁচগুণ বৃদ্ধি পেয়েছে। ২০১৯ সালের আদমশুমারির তথ্য অনুযায়ী, তাদের মধ্যে তিনটি বৃহত্তম জাতিগোষ্ঠী হলো চীনা, জাপানি ও কোরিয়ান।

কুইন্সের পশ্চিম এলাকায় ম্যানহাটনের কাছেই লং আইল্যান্ড সিটি একটি বিস্তৃত জনসংখ্যাতাত্ত্বিক এলাকা। এখানে এশিয়ানরা একটি সমৃদ্ধ এশীয় জনসংখ্যা হিসেবে দেশের দ্রুততম বর্ধনশীল জাতিগোষ্ঠীতে পরিণত হয়েছে।

গত আগস্টে প্রকাশিত সেনসাস ব্যুরোর তথ্য অনুযায়ী, এশিয়ার বাসিন্দারা ২০১০ সাল থেকে নিউইয়র্ক সিটির মোট জনসংখ্যায় ৭ দশমিক ৭ শতাংশ বৃদ্ধির পেছনে নিয়ামক হিসেবে কাজ করেছে। দেশজুড়ে এশিয়ান হিসেবে চিহ্নিত প্রায় ২০ মিলিয়ন মানুষের একটি বিস্তৃত গোষ্ঠী ২০টিরও বেশি রাজ্যে তাদের অবস্থান গড়েছে। নর্থ ডাকোটা এবং কাছের রাজ্যগুলোতেও দ্রুত বৃদ্ধি পাচ্ছে এশীয় লোকজন। পশ্চিম ভার্জিনিয়াতে এশিয়ার জনসংখ্যা বেশ বৃদ্ধি পেয়েছে সাম্প্রতিক বছরগুলোতে। আদমশুমারির তথ্য অনুযায়ী, নিউইয়র্ক সিটির লং আইল্যান্ড শহরের বাসিন্দাদের মধ্যে এশিয়ানদের জনসংখ্যা ২০১০ সাল থেকে পাঁচগুণ বৃদ্ধি পেয়েছে। এশিয়ানরা একমাত্র প্রধান জাতিগোষ্ঠী যার জনসংখ্যা পাঁচটি বরোতে বৃদ্ধি পেয়েছে। জুন মাসে লং আইল্যান্ড সিটির প্রতিনিধিত্বকারী আসনসহ সিটি কাউন্সিলের জন্য রেকর্ড ছয়জন এশিয়ান-আমেরিকান প্রার্থী ডেমোক্রেটিক দলীয় প্রাইমারিতে জিতেছে।

আদমশুমারি তথ্য অনুযায়ী, চীন ও কোরিয়া থেকে শিক্ষার্থী এবং সাম্প্রতিক গ্র্যাজুয়েটদের আগমন-এই জনসংখ্যা বৃদ্ধির একটি কারণ বলে মনে করা হচ্ছে।

২৮ বছর বয়সী সফটওয়্যার ইঞ্জিনিয়ার জাইক ঝ্যাং স্নাতক স্কুলে পড়ার জন্য ২০১৫ সালে চীন থেকে নিউইয়র্ক রাজ্যে এসেছিলেন। তিনি বলেন, ‘আমি এখানে চলে এসেছি এবং এর জন্য কখনো দুঃখ পাইনি।’

লং আইল্যান্ড সিটির আরেক অংশ কুইন্সব্রিজ এলাকায় পাবলিক হাউজিং কমপ্লেক্সেও এশীয় জনসংখ্যা বাড়ছে। ২০১৯ সালে এশিয়ানরা হাউজিং কমপ্লেক্সের ভাড়াটেদের ১১ শতাংশ ছিল। চীন, কোরিয়া এবং বাংলাদেশ থেকে আসা অভিবাসীরা কুইন্সের লোয়ার ম্যানহাটন বা অ্যাস্টোরিয়ার মতো এলাকায় বসবাসের সামর্থ্য না থাকায় এদিকে চলে এসেছে। মহামারি চলাকালীন অনেকেই ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেন এবং শিক্ষার্থীরা শহরতলিতে ফিরে গেলে আশপাশ শূন্য হয়ে যায়।

ইকবাল চৌধুরী আর নেই

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের নর্থ ব্রঙ্কসে বসবাসরত ইকবাল চৌধুরী সাজু গত ৩০ অক্টোবর ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। সিলেটের ফেঞ্চুগঞ্জ ঘিলাছড়া নিবাসী এ প্রবাসী শারীরিক অসুস্থতায় ভুগছিলেন দীর্ঘদিন থেকে।

ইকবাল চৌধুরী

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। গত ৩১ অক্টোবর স্থানীয় মসজিদে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়েছে। জানাজায় প্রবাসের বিশিষ্টজন অংশগ্রহণ করেন। এলাকাবাসীর কাছে অত্যন্ত পরিচিত ইকবাল চৌধুরীর মৃত্যুতে অনেকেই শোক ও পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

‘সঠিক খাদ্যাভ্যাস সুস্বাস্থ্য গড়ে তোলে’

উত্তর আমেরিকা অফিস

কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি ইউএসএর জ্যামাইকাস্থ কার্যালয়ে নিয়মিত সাপ্তাহিক সাদাকায়ন অনুষ্ঠিত হয়েছে। গত ৩০ অক্টোবর নিউইয়র্ক সময় সকাল ১০টায় শুরু হওয়া মেডিটেশন সমৃদ্ধ এই অনুষ্ঠানের সঞ্চালনার দায়িত্বে ছিলেন কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির দায়িত্বশীল মো. রকিবুর রহমান।

‘সঠিক খাদ্যাভ্যাস সুস্বাস্থ্য গড়ে তোলে’ বিষয়ভিত্তিক এই আলোচনায় আলোচক ছিলেন সোসাইটির দায়িত্বশীল মো. এমদাদ উল্লাহ ভূঁইয়া।

আলোচনার শুরুতে আলোচক বলেন, আজকে আমরা নতুন ভাবে অনুভব করব যে, সুস্বাস্থ্যের জন্য সঠিক খাদ্যাভ্যাসের ভূমিকা কত এবং সেই সঠিক খাদ্যাভ্যাসটি আসলে কেমন। আমরাও কেউ কেউ আছি, যারা চোখের খিদের কারণে, জিভের স্বাদের কারণে এমন কিছু খাই, যা শরীরের জন্য আসলে ক্ষতিকর। গত বছর একটি পত্রিকা প্রতিবেদন করল যে, ইদানীং কী কী কারণে মানুষ অপমৃত্যুর শিকার হচ্ছে। তার মধ্যে সড়ক দুর্ঘটনা, পানিতে পড়ে ডুবে যাওয়া ছিল। আর ছিল কিছু রোগবালাইয়ের কথা, সেগুলোর মূল কারণ হিসেবে শনাক্ত করা হয়েছিল ভুল খাদ্যগ্রহণ এবং ভুল খাদ্যাভ্যাসকে। আসলে এই যে রোগ, এই যে জ্বরা তা এমনি এমনি আসে না। বিশেষত অসংক্রামক যত রোগ আছে, যেমন ডায়াবেটিস, হৃদ্‌রোগ—এগুলো আমাদের ভুল খাদ্যাভ্যাস এবং জীবনাচরণের কর্মফল।

তিনি বলেন, আসলে খাবারের কোনো অভাব আমাদের নেই। আমাদের অভাব সঠিক খাদ্যজ্ঞানের। একজন বলছিলেন যখন খিদে লাগে তখনই আমি খাই। আরেকজন বলছিলেন, যখন কোনো খাবার দেখে খেতে ইচ্ছে হয়, তখন খাই। সঠিক খাদ্যজ্ঞান যদি তাঁদের থাকত তাহলে তাঁরা দুজনেই বুঝতে পারতেন যে, এগুলো ভুল চর্চা। বরং নির্দিষ্ট সময়ে খাওয়া উচিত। তবে খাদ্যজ্ঞানী হওয়ার জন্য বড় বড় কিতাব পড়ার প্রয়োজন নেই। কী খাব আর কী খাব না, কখন খাব আর কখন খাব না, কীভাবে খাব আর কীভাবে খাব না—এটুকু জানতে পারলেই যথেষ্ট। কারণ, খাওয়ার জন্য বাঁচা নয়, বাঁচার জন্য আমরা খেতে চাই। খাবার হচ্ছে আমাদের শরীরের জ্বালানি। জ্বালানি ঠিক তো, গাড়ি চলার জন্য যেমন ফিট, তেমনি খাবার ঠিক তো আমাদের কর্মক্ষমতাও ঠিক।

বিষয়ভিত্তিক এই আলোচনায় আলোচক ছিলেন মো. এমদাদ উল্লাহ ভূঁইয়া

কোয়ান্টামের একটি জনপ্রিয় প্রকাশনা-কণিকা। তা থেকে উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, আজকে আমরা আহার পর্ব থেকে উল্লেখযোগ্য কয়েকটি পয়েন্ট আবার মনে করব।

এক নম্বর পয়েন্ট, সকালে ভরপেট নাশতা করুন, দুপুরে তৃপ্তির সঙ্গে খান আর সন্ধ্যার পর পরই রাতের হালকা খাবার গ্রহণ করুন। দেহের জন্য দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাবার হলো সকালের নাশতা।

দুই নম্বর পয়েন্ট, কী পরিমাণ খাবেন তা নির্ধারণ করবে আপনার পাকস্থলীর আয়তন। পাকস্থলীর এক-তৃতীয়াংশ খাবার ও এক-তৃতীয়াংশ পানীয় দ্বারা পূর্ণ করুন। বাকি এক-তৃতীয়াংশ ফাঁকা রাখুন। ওজোন নিয়ন্ত্রণে থাকবে।

তিন নম্বর পয়েন্ট, সপ্তাহে দুদিন শুধু নিরামিষ খান। গোশত মাসে চার দিনে সীমিত রাখুন।

চার নম্বর পয়েন্ট, দৈনন্দিন খাবার তালিকায় মাছ ও গোশতের পরিমাণ সীমিত এবং শাকসবজি পর্যাপ্ত রাখুন। শাকসবজি আধা সেদ্ধ করে খান। আধা সেদ্ধ শাকসবজি সহজে হজম হয়।

পাঁচ নম্বর পয়েন্ট, লেবুর খোসা প্রাকৃতিক হজমি। গুরুপাক খাবার খেয়ে ফেললে এক টুকরো লেবুর খোসা চিবিয়ে খান। শুধু খোসা নয়, লেবু পানিও অসাধারণ। লেবু পানি উপকারী, কিন্তু এমনি খাওয়ার পানি পানেরও কোনো বিকল্প নেই।

ছয় নম্বর পয়েন্ট, পুষ্টির জন্য নিয়মিত এক চা চামচ মধু, এক গ্লাস দুধ, একটি কলা ও একটি ডিম খান।

মেডিটেশন, জীবন ঘনিষ্ঠ ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন এবং আলোচনা দিয়ে সাজানো এই অনুষ্ঠানে অনসাইট এবং অনলাইনে লাইভ স্ট্রিমিংয়ের মাধ্যমে আমেরিকার ৭টি স্টেট, কানাডার একাধিক প্রভিন্সসহ মোট ৬টি দেশের অর্ধশতাধিক মানুষ প্রতি সপ্তাহে নিয়মিত অংশগ্রহণ করছেন। আপনিও ঘরে বসে প্রোগ্রামটিতে অংশগ্রহণ করতে পারেন। অনলাইনে অংশগ্রহণ করতে ভিজিট করুন qms- usa. org/sadakayon.

৬ নভেম্বর সকাল ১০টায় ৮৬-৪৭ ১৬৪ স্ট্রিট, সুইট # বি ই, ফোন : ৫১৬ ৭৬১ ১৬১৪ জ্যামাইকা, নিউইয়র্ক কোয়ান্টাম লার্নিং সেন্টার হলে সোসাইটির নিয়মিত সাপ্তাহিক সাদাকায়ন অনুষ্ঠিত হবে যা সবার জন্য উন্মুক্ত। রয়েছে মনোযোগ, সচেতনতা, সাফল্য, সুস্বাস্থ্য, ও প্রশান্তি বাড়ানোর বৈজ্ঞানিক প্রক্রিয়া-মেডিটেশন। আরও রয়েছে অসুস্থ ও সমস্যা পীড়িতদের জন্য হিলিং এবং ফ্রি কাউন্সেলিংয়ের ব্যবস্থা।

বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-নেগোসিয়েশন কেনাবেচার ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাড (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সসহ যাবতীয় সহযোগিতার জন্য কথা বলুন

Please call or text
646 284 4776
Abu Zaman
Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com

Silver & Gold Realty

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

ইনকামট্যাক্স ২০১৯ ইনকামট্যাক্স

আন্‌জুমান ট্যাক্স সার্ভিসেস ইন্‌ক
37-21 72nd Street, Sute # 202
Jackson Heights, NY-11372

IRS Authorised E-File Provider

● ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন ● বুক কিপিং, একাউন্টিং, সেলস্ ট্যাক্স, পে-রোল ট্যাক্স ● কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ ● স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস ● ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস ● ইমিগ্রেশন সার্ভিসেস। আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ ▶ আবু হেলেন হোসেন
718-777-5477, Cell: 917-496-7966, Fax, 718-777-8020

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.

আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

RONJAN
(Disability Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

MITU DISABILITY CENTER
- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ
N-648 WAIVER

MITU PHYSICAL THERAPY P.C.
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হার্টের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

MITU HOME CARE LLC.
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
New addres 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

এনাম আহমদ চৌধুরীর সঙ্গে জালালাবাদ অ্যাসোসিয়েশনের সদস্যরা

এনাম আহমদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে অবস্থানরত বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও প্রাইভেটাইজেশন কমিশনের সাবেক চেয়ারম্যান এবং ঢাকা জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি এনাম আহমদ চৌধুরীর সঙ্গে নিউইয়র্কের জালালাবাদ অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ সাক্ষাৎ করেছেন।

এ সময় উপস্থিত ছিলেন—জালালাবাদ অ্যাসোসিয়েশন সভাপতি ময়নুল চৌধুরী হেলাল, সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, কার্যকরী পরিষদের সদস্য হেলিম উদ্দিন আহমদ, রাজনীতিক লুৎফুর রহমান চৌধুরী হেলাল প্রমুখ।

এনাম চৌধুরীর বাবা গিয়াস উদ্দিন আহমদ ঢাকা জালালাবাদ অ্যাসোসিয়েশনের অন্যতম প্রতিষ্ঠাতা ও আহ্বায়ক ছিলেন এবং ঢাকা বিভাগীয় কমিশনার ছিলেন। সাক্ষাতে এনাম আহমদ চৌধুরী ঢাকায় জালালাবাদ অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার ইতিহাস ও প্রেক্ষাপট বর্ণনা করেন। সিলেট বিভাগের অজানা ইতিহাস ঐতিহ্য তুলে ধরে বলেন, বিশ্বের বিভিন্ন প্রান্তে সিলেট বিভাগের লোকজন সুনামের সঙ্গে কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। তিনি আশা করেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্ম পূর্বসুরীদের সেই ঐতিহ্য বজায় রাখবে।

এনাম আহমদ চৌধুরী সিলেট বিভাগের এক ঐতিহ্যবাহী পরিবারের সন্তান। তাঁরা চার ভাই সবাই সিএসপি অফিসার ছিলেন। সবার বড় ভাই ফারুক চৌধুরী সাবেক পররাষ্ট্রসচিব ও একজন সুলেখক ছিলেন, অপর ভাই ইফতেখার চৌধুরী সাবেক তত্ত্বাবধায়ক সরকারের পররাষ্ট্র উপদেষ্টা ও জাতিসংঘে স্থায়ী প্রতিনিধি ছিলেন, অপর ভাই মাসুম আহমদ চৌধুরী পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক ও রাষ্ট্রদূত ছিলেন। ভগ্নিপতি ফখরুদ্দীন আহমদ সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ছিলেন।

সংখ্যালঘুদের ওপর সহিংসতার প্রতিবাদে বিক্ষোভ

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের খুলনা জেলার শিয়ালী গ্রামসহ সংখ্যালঘুদের ওপর হামলার প্রতিবাদে নিউইয়র্কের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা হয়েছে। সমাবেশে হিন্দু সম্প্রদায়ের লোকজন ছাড়াও অসাম্প্রদায়িক চেতনার লোকজনও অংশ নিয়েছেন।

বাংলাদেশি হিন্দুস ইন ইউএসএ, হরিচাঁদ গুরু চাঁদা আন্তর্জাতিক মতুয়া মিশন ইন্‌ক, মহিলা হিন্দু সংগঠনসহ একাধিক সংগঠনের ব্যানারে টাইমস স্কয়ার, জ্যাকসন হাইটস, জ্যামাইকাসহ প্রায় ১০টি স্থানে বিক্ষোভ মিছিল হয়েছে। গত ২৩ অক্টোবর ওয়াশিংটন স্টেট ডিপার্টমেন্ট অফিস ভবনের সামনেও সাম্প্রদায়িক সহিংসতার বিরুদ্ধে সভা হয়েছে।

বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন বিদ্যুৎ সরকার, দিলীপ নাথ, শ্যামল চক্রবর্তী, প্রিয়তোষ দে, দীপক দে, সাসি, সুশীল সিং, শম্পা বনিক, বানীভ্রত ঘোষ, বিপ্লব দত্ত, মিতা চক্রবর্তী।

বিক্ষোভ সমাবেশে প্রবাসী বাংলাদেশিরা

সভায় বক্তারা বলেন, বাংলাদেশে ধর্ম-বর্ণ-নির্বিশেষে সব ধর্মের লোকজন ভেদাভেদ ভুলে এক সঙ্গে বসবাস করবে এটাই আমাদের প্রত্যাশা। যে যেখানে থাকি দিন শেষে আমরা সবাই বাঙালি এই চেতনা সবাইকে ধারণ করার আহ্বান জানান এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তাঁরা।

বাংলাদেশে সাম্প্রদায়িক সহিংসতা

সচেতন প্রবাসী ও বিশিষ্ট নাগরিকদের বিবৃতি

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের কুমিল্লার ঘটনা পরবর্তী বিভিন্ন স্থানে সংঘটিত সাম্প্রদায়িক সহিংসতার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রবাসী বাংলাদেশিসহ দেশের কয়েকজন বিশিষ্ট ব্যক্তি। এক বিবৃতিতে তাঁরা বলেন, বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতির বিকল্প নেই। তাই অশুভ শক্তির বিরুদ্ধে জাতীয় ঐক্য গড়ে তুলতে হবে।

গত ২৩ অক্টোবর গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে তাঁরা বলেন, বাংলাদেশে সম্প্রতি সংঘটিত সাম্প্রদায়িক সহিংসতার খবরে তাঁরা উদ্বিগ্ন ও মর্মাহত। তাঁরা এর তীব্র নিন্দা জ্ঞাপন করেন। বিবৃতিতে সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত দোষীদের শনাক্ত করে তাঁদের বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবি জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, অনেক ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে এই করোনার সময়েও যখন দেশ সামনের দিকে এগিয়ে যাচ্ছে, তখন হঠাৎ শান্তিপূর্ণ অবস্থার মধ্যে কেন এই সহিংসতা? অবশ্যই এই প্রশ্নের উত্তর খুঁজে পেতে হবে। তাঁরা দেশবাসীকে যেকোনো উসকানির মুখে কোনো পাতানো ফাঁদে পা না দিতে সতর্ক থাকার জন্য আহ্বান জানান।

বিবৃতিতে সম্মতি প্রদানকারীরা হলেন—কবি, লেখক ও পরিবেশবিদ আতিকুর রহমান সালু জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও একুশে পদকপ্রাপ্ত জসিম উদ্দিন আহমেদ, লেখক ও পরিবেশবিদ সৈয়দ টিপু সুলতান, সিডনি ইউনিভার্সিটির অধ্যাপক ও জাতিসংঘের সাবেক কর্মকর্তা আনিসুজ্জামান চৌধুরী, সাউথ ক্যারোলাইনা স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক শফিকুর রহমান, সাপ্তাহিক আজকাল-এর প্রধান সম্পাদক মনজুর আহমদ, লেখক ও বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সৈয়দ শফিক উদ্দিন আহমেদ, লেখক ও সাংবাদিক গাজীউল হাসান খান, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি এম এ বিল্লাহ, লেখক মঈনুদ্দীন নাসের, সাবেক সংসদ সদস্য হারুন-অর রশীদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল হক, অনলাইন পত্রিকা গ্রিন ওয়াচের সম্পাদক ও নদী-পানি বিশেষজ্ঞ মোস্তফা কামাল মজুমদার, কাজী ফৌজিয়া।

সংবর্ধনা সভায় বক্তব্য দিচ্ছেন খিজির আহমেদ চৌধুরী

বিচারপতি খিজির আহমেদ চৌধুরীকে সংবর্ধনা

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রে সফরকালে বাংলাদেশের সুপ্রিম কোর্টের বিচারপতি খিজির আহমেদ চৌধুরীকে নিউইয়র্কে সংবর্ধনা দেওয়া হয়েছে। এ উপলক্ষে গত ২৮ অক্টোবর বাংলাদেশ ল' সোসাইটি ইন্‌ক-এর আয়োজনে এই সংবর্ধনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

অতিথির বক্তব্যে বিচারপতি খিজির আহমেদ চৌধুরী বলেন, 'আইন একটা সায়েন্স। এই সায়েন্স কিন্তু স্থবির নয়। এটা চলমান প্রক্রিয়া। এটা নিয়ে নিরন্তর গবেষণা হচ্ছে। জুরিস্টরা গবেষণা করে যাচ্ছেন এবং আপডেটেড আইনটি প্রয়োগ করার জন্য, প্রতিষ্ঠিত করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।'

তিনি আরও বলেন, 'আমাদের এখানে আইনের দীর্ঘসূত্রতা হয়। যেমন মামলা আরম্ভ হলে আর শেষ হচ্ছে না। একটা মামলার দুটি পক্ষ থাকে। একটা পক্ষ মামলা ফাইল করলে তাদের প্রয়াস থাকে যত দ্রুত সম্ভব মামলা নিষ্পত্তি করা বা বিচার করা। আবার অপর পক্ষের প্রয়াস থাকে কীভাবে এটাকে দীর্ঘায়িত করা যায়। আসলে এ প্রক্রিয়ার মাধ্যমে বিচারকার্য দীর্ঘায়িত করা হয়। এই ব্যাপারে যত সচেতনতা সৃষ্টি করা যায় তত বিচারকার্য আরও দ্রুততার সঙ্গে সম্ভব হবে।'

মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. সামসুদ্দোহা, এম নাসির উদ্দিন, আরিফ রহমান চৌধুরী, মোহাম্মদ আলী বাবুল, মতিউর রহমান, নজরুল ইসলাম, সাইদ মাইনুদ্দিন জুনেল, বখতিয়ার আলী শাহ, মাহবুব আলম, সুপ্রিম কোর্টের আইনজীবী সুলতানা জামান, রেদওয়ানা রাজ্জাক, সোনিয়া সুলতানা এবং সুপ্রিম কোর্টের আইনজীবী এম এম নুরুজ্জামান বাবু।

Authorized IRS e-file Provider
KAKATUA
কাকাতুয়া
AGENCY
PARVIZ KAZI E.A.
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
Serving Our Community For Over 28 Years
ENROLLED AGENT
দীর্ঘ দিনের অভিজ্ঞতার আলোকে এবং বর্তমান যুক্তরাষ্ট্র সরকারের ট্যাক্স নীতিমালা অনুসরণ করে ট্যাক্স ফাইলিং করে থাকি
Tax Return
OUR SERVICES ARE:
Income Tax
Accounting
Travels
Immigration
Insurance
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: info@kakatua.com | Web: www.kakatua.com

ফ্রি হোম কেয়ার সার্ভিস
যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।
যোগাযোগ করুন
নাসিমা : ৩৪৭-৮০১-৪০২৮

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিকটে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত
মেডিকেল অফিস
We offer Quality Health Care
৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432
৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226
ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certificed Internal Medicine
& Women Health Expert
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়ানুযায়ী
বাংলাদেশি মহিলা ডাক্তার
ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইন্স হসপিটাল সেন্টার)
সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা
ডা: আহমেদ কে আসলাম এম.ডি
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)
আমাদের সেবা সমূহ:
- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টরেল
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্লাস পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি
All kinds of Medical Managements
PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকেজি, প্রেগনেন্সী টেস্ট
যক্ষা টেস্ট, টিকা এবং হজ্ব যাত্রীদের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

TRIBUNE TRAINING ACADEMY
29-28 41st Avenue, Suite 48, Queens, NY 11101
Office: (718) 790 - 2664 Cell: (917) 330 - 0891
- OSHA OUTREACH TRAINING
- SECURITY GUARD TRAINING
- WORK-ZONE FLAGGER TRAINING
- LIFT TRUCK / FORKLIFT TRAINING
- FIRST AID, CPR & AED TRAINING
- DEFENSIVE DRIVING
- RESUME BUILDING
- JOB SEEKING
DCJS Approved
OSHA Authorized Training
MD NOMAN
DIRECTOR OF SCHOOL
বিস্তারিত জানতে আজই কল করুন
অথবা ওয়েবসাইট ভিজিট করুন
আপনি কি বেকার? আপনি ভাল চাকরি খুজছেন?
তাহলে নিম্নোক্ত ট্রেনিং এর মাধ্যমে নিজেকে তৈরী করুন, উজ্জ্বল ভবিষ্যত গড়ুন।

ELECTION COMMISSION 2018

ELECTION 2021

BANGLADESH SOCIETY INC.

বাংলাদেশ সোসাইটি ইনক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 347-738-5183
Email: info@electioncommissionbds.com • Website: www.electioncommissionbds.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির ২০২২-২৩ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী ও ৫টি কেন্দ্রের নির্ধারিত জিপকোড অনুযায়ী টাচ স্ক্রীন ভোটিং মেশিনের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

POLLING CENTERS WITH ZIP CODE

- **QUEENS: Gulshan Terrace (Dhaka Club), 59-15 37th Ave. Woodside, NY 11377**

10001, 10002, 10003, 10009, 10010, 10011, 10013, 10016, 10017, 10018, 10019, 10021, 10022, 10023, 10024, 10025, 10026, 10027, 10029, 10030, 10032, 10034, 10035, 10036, 10037, 10038, 10039, 10069, 10118, 10128, 10280, 11101, 11102, 11103, 11104, 11105, 11106, 11107, 11108, 11109, 11322, 11347, 11354, 11355, 11356, 11357, 11358, 11363, 11366, 11367, 11368, 11369, 11370, 11371, 11372, 11373, 11374, 11377, 11378, 11379, 11396, 11473

- **OZONE PARK: Deshi Center, 83-10 Rockaway Blvd. Ozone Park, NY 11416**

11207, 11208, 11239, 11372, 11385, 11414, 11415, 11416, 11417, 11418, 11419, 11420, 11421, 11692

- **BROOKLYN: P.S. 179 - 202 Avenue C Brooklyn, NY 11218**

10301, 10303, 10304, 10305, 10306, 10308, 10309, 10310, 10314, 11201, 11203, 11204, 11205, 11206, 11209, 11210, 11211, 11212, 11213, 11214, 11215, 11216, 11217, 11218, 11219, 11220, 11221, 11222, 11223, 11224, 11225, 11226, 11227, 11228, 11229, 11230, 11231, 11232, 11233, 11234, 11235, 11236, 11237, 11238, 11244, 11249, 11280, 11315, 11355, 11563, 11590, 11691, 11693

- **BRONX: Golden Palace, 1451 Unionport Road, Bronx, NY 10462**

00458, 00604, 00605, 00607, 01864, 04083, 06001, 06033, 06040, 06042, 06095, 06109, 06483, 06492, 06604, 06605, 06607, 06610, 06614, 06810, 06825, 06850, 06854, 06884, 06901, 06902, 06906, 06908, 07047, 07055, 07067, 07083, 07201, 07202, 07307, 07424, 07501, 07502, 07503, 07508, 07513, 07522, 07552, 07604, 07631, 07644, 07666, 08225, 08537, 08822, 08872, 09120, 10402, 10432, 10437, 10451, 10452, 10453, 10454, 10455, 10456, 10457, 10458, 10459, 10460, 10461, 10462, 10463, 10464, 10465, 10466, 10467, 10468, 10469, 10471, 10472, 10473, 10477, 10479, 10482, 10583, 10605, 10642, 10662, 10701, 10704, 10705, 10710, 10801, 10803, 10805, 10950, 10954, 10962, 11461, 11462, 11467, 11472, 11577, 11590, 11803, 12144, 12206, 12524, 12534, 12553, 12603, 14214, 14215, 19082, 19111, 19440, 20874, 21043, 29420, 33463, 41467, 91932

- **JAMAICA: Ikra Party Center, 89-16 175th Street, Jamaica, NY 11432**

10432, 11001, 11003, 11004, 11010, 11040, 11050, 11153, 11175, 11332, 11333, 11342, 11344, 11345, 11361, 11362, 11364, 11365, 11366, 11368, 11375, 11377, 11411, 11412, 11413, 11422, 11423, 11425, 11426, 11427, 11428, 11429, 11430, 11431, 11432, 11433, 11434, 11435, 11436, 11437, 11438, 11445, 11501, 11516, 11534, 11542, 11545, 11548, 11550, 11553, 11554, 11560, 11566, 11568, 11575, 11576, 11580, 11590, 11591, 11596, 11598, 11703, 11704, 11706, 11710, 11714, 11717, 11720, 11722, 11729, 11733, 11735, 11738, 11741, 11746, 11747, 11753, 11756, 11757, 11758, 11766, 11767, 11771, 11779, 11784, 11788, 11791, 11798, 11801, 11932, 11950, 22004

1. **No voter will be allowed to cast his or her vote without original photo ID (no photocopy or picture or screenshot of ID will be accepted). The following forms of identification may be accepted: Driver's License, State ID, Green Card, Work Authorization Card, Passport, Learner Permit & IDNYC.**
2. **Campaigning, placement of posters, banners or distribution of flyers etc. are prohibited within 200 ft. of the polling area. Commission will remove poster/banner within this area and may back charge to the related candidate(s).**
3. **No radio speaker or any noise-making devices will be allowed in the vicinity of the polling area.**
4. **In the event of any unauthorized and unlawful conduct by any candidate or any other person in the election center on the Election Day, the local law enforcement agency will be notified immediately.**
5. **Only Disabled with wheelchair voter may nominate one assistant to cast his/her vote.**
6. **No candidate can enter the polling center without Commission's permission. Candidate may check the center one time for a period of max.10 minutes. If malfunction of voting machine is detected the candidate will be allowed to check.**
7. **Life members may get access to voting center directly by showing LM CARD to cast their vote.**
8. **Voters of one center cannot cast vote in another center (including candidates/life members, polling agents). Only presiding officer and polling officer will be allowed to cast their votes at their working center.**
9. **Each Voter's Name & Year of Birth on the Photo ID must match with the Name & Year of Birth on the voter list.**
10. **Polling Officers, Polling Agents, Presiding Officers, Election Commissioners & Machine Operators must show proof of vaccination card and wear face musk at all time.**
11. **All voters/volunteers/poll workers must maintain social distance at the polling center.**
12. **Any dispute on the election day must be submitted in writing to election commissioner on duty. Commission will investigate and decide on that dispute and that decision must be deemed as final.**
13. **After completion of the voting, the machine operator will print out the results in presence of the candidates or their representatives and will hand it out to the election commission. The election commission will read out the result.**

10\. **The Election Commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.**

নির্বাচনের তারিখ: ১৪ই নভেম্বর, ২০২১ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা)

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2018 / নির্বাচন কমিশন ২০১৮

S.M. Jamal U. Ahamed (Jony)	Mohammed A. Hakim Miah	Mohammed Anwar Hussain	Kawsaruz Zaman (Koyes)	Mohammed R. Sarkar	Khokon Mosharof
Chairman	*Commissioner*	*Commissioner*	*Commissioner*	*Commissioner*	*Commissioner*
718-288-3838	*347-332-3653*	*347-429-5932*	*917-822-2207*	*718-705-2228*	*917-609-6083*

ফিতা কেটে এই স্টোরের উদ্বোধন করা হয়

ব্রঙ্কসে খলিল সুপার মার্কেটের যাত্রা শুরু

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের খলিল বিরিয়ানি হাউসের স্বত্বাধিকারী মো. খলিলুর রহমানের মালিকানায় বাঙালি অধ্যুষিত ব্রঙ্কসের স্টার্লিং-বাংলাবাজার এলাকায় খলিল সুপার মার্কেট নামে আরেকটি ব্যবসা প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়েছে।

গত ২৯ অক্টোবর দুপুরে ব্রঙ্কসের ১৪৫৫ ইউনিয়ন পোর্ট রোডে এ স্টোরটির উদ্বোধন হয়েছে। দোয়া মাহফিল ও ফিতা কেটে এই স্টোরের উদ্বোধন করা হয়।

খলিল ফুডের কর্ণধার মো. খলিলুর রহমানের সভাপতিত্বে ও আইটিভির সিইও মাওলানা শহীদুল্লাহর সঞ্চালনায় দোয়া-মাহফিল পরিচালনা করেন বাংলাবাজার জামে মসজিদের খতিব মাওলানা আবুল কাশেম এয়াহইয়া। পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন শাহজালাল দারুস সুন্নাহ জামে মসজিদের সভাপতি হাফিজ ইবাদুর রহমান চৌধুরী। মোনাজাতে প্রতিষ্ঠানটির সাফল্য কামনাসহ, দেশ, প্রবাস ও বিশ্ব মানবতার কল্যাণ কামনা করা হয়।

মো. খলিলুর রহমান কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে নিয়ে ফিতা কেটে এই স্টোরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সময় খলিল ফুডের সিইও মো. খলিলুর রহমান ছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন—নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সেপুলভেদা, আসন্ন নির্বাচনে সিটি কাউন্সিলওমেন প্রার্থী আমান্ডা ফারিয়াজ, বাংলাবাজার বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি আবদুল ওয়াহিদ চৌধুরী জাকি, ইমাম রশীদ জামিল প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন—টাইম টিভি ও বাংলা পত্রিকার সিইও আবু তাহের, ইউএসএনিউজঅনলাইন ডটকম এবং সাপ্তাহিক জনতার কণ্ঠ'র সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, ঠিকানার বার্তা সম্পাদক শহীদুল ইসলাম, এনটিভির সাবেক বিশেষ প্রতিনিধি শাহেদ আলম, টিবিএন ২৪-এর মো. পারভেজ, তুষার পিকের এম বি তুষার, বাংলাবাজার বিজনেস অ্যাসোসিয়েশনের সহসভাপতি বিলাল ইসলাম, সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, সহসাধারণ সম্পাদক সুমন চৌধুরী, কার্যকরী সদস্য কামরুজ্জামন বাবু, কমিউনিটি অ্যাকটিভিস্ট আবদুর রব, 'নয়ন-আলী' প্যানেলের সিনিয়র সহসভাপতি প্রার্থী আবদুর রহীম হাওলাদার, সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী, স্কুল ও শিক্ষা সম্পাদক প্রার্থী মো. সামাদ মিয়া, পার্কচেস্টার ইসলামিক সেন্টারের ইমাম ও খতিব মাওলানা ওবায়দুল হক, মাওলানা মো. আকবর আলী, কমিউনিটি অ্যাকটিভিস্ট মির্জা মামুনুর রশিদ, মোজাফফর হোসেন, মোহাম্মদ আলী, আক্তারুজ্জামান হ্যাপী, যুক্তরাষ্ট্র জাসদের সাধারণ সম্পাদক নূরে আলম জিকু, এম এন হোম কেয়ারের আউটরিচ ম্যানেজার জালাল চৌধুরী, কুমিল্লা সোসাইটি ইউএসএর সাবেক সভাপতি খবির উদ্দিন ভূঁইয়া, সাধারণ সম্পাদক এইচ এম মিজানুর রহমান প্রমুখ।

রাতে বাংলাবাজার বিজনেস অ্যাসোসিয়েশন ও কমিউনিটি নেতৃবৃন্দ নতুন প্রতিষ্ঠানে গিয়ে খলিলুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানান। এঁদের মধ্যে ছিলেন—বাংলাবাজার বিজনেস অ্যাসোসিয়েশনের সহসভাপতি বিলাল ইসলাম, সহসাধারণ সম্পাদক সুমন চৌধুরী, কার্যকরী সদস্য কামরুজ্জামান বাবু, বিবিএর সাবেক সভাপতি এ ইসলাম মামুন, সুন্দরবন গ্রোসারির সিইও স্বপন তালুকদার, ব্যবসায়ী মোজাফফর হোসেন, ট্রাফিক অফিসার বিল্লাল হোসেন প্রমুখ। অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানান খলিল সুপার মার্কেটের স্বত্বাধিকারী খলিলুর রহমান। উদ্বোধনের পর খলিল বিরিয়ানি হাউসের তৈরি বিশেষ খাবার দিয়ে বিপুলসংখ্যক অতিথিকে আপ্যায়ন করা হয়।

প্রবাসী বাংলাদেশিদের জন্য হালাল খাবারের প্রতিষ্ঠান গড়ে তুলতে পেরে অশেষ শুকরিয়া আদায় করে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন খলিলুর রহমান। নিজের শিক্ষা ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে কমিউনিটিকে সুলভ মূল্যে বিশুদ্ধ হালাল খাবারের সেবা দেওয়াই তাঁর উদ্দেশ্য ও লক্ষ্য বলে জানান তিনি।

এ স্টোরটি ছাড়াও খলিলুর রহমানের মালিকানাধীন রয়েছে খলিল বিরিয়ানি, খলিল চায়নিজ এবং খলিল গ্রিল অ্যান্ড পিৎজা নামে আরও তিনটি ব্যবসা প্রতিষ্ঠান।

অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রবাসে রেস্টুরেন্ট ব্যবসায় রন্ধন শিল্পী মো. খলিলুর রহমান কমিউনিটির জন্য অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবেন। বাঙালি মালিকানায় এ ধরনের প্রতিষ্ঠান গড়ে ওঠায় হাতের নাগালেই সুলভ মূল্যে পাওয়া যাবে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী।

রুয়েদ হত্যার বিচার দাবিতে সংবাদ সম্মেলন

উত্তর আমেরিকা অফিস

সুনামগঞ্জ জেলার দিরাইয়ের ভাটিপাড়া গ্রামের উদির হাওর জলমহাল দখলকে কেন্দ্র করে রুয়েদ মিয়া (৪০) হত্যা মামলার প্রধান আসামি উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক প্রদীপ রায়সহ অন্য আসামিদের বিচারের দাবি জানানো হয়েছে। ২ নভেম্বর মঙ্গলবার দুপুরে নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে সংবাদ সম্মেলন করে এ দাবি জানান ক্যালিফোর্নিয়া আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি মুহাম্মদ কাজল নুর মিয়া। প্রদীপ রায় যেন জেল থেকে ছাড়া না পান, সে জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানান এ প্রবাসী।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে কাজল নুর মিয়া বলেন, 'প্রদীপ রায় স্থানীয় সাংসদ জয়া সেনগুপ্তার প্রতিনিধি পরিচয়ে প্রভাব খাঁটিয়ে উপজেলার প্রতিটি এলাকায় বিভাজন সৃষ্টি করে হত্যাকাণ্ডের মতো ঘটনা ঘটাচ্ছেন। গত ১৮ অক্টোবর বিকেলে প্রদীপ রায়সহ তাঁর বাহিনীর লোকজন আমার ভাই রুয়েদ মিয়াকে কুপিয়ে হত্যা করে। এ ব্যাপারে প্রদীপ রায়কে প্রধান আসামি করে থানায় মামলা হয়েছে। প্রদীপ রায়কে গ্রেপ্তারও করেছে র‍্যাব। আদালত তাঁর দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছেন। মামলার অন্য আসামিরা এখনো প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছেন। তাঁদের গ্রেপ্তার দাবি জানাচ্ছি। বর্তমানে আমার পরিবার চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। হত্যার হুমকিও দেওয়া হচ্ছে। এ ঘটনার প্রতিকার চেয়ে আমি আমেরিকায় বাংলাদেশ দূতাবাসে যোগাযোগ করেছি। তাঁরা এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।'

সংবাদ সম্মেলনে মুহাম্মদ কাজল নুর মিয়া

কাজল নুর মিয়া আরও বলেন, 'দীর্ঘ ১২ বছর ধরে দিরাইতে আমার মালিকানাধীন জমিতে আমার আত্মীয়স্বজন দেশীয় ছোট মাছ ধরার জন্য বাঁধ দিয়ে থাকেন। কোনো দিন কেউ বাধা দেয়নি। হঠাৎ করে দিরাই উপজেলার মেঘনা বারঘর বিলের অলিখিত ইজারাদার প্রদীপ রায় তাঁর লোকদের দিয়ে আমার জমিতে মাছ ধরার ওপর নিষেধাজ্ঞা জারি করেন। মামলা-হামলার ভয় দেখিয়ে গরিব ও খেটে খাওয়া মৎস্যজীবীদের মাছ ধরা থেকে বঞ্চিত করছেন। যারা বিগত উপজেলা নির্বাচনে নৌকাকে বিজয়ী করতে দিনরাত পরিশ্রম করেছেন, তাঁদের কথা না ভেবে প্রদীপ তাঁর স্বার্থ ও কিছু আওয়ামী লীগ নেতার উন্নয়নে কাজ করছেন। দিরাইতে আমার নামে ৩০ কেদার জমি আছে। আমরা তাঁদের বিলের আশপাশেও যাই না। আমার নামের জমিতে আমার লোকজন মাছ ধরতে পারছে না। তাই আমার আত্মীয়স্বজন ও ভাইয়েরা এর প্রতিবাদ জানিয়েছেন। থানায় ও স্থানীয়ভাবে একাধিক বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। কিন্তু প্রদীপ রায় বৈঠকের কোনো কথাই মানেননি। প্রভাব খাঁটিয়ে আমার জলাশয়ের মাছ লুটে নেওয়ার চেষ্টা করছেন।'

এ বিষয়ে নিন্দা ও প্রতিবাদ জানিয়ে প্রশাসনের দৃষ্টি কামনা করেন কাজল নুর মিয়া। প্রবাসে থাকলেও আওয়ামী লীগের জন্য সব সময়ই সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছেন উল্লেখ করে তিনি বলেন, 'দেশেও আমার আত্মীয়স্বজন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত। আমি প্রবাসে থাকলেও নৌকাকে বিজয়ী করার জন্য সব নির্বাচনে আমার অর্থ, শ্রম ও মেধা দিয়ে কাজ করে যাচ্ছি।'

সংবাদ সম্মেলনে মুহাম্মদ কাজল নুর মিয়া আরও জানান, দিরাই উপজেলার কুলঞ্জ ইউনিয়নের জারলিয়া জলমহাল দখল নিয়ে স্থানীয় যুবলীগের এক নেতার সঙ্গে দ্বন্দ্বের জের ধরে তিনজন নিরীহ জেলেকে হত্যার ঘটনা ঘটেছিল। যার অন্যতম আসামি প্রদীপ রায়। রফিনগর ইউনিয়নের একটি জলমহাল নিয়েও স্থানীয় আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে দ্বন্দ্বের জেরে রফিনগর ইউনিয়ন যুবলীগের এক নেতার ওপর হামলা হয়। সেখানেও প্রদীপ রায় জড়িত। পুরো এলাকায় প্রদীপ রায় ত্রাসের রাজত্ব কায়েম করেছে। তাঁর ভয়ে এলাকার মানুষ ভীত সন্ত্রস্ত। তাঁর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনেও অভিযোগ রয়েছে। অদৃশ্য কারণে তাঁর মামলার তদন্ত বন্ধ রয়েছে। প্রদীপ রায়ের বিরুদ্ধে মামলা পুনরায় তদন্তের দাবিও জানান তিনি।

সংবাদ সম্মেলনে কাজল নুর মিয়ার সঙ্গে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহসভাপতি লুৎফুল করিম।



অনেক প্রথম নিয়ে 'ঊনপঞ্চাশ বাতাস'

মাসুদ হাসান উজ্জ্বল

উত্তর আমেরিকার ১৪টি মূলধারার মাল্টিপ্লেক্সে ১৯ নভেম্বর এক যোগে প্রথম কোনো বাংলাদেশি চলচ্চিত্র হিসেবে মুক্তি পেতে যাচ্ছে 'ঊনপঞ্চাশ বাতাস'। এই ছবিতে আছে অনেক প্রথমের সমাহার।

বাংলায় প্রচলিত একটা বাগধারা ঊনপঞ্চাশ বায়ু, যার অর্থ পাগলামি। বায়ু এবং বাতাস সমার্থক, সেখান থেকে হয়েছে ঊনপঞ্চাশ বাতাস। Incomplete breath এটার শাব্দিক অনুবাদ নয়। অনুভূতির অনুবাদ বলা যেতে পারে। একটা অসম্পূর্ণ প্রশ্বাস নিয়ে বেঁচে থাকার অস্বস্তিকর অনুভূতি থেকে Incomplete Breath শিরোনামটি নেওয়া হয়েছে। এটা আমার জীবনের প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। সবকিছুই প্রথম বলা যায়। চলচ্চিত্রে প্রথম সংগীত পরিচালক, গীতিকার, সুরকার এবং প্লে ব্যাক শিল্পী হিসেবে কাজ করা, শিল্প নির্দেশনা, প্রোডাকশন ডিজাইন সবই এই চলচ্চিত্রে প্রথম। যদিও গত ১৫ বছরে টেলিভিশন নাটক এবং বিজ্ঞাপনে একই ভূমিকা পালন করে এসেছি আমি। ইমতিয়াজ বর্ষণ ও শার্লিন ফারজানার প্রথম চলচ্চিত্র এটা।

বর্ষণ মূলত চট্টগ্রামের এ্যাভাগার্ড থিয়েটারের একজন একনিষ্ঠ কর্মী। এ কারণে অভিনয় প্রাতিষ্ঠানিক ভাবে শিখে এসে তিনি ঊনপঞ্চাশ বাতাস চলচ্চিত্রে অয়ন হিসেবে কাজ করেছেন। চট্টগ্রামে বসবাস এবং চাকরির কারণে ৩-৪ মাস রিহার্সালের পুরোটা সময় প্রতি সপ্তাহের বৃহস্পতিবার সারা রাত জার্নি করে শুক্র-শনিবার টানা রিহার্সাল করে আবার রাতের বাস বা ট্রেন ধরে তিনি চট্টগ্রাম গিয়ে অফিস ধরতেন। এ ধরনের ডেডিকেশন ছাড়া কোনো দিনও পর্দায় এমন পরিমিত অথচ জীবন্ত অয়নকে আমরা পেতাম না!

সিনেমার পর্দায় যে পাগলাটে উচ্ছল স্বভাবের নীরাকে দেখি, বাস্তব জীবনের শার্লিন ফারজানা খানিকটা তেমনই। পাগলাটে স্বভাবের, তাই সেটে আসা পর্যন্ত যা দুশ্চিন্তা, এরপর ফ্রেম জুড়ে তিনি রাজ করতেন। তাঁর প্রমাণ আমরা ঊনপঞ্চাশ বাতাসের নীরা চরিত্রে দেখেছি। লম্বা সময়ের রিহার্সাল আর শার্লিন ফারজানার নিজস্ব অভিনয় ক্ষমতার কারণে এমন শক্তিশালী এবং মানবিক একটি চরিত্র নির্মাণ করা সম্ভব হয়েছে। পরিচালকের চাহিদা মতো ভয়েস টোন তৈরি করার জন্য তিনি প্রায় এক বছর সময় নিয়ে কণ্ঠশীলন করে নীরার কণ্ঠ তৈরি করে নিয়েছেন। এটা নিঃসন্দেহে যে কারও জন্য অনুপ্রেরণাদায়ক। 'প্রথম ঝরে পড়া শিউলিটা' শিরোনামের গানটি সবার জীবনে প্রথম। এর গীতিকার সুমন টিংকুর চলচ্চিত্রে প্রথম লেখা গান, নায়ক ইমতিয়াজ বর্ষণের সুরারোপ করা প্রথম কোনো সিনেমার গান, মাসুদ হাসান উজ্জ্বলের প্রথম সিনেমাতে সংগীতায়োজন, বেস বাবা সুমনের প্রথম সিনেমায় প্লে ব্যাক।

'এ শহর জানে' সৌরিনের প্রথম চলচ্চিত্রের জন্য লেখা আর সুর এবং প্লে ব্যাক করা গান। 'মেঘমালা' মাসুদ হাসান উজ্জ্বলের চলচ্চিত্রের জন্য প্রথম লেখা, সুর করা, সংগীতায়োজন আর প্লে ব্যাক করা গান। এ ছাড়া 'যেখানে খুঁজে বেড়াই', 'তোমার চিবুক' মাসুদ হাসান উজ্জ্বলের লেখা, সুর আর সংগীতায়োজনের গান। যেখানে কলকাতার জনপ্রিয় ব্যান্ড ক্যাকটাসের লিড ভোকাল সিদ্ধার্থ শংকর রে (সিধু) প্রথম কোনো বাংলাদেশি চলচ্চিত্রে কণ্ঠ দিয়েছেন এবং কলকাতার সোমলতাও একটি গানে কণ্ঠ দিয়েছেন।


IMMIGRATION
LAW OFFICE
ইমিগ্রেশন ’ল অফিস
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Immigration
Asylum & Defence from Deportation
Family Law
Accident & Injury
Business Law
Any Kind of Visa Processing
Bhatta Law & Associates
(631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372


PATIENT PRIORITY MEDICAL CARE, P. C.
88 - 23 178th Street, Jamaica, NY 11432
TEL: 718-558-5047 FAX: 401-340-1608
আমাদের সেবা সমূহঃ-
* ফিজিক্যাল * ব্লাড টেস্ট
* ব্লাড প্রেসার চেক
* সুগার লেবেল স্ক্রিনিং
* প্রিভেনটিভ স্ক্রিনিং সহ বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়।
নতুন রোগীদের স্বাগতম
বাংলাদেশী অভিজ্ঞ মহিলা ডাক্তার
ডাঃ মারুফা খাতুন এম. ডি.
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)
(দীর্ঘ ১৭ বছরের প্র্যাকটিসের অভিজ্ঞতা)
সাক্ষাতের সময় সূচীঃ-
মঙ্গলবারঃ সন্ধ্যা ৬-৮টা, বুধবারঃ সকাল ৮-১০টা
শনি ও রবিবারঃ সকাল ৯টা থেকে বিকাল ৫টা
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

Parkchester + Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
PARKCHESTER MEDICAL SERVICES
MEDICAL CENTER
718.828.6610
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচিঃ
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছেঃ •কর্মস্থলের ক্ষতিপুরন
•নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

ডা. মো. আব্দুল বাছিত
মেডিসিন বিশেষজ্ঞ

ডা. শামসি রহমান
মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশি মহিলা ডাক্তার

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ শামসি রহমান
Ex-Attending Physician Ambulatory Care Elmhurst Hospital
মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী মহিলা ডাক্তার

ডাঃ মোঃ আব্দুল বাছিত
মেডিসিন বিশেষজ্ঞ
Diplomate of American Board of Internal Medicine
Assistant Professor of Medicine
MOUNT SINAI SCHOOL OF MEDICINE
Attending Physician (Medicine Department)
QUEENS HOSPITAL CENTER

সেবা সমূহ

Same Day Appointment
Walk-in Welcome

- প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
- অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
- ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
- জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
- যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।

জ্যাকসন হাইটস অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।

ওজনপার্ক অফিস - রোগী দেখার সময় ঃ
মঙ্গলবার থেকে শুক্রবার ঃ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।

বাছিত মেডিকেল কেয়ার

JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.

SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
- গাড়ী দুর্ঘটনা
- বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

যে কোন পরামর্শের জন্য
যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

আপনজনদের সেবা করে
আয়ের সুবর্ণ সুযোগ নিন

BARI
HOME CARE
YOUR HEALTH OUR CARE

ট্রান্সফার ও নতুন কেস
$22
5 BOROUGH প্রতি ঘন্টায়
$২১ লং আইল্যান্ড
$১৮ ডলার বাফেলো

চলমান কেস ট্রান্সফার করে বেশী ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন

- হোম কেয়ার সুবিধা পেতে আমরা কোন চার্জ করি না
- কেয়ারগিভাররা অবকাশ ও অসুস্থতার জন্য পেইড লিভ পেয়ে থাকেন
- আমরা মেডিকেইড /স্ন্যাপ/ফুড স্ট্যাম্প নতুন করে আবেদন এবং নবায়নের জন্য সাহায্য করে থাকি।

বারী হোম কেয়ার
Passion of Seniros of NY Inc.
Your Health Our Care

- নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের সিডিপেপ একটি নতুন প্রোগ্রাম এর আওতায় আপনি ঘরে বসে আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি। আমরা আপনার হয়ে সমস্ত কাজ করে আয়ের সুযোগ করে দিব।
- আপনার প্রিয়জনের সেবার সমস্ত খরচ মেডিকেইড বহন করবে। এটি সম্পূর্ণ আইনসম্মত।
- আপনজনদের আর একা থাকতে হবে না, আমরা আছি আপনাদের সেবায়।

কাজ করার জন্য কোন ট্রেনিং বা সার্টিফিকেটের প্রয়োজন নাই

Asef Bari (Tutul)
C.E.O

আপনার পছন্দমত ডাক্তার রাখতে পারবেন, ঔষধ পেতে কোন সমস্যা হবে না।

আমরা CDPAP, HHA, PCA সার্ভিসেস প্রদান করি

Jackson Heights Office:
37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

Jamaica Office:
169-06 Hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

Bronx Office:
2113 Starling Ave.
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel:718-319-1000

Buffalo Office:
977 Sycamore St
2nd Floor,
Buffalo. NY 14212
Tel: 347-272-3973

Long Island Office:
469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

Ozone Park Office:
33 101 Ave,
Brooklyn, NY 11208
Tel: 718-942-5554

Brooklyn Office:
509 McDoland Ave
Brooklyn, NY 11218
Tel: 347-837-4908

Buffalo Office:
59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000,
716-400-8711

আজই কল করুন 718-898-7100, 631-428-1901

Fax: 646-630-9581, info@barihomecare.com www.barihomecare.com

পদ্মা
PADMA BRAND
CLASSIC
LONG GRAIN PARBOILED
BASMATI RICE
NET WEIGHT : 20 LBS.
SPECIALLY PACKED FOR :
EAST ASIA FOOD & TRADING, INC.
56-02, 56th-STREET
MASPETH, NY 11378
Tel. : 718-729-9466
$17.99 Each
20 LB
ORIGINAL
ক্রয় করার পূর্বে দেখে নিন
EAST ASIA FOOD
এর পদ্মা চাউলই আসল পদ্মা চাউল
EBT And All Major Credit Cards Are Accepted
Free Parking
Always Open (24hrs)
Free Delivery Within NYC
over $200 Purchase
Mach Bazar
মাছ
মাছ বাজার
www.MachBazarNY.com
Rohu Size 3 KG $2.59 /LB
Chandpuri Hilsha Size 10-12 $9.99 /LB
Hilsha Size 1 KG $8.99 /LB Shahjalal Brand
Hilsha Size 15-20 $11.99 /LB CK Brand
Magur $4.49 /LB Shahjalal Brand
Galda Shrimp $13.99 Each 2 LB PACK Size: 8-12
Shrimp Size 80-100 $11.99 Each 4 LB
Shrimp Size 70-80 $13.99 Each 4 LB
Silver Pomfret $6.99 /LB Size 3-5
Pangash $3.29 /LB Headless
Koral Size 1-1.5 KG $3.49 /LB
Medium Egg FREE 2 DOZ with $35 Additional Purchase
Beef with Bone $3.29 /LB
Regular Whole Goat $4.99 /LB Frozen Pre-Cut
Chicken Quarter Leg 79¢ /LB NO CUT OR CLEAN
Regular Whole Chicken $2.29 /LB
Chicken Breast $3.29 /LB
Milk 2/$4.99 1 GAL with $25 Additional Purchase
Rupsha Parboiled Basmati Rice $9.99 Each 20 LB with $49 Additional Purchase
Royal Bengal Tiger Basmati Rice $17.99 Each 20 LB
Nirapara Matta Rice $10.99 Each 10 LB
Krishok Kalizira Rice $12.99 Each 10 LB
EGN Kalizira Rice $13.99 Each 10 LB
Chashi Chinigura Rice $13.99 Each 10 LB
Empire Basmati Rice $49.99 Each 40 LB
Kohinoor Extra Fine Basmati Rice $9.99 Each 10 LB
Three Rivers Basmati Rice $11.99 Each 10 LB
Shan Ginger Paste $3.99 Each 24 OZ
Shan Garlic Paste $3.99 Each 24 OZ
Shan Ginger Garlic Paste $3.99 Each 24 OZ
Dano Full Cream Milk Powder $27.99 Each 2500 GM
Nanak Desi Ghee $24.99 Each 3.5 LB
Vrindavan Ghee $29.99 Each 64 OZ
Jhatpot Plain Paratha 2/$6.99 30 PCS EACH with $49 Additional Purchase
Mirch Masala Plain Paratha FREE 25 PCS with $99 Additional Purchase
Maggi Hot & Sweet Sauce 2/$6.99 $3.99 Each 2.2 LB
71-08 35th Ave, Jackson Heights, NY 11372 | Tel: (718) 205-6550
MachBazarNY
Price Subject to Change without any Prior Notice

PEOPLE N TECH
A Global Leader in Skill Development, Job Placement & Outsourcing
If you are stuck at home during this pandemic, take advantage of the time and get certified as a software tester and earn 100k to 200k
25% - 35%
DISCOUNT
QA Selenium Automation Course
Weekend Batch Start Date:
April 11th 2020 (VA Campus)
Saturday and Sunday (9:00AM to 2:00PM)
Weekday Batch Start Date:
April 14th 2020 (VA Campus)
Tuesday and Wednesday (6:00PM to 11:00PM)
Weekend Afternoon Batch Start Date:
April 19th 2020,(NY Campus)
Saturday and Sunday (2:30PM to 7:30PM)
Provided jobs to 6000+ Students
We have 15 years of experience in Training and Job Placement.
Certified Computer Training Institute by:
New York State Education Department & Bureau of Proprietary School Supervision
State Council of Higher Education for Virginia
Authorized Empolyment Agency by:
NYC
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


Turn your love into a bright future
Buying life insurance is about making sure the people who depend on you will be cared for, even if you're not around.
NEW YORK LIFE
Md Ruhul Amin
Agent
Phone: 646-270-0271
New York Life Insurance Company
95-25 Queens Blvd, 4th Floor
Rego Park, NY 11374
Phone: 646-270-0271
Email: mamin01@ft.newyorklife.com
SMRU#1878646

US TAX Bazaar Inc
we care
Tax & Immigration Services
(ট্যাক্স এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস)
NOTARY PUBLIC
AUTHORIZED IRS e-file PROVIDER
ADMITTED TO PRACTICE BEFORE THE IRS
ENROLLED AGENT
NIZAMUL WAHED SHAHIR, EA
M.Com (Accounting)
Licensed Real Estate Associate
INDIVIDUAL & BUSINESS TAX RETURN
(প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান এবং আন্তরিক)
WE CAN HELP TO APPLY OR FILL-UP THE FOLLOWING APPLICATION AND FORM:
Apply for U.S Citizenship or Passport
Petition for Alien Relatives
Green Card Renewal or Replacement
Re-entry Permit Application
Adjustment of Status
Renew Work Authorization Card etc.
CONTACTS:
Address: 184-02 Hillside Ave
1st Fl, Jamaica, NY-11432
Cell: 347-498-5117
Tel: 917-775-6329
Fax: 716-780-8225
Please inquire with us if you need more information.
(নিরিবিলি পরিবেশ এবং আমাদের অফিসের আশেপাশে পার্কিং পাওয়া যায়)

Print & Art
New York Medical Career Training Center
New York Medical Career Training Center
Committed To Provide Medical Training
Manhattan (212) 947-4444
Queens (718) 460-4340
Long Island (516) 778-9393
Programs Offered
Diagnostic Medical Sonographer
Medical Assistant (RMA)
EKG Technician
Phlebotomy Technician
EKG & Phlebotomy (CET & CPT)
Medical Billing (ICD9 & CPT)
Medical Office Administration (CMAA)
Patient Care Technician
Pharmacy Technician
Dialysis Tech (Bonnet)
Nursing Assistant (CNA)
Financial Aid Available •Licensed by NYS Ed
Nationally Accredited Institute

ড. সাইফুল খন্দকার

বাংলাদেশীদের মধ্যে সর্বপ্রথম নাসডাকে কোম্পানি লিস্টিং করে ইতিহাস রচনা করলো।

(NASDAQ : FEXDU)

FEDC
FINTECH ECOSYSTEM DEVELOPMENT CORP.

Nasdaq: FEXDU
Stock Symbol

বাংলাদেশ এখন নাসডাকে (NASDAQ)

FEDC ১৮৪৫ কোটি টাকার IPO করে প্রথম বাংলাদেশী ফাউন্ডেড কোম্পানি হিসেবে নাসডাক লিস্টেড হয়ে ইতিহাস রচনা করলো।

বাংলাদেশের ৫০তম জন্মবার্ষিকীতে একজন বাংলাদেশীর উদ্যোগে গড়ে তোলা একটি আর্ন্তজাতিক ডিজিটাল ব্যাংকিং এন্ড ফিনটেক কোম্পানির সূচনা হলো।

বাংলদেশী মেধায় তিলে তিলে গড়ে তোলা FEDC ২০২৩ এর মধ্যে ১৪টি আর্ন্তজাতিক ফিন্যান্সিয়াল প্রোডাক্ট বাজারে আনবে। ২০২৫ এর মধ্যে কমপক্ষে ২৫ থেকে ৩০টি ফিন্যান্সিয়াল প্রোডাক্ট আর্ন্তজাতিক ভাবে একটি অবিচ্ছেদ্দ ফিন্যান্সিয়াল ইকোসিস্টেম গড়ে তুলবে।

USA AFGHANISTAN BANGLADESH BHUTAN INDIA MALDIVES NEPAL PAKISTAN SRI LANKA

ALLIANCE OF SOUTH ASIAN AMERICAN LABOR (ASAAL)

FOURTH MEDIA APPRECIATION DAY & GOTV

Dear ASAAL Media Partners,

You are cordially invited to join ASAAL's Fourth Media Appreciation Dinner Day in honor of our local media owners, editors and all other personnel in print and electronic media for their selfless dedicated community outreach work. You are our community he/she-roes and you are our guests of honor at the dinner and every day! Faced with the most important election in our city\ while our volunteers are campaigning across the City the rest of us are preparing to show our continued love and respect to all our media partners.

This dinner is only to show our sincere appreciation for your hard work in bringing our news to the Community. Whether it is rain or shine you hand deliver community news to the door steps of our readers and even if paid or not paid, you air current news to our viewers locally and even across the globe! To us you are the best and together we plan to win big for our community and our future generations! Please join ASAAL at this historical event on:

Saturday, October 30, 2021
Time: 7:00 pm – 10:00 pm

ASAAL members of Executive Council, Life Members, Advisors, Trustees and Chapter Leaders are invited to join

Golden Age Home Care Hall

180-15 Jamaica Ave,Jamaica NY 11432

Speakers will speak on the importance of GOTV - Get Out The Vote on November 2nd at the General Election where we will be electing mainly the Mayor of the City of New York, Eric Adams, Public Advocate Jumaane Williams, Comptroller Brad Lander, all Borough Presidents and all City Council members across the city!

Please RSVP your presence by calling at 917-209-9772

You are cordially invited to attend

The 14th Annual Convention

Alliance of South Asian American Labor - ASAAL

Sunday, December 12, 2021 from 9:00 am – 4:00 pm

SHERATON LAGUARDIA EAST HOTEL

135-20 39TH Avenue, Flushing, NY 11354

The theme for the 2021 convention is:

"South Asians – Together We are Making History"

Come One, Come All – Be our Guest, Be part of Mainstream Politics

Maf Misbah Uddin
National President

Mohammed Chowdhury
National Secretary

Public Transportation: Bus: 17, 20, 25, 27, 34, 44, 48, 58, 65 to Roosevelt and Main Street; Subway: Number 7 train to Main Street Flushing Station; Rail Road: Long Island Rail Road (Port Washington Branch) to and from 34th Street - Pennsylvania Station, get off at Flushing-Main Street Station

Labor Donated

If you are interested to open a chapter in your city please call 917-209-9772

www.asaal.org asaal@asaal.org @asaal08 asaal_08 1-800-464-7370 Alliance of South Asian American Labor (ASAAL)

মেলার সমাপনী দিনেও বিভিন্ন স্টলে লেখক সাংবাদিক, ক্রেতা ও পাঠকের ভিড় ছিল

মুক্তধারা আয়োজিত নিউইয়র্ক বইমেলা শেষ

বিশেষ প্রতিনিধি

‘বই আমার শক্তি, বই আমার মুক্তি’ স্লোগানে শুরু হওয়া পাঁচ দিনব্যাপী ৩০তম নিউইয়র্ক বাংলা বইমেলা শেষ হয়েছে। ১ নভেম্বর রাতে জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে মেলার সমাপনী দিনেও বিভিন্ন স্টলে লেখক সাংবাদিক, ক্রেতা ও পাঠকের ভিড় দেখা যায়।

নিউইয়র্ক বইমেলার উদ্যোক্তা মুক্তধারা ফাউন্ডেশনের বিশ্বজিৎ সাহা বলেন, ঢাকা থেকে আসা প্রায় সবগুলো প্রকাশনীর স্টল ফাঁকা হয়ে গেছে। তুলনামূলক অনেক বেশি বই বিক্রি হয়েছে এবারের মেলায়। মেলা থেকে ফেরার সময় প্রায় প্রত্যেকের হাতেই ছিল বইয়ের ব্যাগ। বাংলা বই নিয়ে প্রবাসীদের উৎসাহ প্রবাসের লেখকদের জন্য উৎসাহের বলে তিনি উল্লেখ করেন।

বিশ্বজিত সাহা বলেন, ‘‘বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে প্রবাস প্রজন্মের আগ্রহ আমাকে অভিভূত করেছে। বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী’, ‘কারাগারের রোজনামচা’ ও তাঁর ইংরেজি অনুবাদের কপি নতুন প্রজন্মের ছেলে-মেয়েরা মেলায় এসে কিনেছে। কবি হুমায়ুন আজাদের লেখা ‘আওয়ার বিউটিফুল বাংলাদেশ’-এর বেশ কিছু কপি বিক্রি হয়েছে। সবচেয়ে বেশি বিক্রি হয়েছে বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বই এবং লেখক সাংবাদিক হারুন হাবীব ও গবেষক মুনতাসীর মামুনের মুক্তিযুদ্ধভিত্তিক বইগুলো।’’

বিশ্বজিৎ সাহা বলেন, ‘স্কুল-কলেজগামী অনেক ক্রেতার কাছে জানতে চেয়েছিলাম কেন তারা মুক্তিযুদ্ধভিত্তিক বই এবং বঙ্গবন্ধুর জীবনীকে প্রাধান্য দিচ্ছেন? জবাবে প্রায় সবাই জানিয়েছে, স্কুল-কলেজে রচনা লেখার সময় বাংলাদেশ নিয়ে বিস্তারিত লিখতে এটা গভীর থেকে জানা জরুরি। সত্যিকারের ইতিহাস না জানলে রচনা লিখব কীভাবে, পাল্টা প্রশ্ন করেছে তারা।’

তিন দিনের বই মেলায় দেখা গেছে প্রবাসে বসবাসরত লেখকদের প্রকাশিত বেশ কিছু বই ছিল বিক্রয়ের দিকে শীর্ষে। লেখক গীতিকার ইশতিয়াক রূপু তাঁর নতুন প্রকাশিত বইয়ের বিক্রি নিয়ে সন্তুষ্টির কথা জানালেন। নিউইয়র্ক প্রবাসী কবি ফারহানা ইলিয়াস তুলির কবিতার বই ছিল অনেকের হাতে হাতেই।

মেলার আয়োজক মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান ফেরদৌস সাজেদীন এবং মেলার আহ্বায়ক নুরুন্নবী জানান, এবারের মেলায় শ্রেষ্ঠ স্টলের জন্য ‘মুক্তধারা-কথা প্রকাশ পুরস্কার’ পেয়েছে ‘অনন্যা’। মেলায় ‘স্মৃতিময় একাত্তর’ শিরোনামে অনুষ্ঠানে গোবিন্দ হালদারের ‘পূর্ব দিগন্তে সূর্য উঠেছে রক্ত লাল রক্ত লাল’ গানটি পরিবেশন করেন রথীন্দ্রনাথ রায়, কাদেরি কিবরিয়া এবং শহীদ হাসান। তবলায় ছিলেন পিনাক পানি গোস্বামী এবং মন্দিরায় শহীদ। সমাপনী অনুষ্ঠানে সামনের বছরের ৩১তম বইমেলার আহ্বায়কের নামও ঘোষণা করা হয়। তিনি হচ্ছেন মুক্তধারা ফাউন্ডেশনের উপদেষ্টামণ্ডলীর অন্যতম সদস্য গোলাম ফারুক ভূঁইয়া।

পারিবারিক সহিংসতার শিকার হলে ভোটার তালিকায় তথ্য গোপন রাখা যাবে

আবদুস শহীদ

নিউইয়র্কে পারিবারিক সহিংসতার শিকার লোকজনের ভোটার তালিকায় দেওয়া পরিচয় গোপন রাখা হবে। সহিংসতা ও নির্যাতনের শিকার লোকজনের ব্যক্তিগত নিরাপত্তার জন্য এ নিয়ে আইন প্রণয়ন করা হয়েছে। ডোমেস্টিক ভায়োলেন্স মাস হিসেবে পালিত অক্টোবর মাসের ২৮ তারিখ রাজ্য গভর্নর ক্যাথি হকুল এ আইনে স্বাক্ষর করেছেন। গৃহ সহিংসতার শিকার লোকজনের ব্যক্তিগত নিরাপত্তার জন্য রাজ্য সভায় আইনটির প্রস্তাব করেছিলেন রাজ্য সভার সদস্য নেইলি রোজিক এবং রাজ্য সিনেটর জেলনর মাইরি।

আইন প্রস্তাবে বলা হয়েছিল, পারিবারিক সহিংসতার শিকার লোকজনকে নিজেদের আড়াল করতে গিয়ে অনেক ক্ষেত্রেই পরিচয় গোপন রাখতে হয় নিরাপত্তার কারণে। ফলে ভোটার তালিকাভুক্তি থেকে নিজেদের সরিয়ে রাখেন। ভোটাধিকারের মতো একটি মৌলিক অধিকার থেকে পারিবারিক সহিংসতার শিকার লোকজনকে বাদ দেওয়া যায় না উল্লেখ করে ওই দুই আইনপ্রণেতা উদ্যোগ গ্রহণ করেছিলেন।

গভর্নর ক্যাথি হকুল রাজ্য সভায় আইনটি পাস হওয়ার পর এখন থেকে পারিবারিক সহিংসতার শিকার নিউইয়র্কের যে কেউ ভোটার তালিকাভুক্তির সময়ে একটি অ্যাফিডেভিট করতে পারবেন। অ্যাফিডেভিটে সহিংসতার শিকার লোকজন তাঁদের ব্যক্তিগত তথ্য প্রকাশ না করার ইচ্ছা প্রকাশ করলেই ভোটার তালিকায় তাঁদের নাম প্রকাশ করা হবে না।

আইনটি পাস হওয়ার পর নিউইয়র্কের বিভিন্ন নাগরিক সংগঠন আইনটির প্রশংসা করে বলেছেন, একটি ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর নিরাপত্তার জন্য আইনটি সহায়ক ভূমিকা পালন করবে।

মোটর শোভাযাত্রাটি বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে জ্যাকসন হাইটসে এসে শেষ হয়

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে মোটর শোভাযাত্রা

উত্তর আমেরিকা অফিস

জাতীয়তাবাদী যুবদলের ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে যুক্তরাষ্ট্র যুবদল। এ উপলক্ষে গত ৩১ অক্টোবর দুপুরে নিউইয়র্কের জ্যাকসন হাইটস ডাইভার্সিটি প্লাজায় মোটর শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন কমিটির আহ্বায়ক মো. আবুল কাশেমের সভাপতিত্বে ও সদস্যসচিব রেজাউল আজাদ ভূঁইয়ার সঞ্চালনায় শোভাযাত্রা ও সমাবেশে ঢাকা থেকে টেলিফোনে বক্তব্য দেন বাংলাদেশ সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাইফুল আলম নীরব ও সাধারণ সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু। সূচনা বক্তব্যের মাধ্যমে দলের নেতা-কর্মীদের করণীয় নিয়ে জোরালো বক্তব্য প্রদান করেন সংগঠনের সাধারণ সম্পাদক আবু সাইদ আহমদ।

সমাবেশে উপস্থিত নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য দেন—বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক জনপ্রিয় সংগীত শিল্পী বেবী নাজনীন, যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী, সাধারণ সম্পাদক আবু সাইদ আহমদ, যুবদলের কেন্দ্রীয় কমিটির প্রতিষ্ঠাকালীন নেতা কামাল সাইদ মোহন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধ্যক্ষ জসীম ভূঁইয়া, যুক্তরাষ্ট্র যুবদলের নেতা মিজানুর রহমান মিজান, কাজী আমিনুল ইসলাম স্বপন, বি এম বাদশাহ, শেখ হায়দার আলী, খলকুর রহমান, আশরাফুজ্জামান আশরাফ, মাইনুল হাসান মহিদ, মাসুদ রানা, আহসান উল্লাহ মামুন, মনিরুল ইসলাম মনির, মাহবুবুর রহমান মুকুল, আল মামুন সবুজ, বুরহান উদ্দিন লেমন, এমদাদ তরফদার, হাসান আহমেদ, অহিদুজ্জামান নীলু, জাহাঙ্গীর আলম জয়, হামিদুর রহমান হামিদ, নিউইয়র্ক বাংলাদেশি লায়ন্স ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ।

বেলুন উত্তোলন ও পায়রা অবমুক্ত করণের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী। অনুষ্ঠানটির প্রধান সমন্বয়কারী ছিলেন সাবেক ছাত্রনেতা মিজানুর রহমান মিজান।

সমাবেশের পর বিশাল পোস্টার ও ব্যানারসহ মোটর শোভাযাত্রাটি নিউইয়র্কের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে জ্যাকসন হাইটসে এসে সমাপ্ত হয়।

নিউইয়র্ক বইমেলায় ‘সাম্প্রদায়িকতা বিরোধী কবিতা’

কবিতা পাঠ করছেন কবি ও আবৃত্তি শিল্পীরা

রোকেয়া দীপা

মুক্তধারা ফাউন্ডেশন আয়োজিত নিউইয়র্ক বইমেলায় ‘সাম্প্রদায়িকতা বিরোধী কবিতা’ অনুষ্ঠানে কবিদের কণ্ঠে উচ্চারিত হয়েছে বৈষম্য ও সাম্প্রদায়িকতা বিরোধী বজ্রকণ্ঠ।

গত ৩০ অক্টোবর জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে বইমেলা মিলনায়তনের পাশেই কবিদের নিয়ে জমকালো পৃথক এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি মিনার মনসুর।

কবি ফকির ইলিয়াসের সঞ্চালনায় অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট ছিলেন একুশে পদকপ্রাপ্ত লেখক বীর মুক্তিযোদ্ধা নুরুন নবী, মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি ফেরদৌস সাজেদীন এবং কবি ও প্রকাশক জাফর আহমদ রাশেদ।

ফেরদৌস সাজেদীন বলেন, বাংলাদেশে কোনো সাম্প্রদায়িক আগ্রাসন আমরা মানব না।

অনুষ্ঠানের শুরুতেই কবি ফকির ইলিয়াস বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর বিবিসিকে দেওয়া একটি সাক্ষাৎকারের সঙ্গে দ্বিমত পোষণ করেন। তিনি বলেন, বাংলাদেশে সনাতন ধর্মাবলম্বীদের অনেক উপাসনালয় ধ্বংস করা হয়েছে। আক্রমণ করা হয়েছে। সাম্প্রদায়িকতা বিরোধী আজকের এই কবিতা সমাবেশ এর তীব্র প্রতিবাদ করছে।

অনুষ্ঠানে কবিতা পাঠ করেন—জাফর আহমদ রাশেদ, হুমায়ুন কবীর ঢালী, সৈয়দ মামুনুর রশীদ, আনোয়ার সেলিম, মিশুক সেলিম, আদনান সৈয়দ, এ বি এম সালেহ উদ্দিন, ফারহানা ইলিয়াস তুলি, আহমেদ ছহুল, আবু সাঈদ রতন, ইশতিয়াক রূপু, শাহাব আহমেদ, খালেদ সরফুদ্দীন, আলম সিদ্দিকী, রানু ফেরদৌস, বেনজির শিকদার, মীম নওশীন নওয়াল খান, জেবুন্নেছা জোৎস্না, সবিতা দাস, আবুল বাশার প্রমুখ।

অনুষ্ঠানে কবি সৈয়দ শামসুল হকের কবিতা আবৃত্তি করেন আবৃত্তি শিল্পী পারভীন সুলতানা। কবি আবিদ আজাদের কবিতা আবৃত্তি করেন সাহিত্য অ্যাকাডেমি নিউইয়র্কের পরিচালক মোশাররফ হোসেন।

অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন নুরুন নবী। তিনি বলেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক চেতনায় স্বাধীন হয়েছি। আমরা এই আদর্শ থেকে বিচ্যুত হব না।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন আহমেদ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সউদ আহমদ চৌধুরী, লেখক হাসান ফেরদৌস প্রমুখ।

পঞ্চমবারের মতো বাফেলো শহরের মেয়র হলেন বায়রন ডব্লিউ ব্রাউন

আসিফ মোক্তাদির

টানা পঞ্চমবারের মতো বাফেলো শহরের মেয়র নির্বাচিত হয়েছেন বায়রন ডব্লিউ ব্রাউন। বাফেলো শহরের মেয়র হিসেবে ১৬ বছর ধরে দায়িত্ব পালন করার পর আরও চার বছরের জন্য নির্বাচিত হলেন তিনি।

চলতি বছরের জুনে মেয়র নির্বাচনের জন্য অনুষ্ঠিত প্রাইমারি ইলেকশনে মেয়র ব্রাউন পরাজিত হন। প্রাইমারি ইলেকশনে ডেমোক্রেটিক দল থেকে ইন্ডিয়া ওয়ালটন জয়লাভ করে সবাইকে তাক লাগিয়ে দেন। কিন্তু ওয়ালটনের এ বিজয়ে ডেমোক্রেটিক দলের অনেক নেতাসহ বাফেলোর অনেক স্থানীয়রা মেনে নিতে পারেননি। প্রাইমারি ইলেকশনে পরাজয়ের পর বায়রন ব্রাউন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মেয়র নির্বাচনে লড়াই করার ঘোষণা দেন এবং রাইট-ইন ক্যাম্পেইনের মাধ্যমে তাঁর নির্বাচনী প্রচারণা শুরু করেন।

সমর্থকদের সঙ্গে মেয়র বায়রন ডব্লিউ ব্রাউন

প্রাইমারি ইলেকশনে ওয়ালটনের জয় অনেকের কাছে বিস্ময়ের মতোই ছিল। প্রাইমারি ইলেকশনকে ঘিরে পর্যাপ্ত নির্বাচনী প্রচারণা না চালানোর জন্য মেয়র ব্রাউনকে পরাজিত হতে হয় বলে অনেক মনে করেন।

মেয়র নির্বাচনকে ঘিরে বাফেলোতে বসবাসকারী বাংলাদেশিদের মধ্যে অনেক উৎসাহ ও উদ্দীপনা ছিল। বাংলাদেশিদের বেশির ভাগেরই সমর্থন ছিল মেয়র ব্রাউনের জন্য এবং মেয়র ব্রাউনের জয়লাভের জন্য অনেকে অনেক পরিশ্রম করেছেন। বাংলাদেশিদের বিশ্বাস মেয়র ব্রাউন ভবিষ্যতেও এভাবে বাংলাদেশিদের পাশে দাঁড়াবেন এবং বাংলাদেশিদের সামনে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবেন।

পরিচিতি সভায় সমর্থকদের সঙ্গে রব-রুহুল পরিষদের সদস্যরা

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

ওজোন পার্কে রব-রুহুল পরিষদের পরিচিতি সভা

রুদ্র মাসুদ

বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী রব-রুহুল পরিষদের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় কুইন্সের ওজোন পার্কে মম’স রেস্টুরেন্টের হলে অনুষ্ঠিত সভায় বিপুলসংখ্যক ভোটার এবং বিভিন্ন কমিউনিটি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী বাংলাদেশ সোসাইটির সভাপতি কামাল আহম্মেদ, সহসভাপতি আবদুল খালেক খায়ের ও আজাদ বাকেরের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। একই সঙ্গে প্রতিষ্ঠার সময় থেকে আজ পর্যন্ত বাংলাদেশ সোসাইটিকে এগিয়ে নিতে বিভিন্ন সময়ে যারা দায়িত্ব পালন করেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

সভায় বক্তারা করোনা মহামারির সময়ে যারা নিজের জীবনের ঝুঁকি নিয়ে কমিউনিটিতে বাংলাদেশি পরিবারদের পাশে ছিলেন এমন প্রার্থীদের ভোট দেওয়ার আহ্বান জানান বিভিন্ন কমিউনিটি সংগঠনের নেতৃবৃন্দ। এ ছাড়া মামলা দিয়ে সোসাইটির নির্বাচনসহ বিভিন্ন কার্যক্রম ব্যাহতকারীদের বয়কট করার আহ্বান জানান বক্তারা।

জাহিদ মিন্টু এবং সারোয়ার হোসেনের সঞ্চালনায় সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও প্রয়াত ব্যক্তিদের মাগফিরাত কামনায় দোয়া করেন মাওলানা রশিদ আহম্মদ। কমিউনিটি অ্যাকটিভিস্ট বাবর উদ্দিনের সভাপতিত্বে সভায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী, বাংলাদেশ সোসাইটির সাবেক ও বর্তমান কর্মকর্তা এবং বিভিন্ন কমিউনিটি সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন—আবদুর রব (রব মিয়া), রুহুল আমিন সিদ্দিকী, নাজমুল হাসান মানিক, মফিজুর রহমান, মেসবাহ উদ্দিন আহম্মেদ, মিজানুর রহমান, ফারুক চৌধুরী, নুরুল হক, মোস্তফা কামাল পাশা বাবুল, আজহার উদ্দিন, ইউসুফ জসিম, মাওলানা আবদুল আলিম, মোস্তফা কামাল, রেজাউল আলম অপু, শামীম মাহবুব, ফয়সল আলম, হাসানুজ্জামান বাদল, আবদুল মান্নান প্রমুখ।

সভায় প্রার্থীরা যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতির সঙ্গে প্রবাসী বাংলাদেশিদের যুক্ত করা, সমস্যা-সম্ভাবনার বিষয়গুলো নিয়ে জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনার প্রত্যয় ব্যক্ত করেন। এ ছাড়া বনভোজন কিংবা জাতীয় দিবস পালনের মতো কর্মসূচি পালনের মাধ্যমে আনুষ্ঠানিকতার পরিবর্তে প্রবাসী বাংলাদেশিদের দোরগোড়ায় বাংলাদেশ সোসাইটির সেবা নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। পাশাপাশি নির্বাচিত হলে ভবিষ্যতে বাংলাদেশ সোসাইটির সদস্য তালিকা অনলাইনে হালনাগাদ করণ, মামলামুক্ত স্বচ্ছ-জবাবদিহিমূলকভাবে সংগঠন পরিচালনার অঙ্গীকার করেন প্রার্থীরা।

সভাপতি প্রার্থী আবদুর রব মিয়া বলেন, তাঁদের পরিষদে প্রার্থীরা দীর্ঘদিন ধরে বিভিন্ন কমিউনিটি সংগঠনের দায়িত্ব পালন করে আসছেন। সাংগঠনিক দক্ষতা এবং করোনাকালীন কমিউনিটির পাশে থাকার অভিজ্ঞতাকে পুঁজি করে বাংলাদেশ সোসাইটিকে এগিয়ে নিতে তাঁদের ভোট দেওয়ার জন্য আগামী ১৪ নভেম্বর ভোটকেন্দ্রে যাওয়ার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান।

ওজোন পার্কে সিরাত মাহফিল

রুদ্র মাসুদ

কুইন্সের ওজোন পার্কে সিরাত মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা) সেন্টার অব ওজোন পার্কের উদ্যোগে শনিবার বায়তুন নূর জামে মসজিদে এই মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)-এর আদর্শকে অনুসরণ, ধারণ এবং পালনের মধ্য দিয়ে প্রতিটি মুসলমানের জীবন গঠনের ওপর আলোকপাত করা হয় মাহফিলে।

মহানবী (সা.)-এর জীবনী ও আদর্শ তুলে ধরেন মাহফিলের প্রধান আলোচক মোহাম্মদ রুহুল আমিন। মাওলানা রশিদ আহম্মদের সঞ্চালনায় মাহফিলে



সিরাত মাহফিলে আলোচক ও মুসল্লিরা

বিশেষ আলোচক ছিলেন হাফেজ মুশাররফ হোছাইন। সভাপতিত্ব করেন রুহুল আম্বিয়া সুমন। এতে বিপুলসংখ্যক মুসল্লি অংশ নেন। নারীদের জন্যও আলোচনা শোনার পৃথক আয়োজন ছিল।

প্রধান আলোচক বলেন, মহানবীকে কেবল ভালোবাসলে হবে না। তিনি যে কাজগুলো করেছেন সেই কাজগুলোও আমাদের করতে হবে। ধৈর্য, সহিষ্ণুতা, ন্যায়পরায়ণতা, প্রতিবেশীর পাশে থাকা, অমুসলিমদের সঙ্গে সদ্ব্যবহার, দ্বীনের দাওয়াত দেওয়াসহ সুন্নাহকে সমুন্নত রাখতে হবে।

সংবাদে মিথ্যাচার অনৈতিক

শেষ পৃষ্ঠার পর

করে ও ধোঁকা দেয়, সে আমাদের দলভুক্ত নয়।' (মুসলিম) একজন দায়িত্বশীল ও প্রকৃত ইমানদার ব্যক্তির কাজ হলো, প্রাপ্ত কোনো সংবাদ সম্পর্কে যাচাই-বাছাই করে তার সত্যতা নিশ্চিত করা এবং তা অন্যের জন্য কল্যাণকর হলে সমাজে প্রচার করা।

বর্তমান যুগে সামাজিক যোগাযোগের মাধ্যম হিসেবে ফেসবুক, মেসেঞ্জার, টুইটার, হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন তথ্যপ্রযুক্তির মাধ্যমে আমরা বিভিন্ন সংবাদ সম্পর্কে অবগত হয়ে থাকি। প্রচারিত সংবাদ মুহূর্তের মধ্যে সর্বত্র ভাইরাল হয়ে থাকে। যদি তা সত্য ও জনকল্যাণকর বা ইতিবাচক হয় ভালো কথা, আর যদি তা কোনো দল বা সম্প্রদায়ের নিজস্ব অনুভূতিতে আঘাত করে সমাজে নেতিবাচক প্রভাব ফেলে তবে তা সত্য হলেও বিভেদ পরিহারের স্বার্থে তা প্রচার করা থেকে বিরত থাকা উচিত। কারণ তা উপকার না করে ক্ষতিই করে অনেক বেশি। পক্ষান্তরে তা যদি মিথ্যা ও ভিত্তিহীন হয়ে থাকে, তবে প্রচারকারী যেমন মিথ্যাবাদী বলে সাব্যস্ত হয়, তেমনি সামাজিক বিশৃঙ্খলাও বাড়তে পারে কয়েক গুণ।

সৃষ্টির সেরা জীব মানুষ সামাজিক জীবন করে আসছে যুগ যুগ ধরে। একে অপরের সঙ্গে মনের ভাব আদান-প্রদান করে আসছে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রেরণ করে। প্রেরিত ও প্রচারিত সংবাদ যা-ই হোক না কেন, যিনি সংবাদ শোনেন অথবা গ্রহণ করেন, তাঁর জন্য প্রাপ্ত সংবাদটি যাচাই-বাছাই করে তার সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্বাস করা ও প্রচার করা। প্রচারিত সংবাদটি যদি মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন হয়ে থাকে তবে প্রচারকারীও মিথ্যাবাদী হওয়ার আশঙ্কা থাকে। মিথ্যা সংবাদ প্রচারিত হওয়ার কারণে যেমন তথ্যবিভ্রাট হয়ে থাকে, তেমনি সমাজে নানা রকম বিশৃঙ্খলাও সৃষ্টি হতে পারে। এমনকি সমাজে দাঙ্গা-হাঙ্গামাসহ প্রাণহানির মতো ঘটনাও ঘটতে পারে। এ প্রসঙ্গে মহানবী (সা.)-এর সময়ের একটি ঘটনা উল্লেখ করা যায়, মহানবী (সা.) বনি মুস্তালিকের কাছে জাকাত আদায়ের জন্য আল-ওয়ালিদ ইবন উকবাকে পাঠান। বনি মুস্তালিকের কাছে এ সংবাদ পৌঁছালে তাঁরা আল-ওয়ালিদকে স্বাগত জানানোর জন্য রাস্তায় এগিয়ে আসেন। এতে আল-ওয়ালিদ ভীত হয়ে পড়েন। কারণ, তখন তাঁর গোত্র ও বনি মুস্তালিকের মধ্যে ভীষণ শত্রুতা ছিল।

এর পরিপ্রেক্ষিতে তিনি অর্ধেক রাস্তা থেকে ফিরে এসে মহানবী (সা.)-কে জানান, বনি মুস্তালিক জাকাত দিতে অস্বীকৃতি জ্ঞাপন করেছেন এবং অস্ত্র দিয়ে তাঁকে হত্যা করতে উদ্যত হয়েছেন। মহানবী (সা.) আল-ওয়ালিদের কাছ থেকে এ সংবাদ শুনে ভীষণ রাগান্বিত হন এবং একপর্যায়ে তাঁদের সঙ্গে যুদ্ধ করতে মনস্থির করেন। এতে সাহাবিরাও তাঁকে সমর্থন করেন। ইত্যবসরে বনি মুস্তালিকের একটি প্রতিনিধিদল মদিনায় মহানবী (সা.)-এর কাছে উপস্থিত হয়ে বলেন, হে আল্লাহর রাসুল! আমরা সংবাদ পেলাম যে, আমাদের কাছে জাকাত আদায়ের জন্য প্রেরিত আল-ওয়ালিদ অর্ধেক রাস্তা থেকে ফিরে এসেছেন। আমরা আশঙ্কা করছি, হয়তো আপনি আমাদের ওপর রাগান্বিত হয়েছেন এবং তাঁকে ফিরে আসতে বলেছেন। আমরা এ জন্য আল্লাহর কাছে পানাহ চাচ্ছি।

তাঁদের এ কথা শুনে মহানবী (সা.) আল-ওয়ালিদের ফিরে আসার বিষয়টি বুঝতে পারলেন। তখন আল্লাহ তাঁর নবীর উদ্দেশ্যে যে আয়াতটি অবতীর্ণ করেন তা হলো, 'হে ইমানদারগণ, যদি কোনো ফাসিক তোমাদের নিকট কোনো সংবাদ নিয়ে আসে, তাহলে তোমরা তা যাচাই করে নাও। এ আশঙ্কায় যে, তোমরা অজ্ঞতাবশত কোনো সম্প্রদায়কে আক্রমণ করবে, ফলে তোমরা তোমাদের কৃতকর্মের জন্য লজ্জিত হবে।' (সুরা হুজুরাত, ৬)

তাই আল্লাহ সত্য কথা বলার নির্দেশ দিয়ে বলেন, 'হে ইমানদারগণ, তোমরা আল্লাহকে ভয় করো এবং সঠিক কথা বলো। তিনি তোমাদের জন্য তোমাদের কাজগুলোকে শুদ্ধ করে দেবেন এবং তোমাদের পাপগুলো ক্ষমা করে দেবেন।' (সুরা আহজাব, ৭০-৭১)। অপরদিকে কোনো ব্যক্তি যে কথাই শোনেন তাই যদি প্রচার করেন, কিন্তু যাচাই করেন না, হাদিসে তাঁকেও মিথ্যাবাদী বলে আখ্যায়িত করা হয়েছে। মহানবী (সা.) বলেন, 'একজন ব্যক্তি যা শোনে তাই যদি প্রচার করে, তবে এটি তার মিথ্যাবাদী হওয়ার জন্য যথেষ্ট।' (মুসলিম)।

একজন দায়িত্বশীল ও প্রকৃত ইমানদার ব্যক্তির কাজ হলো, প্রাপ্ত কোনো সংবাদ সম্পর্কে যাচাই-বাছাই করে তার সত্যতা নিশ্চিত করা এবং তা অন্যের জন্য কল্যাণকর হলে সমাজে প্রচার করা। কোনো ব্যক্তি যাচাই-বাছাই করতে সক্ষম না হলে তিনি তাঁর দায়িত্বশীল অথবা যিনি এ সম্পর্কে জ্ঞান রাখেন, তাঁর মাধ্যমে সংবাদটি সম্পর্কে নিশ্চিত হওয়া। কেননা, এ ব্যাপারে কোরআন মজিদে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। আল্লাহ বলেন, 'আর যখন তাদের কাছে শান্তি কিংবা ভীতিজনক কোনো বিষয় আসে, তখন তারা তা প্রচার করে। আর যদি তারা সেটি রাসুলের কাছে এবং তাদের দায়িত্বশীল ব্যক্তিদের কাছে পৌঁছে দিত, তাহলে অবশ্যই তাদের মধ্যে যারা তা উদ্ভাবন করে তারা তা জানত। আর যদি তোমাদের ওপর আল্লাহর অনুগ্রহ ও তার রহমত না হতো, তবে অবশ্যই অল্প কয়েকজন ছাড়া তোমরা শয়তানের অনুসরণ করতে।' (সুরা নিসা, ৮৩)।

এ কথা ভুলে গেলে চলবে না, আমরা যে কথাই বলি-না কেন, আল্লাহ তা সংরক্ষণ করেন এবং আমাদের সঙ্গে তিনি নিয়োজিত রেখেছেন পাহারাদার। আল্লাহ বলেন, 'যখন ডানে ও বামে বসা দুজন লেখক পরস্পর গ্রহণ করবে। মানুষ যে কথাই উচ্চারণ করে, তার জন্য তার কাছে সদা উপস্থিত রয়েছে তৎপর প্রহরী।' (সুরা ক্বাফ, ১৭-১৮)।

এমনকি সত্য হলেও তা যদি কোনো সম্প্রদায়ের জন্য স্পর্শকাতর হয়ে থাকে, তবে তা বিভিন্ন মাধ্যমে প্রচার না করে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে হবে। তবেই সমাজ থাকবে সংঘাতমুক্ত এবং দেশ হবে নিরাপদ আশ্রয়স্থল। সংবাদ প্রচারিত ও প্রেরিত হয় বলে আমরা দেশ-বিদেশের অবস্থা সম্পর্কে অবহিত হয়ে থাকি। যাঁরা সংবাদ তৈরি করেন, প্রচার করেন ও বিভিন্ন মাধ্যমে প্রেরণ করেন, তাঁদের খেয়াল রাখতে হবে, প্রতিটি সংবাদ সবার জন্য কল্যাণকর নয়। তাই তা যেন বানোয়াট, মিথ্যা, উদ্দেশ্যপ্রণোদিত, উসকানিমূলক ও ভিত্তিহীন না হয়।

নিউইয়র্কে ডাকনামে নির্বাচনে

শেষ পৃষ্ঠার পর

এই বিলে স্বাক্ষর করার মাধ্যমে মাধ্যমে তা আইনে পরিণত হয়। নিউইয়র্ক সিটি কাউন্সিল ও স্টেট নির্বাচনে প্রার্থিতা বাতিল হওয়া বাংলাদেশি-আমেরিকান দুই নারী এই আইন প্রয়োগে বিশেষ ভূমিকা রেখেছেন। ডাকনামে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করায় বোর্ড অব ইলেকশন তাঁদের প্রার্থিতা বাতিল করে দিয়েছিল। এখন আইন সভায় রীতিমতো আইন পাস করে মূল নামের পরিবর্তে ডাকনামে নির্বাচন করার বৈধতা দিয়েছে নিউইয়র্ক রাজ্য। রাজধানী আলবেনিতে স্টেট ও সিনেটে পাস হয়েছে নতুন আইন হিসেবে।

২০২০ সালের এপ্রিলে ডেমোক্রেটিক দলীয় প্রাইমারি নির্বাচনে নিউইয়র্ক রাজ্যের অ্যাসেম্বলিওমেন পদে মেরি জোবায়দা আর অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট লিডার পদে মৌমিতা আহমেদ মনোনয়ন দেন। সার্টিফিকেটে মেরি জোবায়দার নাম মেহেরুন্নেছা আর মৌমিতা আহমেদের নাম আকিয়া তাসনিম আহমেদ। প্রার্থিতায় মেহেরুন্নেছার পরিবর্তে মেরি জোবায়দা আর আকিয়া তাসনিম আহমেদের পরিবর্তে মৌমিতা আহমেদ ব্যবহার করায় তাঁদের মনোনয়ন বাতিল হয়। মেরি ও মৌমিতা পরবর্তীতে বোর্ড অব ইলেকশনের আদেশকে চ্যালেঞ্জ করে আদালতে যান। আদালতে তাঁরা তুলে ধরেন, মূল নামের পরিবর্তে ডাকনাম ব্যবহারের কারণ। বাংলাদেশের প্রেক্ষাপট তুলে ধরে আদালতকে তাঁরা জানান, বাংলাদেশে সার্টিফিকেটে থাকা নামের বাইরেও ডাকনামে পরিচিত হয় অধিকাংশ মানুষ। এ কারণেই মেরি ও মৌমিতা তাঁদের নিজ নিজ ডাকনাম ব্যবহার করে নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় অংশ নেন। নিউইয়র্কের মানুষ তাঁদের মূল নামের পরিবর্তে ডাকনামেই বেশি চেনেন। তাঁদের কথায় আদালত সন্তুষ্ট হয়ে প্রার্থিতা বহাল রাখেন।

পরবর্তীতে ডাকনামের কারণে ভবিষ্যতে আর কারও প্রার্থিতা যেন বাতিল না হয় সে জন্য এগিয়ে আসেন নিউইয়র্ক রাজ্যের আইনপ্রণেতারা। নিউইয়র্ক রাজ্য সিনেটর জন ল্যু বিষয়টি আইন আকারে সিনেটে উত্থাপন করলে সংখ্যাগরিষ্ঠের ভোটে ডাকনামেও নির্বাচন করার আইন পাস হলো। পরে স্টেট অ্যাসেম্বলিম্যান জেফরিন এল অউব্রি বিলটি অ্যাসেম্বলিতে তুললে সেখানেও সংখ্যাগরিষ্ঠদের ভোটে আইন পাস হয়।

মায়ের সঙ্গে শিমুল খানের

শেষ পৃষ্ঠার পর

শিমুল খান বলেন, 'আমার নানা গান গাইতেন। নানার কাছে গান শোনার পর থেকেই গান আমাকে টানে। এরপর বড় হয়ে মার কাছে শিখছি। তবে আম্মার কঠিন শর্ত, আমার সম্মান রাখতে হবে। আমি বর্তমানে ফোক গান করছি এবং স্টেজে গাইলে কোনো হিন্দি গান করি না। বাংলা গান করি এবং সব সময় করতে চাই।'

শিমুল খানের প্রথম একক গানের শিরোনামগুলো হলো—নদী ভরা ঢেউ; দেখে যারে মাইঝ ভান্ডারি; ও বাঁশি রে; ধিকো ধিকো ও মাইশাল গো; আমারে ছাড়িয়া নছর; এক জনমের জীবন এবং দিলরুবা খানের সঙ্গে দ্বৈত কণ্ঠে আছে 'গ্রামের নওজোয়ান' ও 'মনের আগুন জ্বলে দ্বিগুণ'।

মেয়ের গান নিয়ে দিলরুবা খান বলেছেন, 'গান অনেক সাধনার বিষয়। শিমুল যদি ঠিকমতো চর্চা করে, তাহলে সে অবশ্যই ভালো করবে। আর আমি চাই আমার মেয়ে আমার চেয়েও ভালো করুক।'

মার্কিন সীমান্তে অভিবাসীদের

শেষ পৃষ্ঠার পর

পথ ঘুরিয়ে মেক্সিকো সীমান্ত দিয়ে লোকজনকে আমেরিকায় পাচার কাজে নিয়োজিত রয়েছে। এ অভিযাত্রায় আমেরিকাগামী বাংলাদেশিদের মৃত্যু নিয়ে মার্কিন সংবাদমাধ্যমে সংবাদ পরিবেশিত হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণের পর যুক্তরাষ্ট্রে প্রবেশ করার জন্য মেক্সিকো সীমান্তে শরণার্থীর সংখ্যা দিনে দিনে বাড়ছে। উন্নত ভবিষ্যতের প্রত্যাশায় যুক্তরাষ্ট্রের দক্ষিণ সীমান্তে এসব শরণার্থী এসে অবস্থান নেয়।

অভিবাসী সহায়ক দেশ হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের বেশ সুনাম আছে। এ কারণে সুন্দর ভবিষ্যতের প্রত্যাশায় বিভিন্ন দেশ থেকে অনেকেই শরণার্থী হিসেবে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের জন্য শরণার্থী ভিসা বা অ্যাসাইলামের জন্য আবেদন করেন। প্রেসিডেন্ট জো বাইডেন এসব শরণার্থীদের জন্য যুক্তরাষ্ট্রের আশ্রয়ব্যবস্থা বা অ্যাসাইলাম সিস্টেমে পরিবর্তন আনার ঘোষণা দিয়েছিলেন। দক্ষিণ সীমান্তে জড়ো হওয়া এসব শরণার্থীদের জন্য সব সময় অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিতিশীলতা এবং মতবিরোধের সৃষ্টি হয়েছে। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সীমান্তে কড়াকড়ি আরোপ করায় এবং করোনাভাইরাসের জন্য গত বছর মেক্সিকো সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে আসা শরণার্থীর সংখ্যা কমতে থাকে। কিন্তু প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় আসার পর সীমান্তে যেসব কড়াকড়ি ছিল তা শিথিল করেন। এরপর থেকে মেক্সিকো সীমান্ত দিয়ে আসা শরণার্থীর সংখ্যা বাড়তেই আছে। গত ২১ বছরের মধ্যে বর্তমানে যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে সবচেয়ে বেশি শরণার্থী ভিড় করছে। পিউ রিসার্চ সেন্টারের প্রকাশিত তথ্য অনুযায়ী, চলতি বছরের জুলাই মাসে যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে প্রায় দুই লাখ শরণার্থী অবস্থান করে। প্রায় ২১ বছর ধরে কোনো নির্দিষ্ট মাসে এত বেশি সংখ্যক শরণার্থী ভিড় করার রেকর্ড ছিল না। সর্বশেষ এত সংখ্যক শরণার্থী ২০০০ সালের মার্চে অবস্থান করেছিল। প্রায় দুই লাখের মতো শরণার্থী সে সময় যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে অবস্থান করেছিল।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় থাকাকালীন মেক্সিকো সীমান্তে দেয়াল তৈরির জন্য সচেষ্ট ছিলেন। অভিবাসী সহায়ক দেশ হিসেবে যুক্তরাষ্ট্রের যে খ্যাতি ছিল, তিনি ক্ষমতায় থাকাকালীন তা অনেকটা হুমকির মুখে পড়ে। যার প্রমাণ মেলে গত বছরের এপ্রিল মাসে যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে মাত্র ১৬ হাজারের মতো শরণার্থীর অবস্থান। করোনাভাইরাসের প্রভাব এর অন্যতম কারণ। শরণার্থী হিসেবে সীমান্তে অবস্থান করার পর কাউকে সরাসরি আবার নিজ দেশে অথবা সর্বশেষ যে দেশ দিয়ে সীমান্তে এসেছে সে দেশে পাঠিয়ে দেওয়া হয়। আবার কাউকে বিচারের জন্য যুক্তরাষ্ট্রে নির্দিষ্ট জায়গায় অথবা কারাগারে হেফাজতে রাখা হয়। বর্তমান সময়ে অভিবাসনের জন্য যেসব শরণার্থী ভিড় করছে, তাদের বেশির ভাগকেই সীমান্ত থেকে আবার ফেরত পাঠিয়ে দেওয়া হচ্ছে। ট্রাম্পের শাসনামলের শেষদিকে এবং যুক্তরাষ্ট্রে করোনার প্রাদুর্ভাব শুরুর পর থেকে প্রতি মাসে প্রায় ৮০ শতাংশ শরণার্থীকেই যুক্তরাষ্ট্রে ঢুকতে না দিয়ে সীমান্ত থেকে পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় আসার পর থেকে এ চিত্র পাল্টাতে শুরু করেছে। চলতি বছরের জানুয়ারি মাসে সীমান্ত থেকে শরণার্থী পাঠিয়ে দেওয়ার হার ছিল প্রায় ৮৩ শতাংশ। কিন্তু জুলাই মাসে এ সংখ্যা কমে ৪৭ শতাংশতে দাঁড়িয়েছে। চলতি বছরে আসা শরণার্থীর মধ্যে পরিবারের চেয়ে একক পুরুষ কিংবা নারীর সংখ্যা বেশি। চলতি বছরের জুলাই মাসে আসা শরণার্থীদের মধ্যে ২৬ শতাংশ মেক্সিকান নাগরিক এবং ৪৫ শতাংশ এল সালভাদর, হন্ডুরাস ও গুয়াতেমালার নাগরিক।বিশেষজ্ঞরা ধারণা করছেন, সীমান্তে কড়াকড়ি শিথিল করার ফলে অভিবাসনপ্রত্যাশী শরণার্থীর সংখ্যা আগামী দিনগুলোতে আরও বাড়বে।

বাসা ভাড়া

দুটো রুমসহ কিচেন, টয়লেট সম্পূর্ণ পৃথক ১ তালা ভাড়া দেওয়া হবে। Melville, Long Island, Newyork. Half hollow Hills school district. যোগাযোগ : 929-328-5042

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কে জ্যামাইকায় ১৭৩ স্ট্রিট ও হিলসাইড এভিনিউতে ৩ বেডরুম ও ২১/২ বাথরুমের একটি ডুপ্লেক্স ফ্ল্যাট ১লা জুন বা জুলাই থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া মাসিক ২৫০০ (বিদ্যুৎ, গ্যাস ও হিটিং বিল ছাড়া) কোন গাড়ি পাকিং নেই।
যোগাযোগ : 347-684-2169, 347-289-7512

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

পাত্রী চাই

সুপ্রতিষ্ঠিত পেশায় ইঞ্জিনিয়ার গ্রীনকার্ড হোল্ডার USA থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত ৫.৭' ৩৩ বছর বয়সী পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ :732-595-2602 Email :kanalyst2020@gmail.com

রুম ভাড়া

জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথের একজন ছাত্রী অথবা কর্মজীবি মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিচেন ও বাথরুম শেয়ার করতে হবে।
যোগাযোগ : 347-237-3171

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটস সংলগ্ন নর্দান বুলেভার্ড ও ৮০ স্ট্রিটে প্রাইভেট বাসার বেসমেন্ট (২ বেডরুম,লিভিং রুম, ডাইনিং, কিচেনসহ) ১ আগস্ট থেকে ভাড়া হবে। ছোট পরিবারকে অগ্রাধিকার দেয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৪৭৬-৬৮৭৩

রুমমেট চাই

Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধুমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন : তাজমহল রেস্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটে। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে।
যোগাযোগ : 347-553-4830

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email : drmah007@gmail.com, **ফোন : ৫৭১-৪৮৯-৯০১৩**

পাত্র চাই

আমেরিকান নাগরিক, চাকুরীরতা B.S in applied mathematics (UMD), MS in Project Management (UMD) এবং বর্তমানে MBA পাঠরত।(UMD) ধার্মিক মেয়ের জন্য সমমানের শিক্ষিতা মুসলিম পাত্র চাই। অনুগ্রহ পূর্বক ছবি ও বায়োডাটাসহ যোগাযোগ করুন : nazir.ullah@longandfoster.com

ডেলিভারি ম্যান আবশ্যক

নিউইয়র্কের পাঁচ বোরোতে নিউজ পেপার ডেলিভারি দেওয়ার জন্য গাড়িসহ দুজন ডেলিভারি ম্যান আবশ্যক। ফোন 518-253-0966

পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫''৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ : 732-595-2602। Email : kanalyst2020@gmail.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter's Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি :সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

বাসা ভাড়া দেওয়া হবে

বেডরুম ৩, বড় একটি লিভিং রুম, বাথরুম, কিচেনটি খুব বড় ও শেয়ার হবে। 148-09-86 Ave 2nd floor, Jamaican Hillside. মসজিদ, মাদ্রাসা, বাস স্ট্যান্ড, F ট্রেন সাবওয়ে সব কিছু অতি নিকটে। যোগাযোগ : 929-328-5042

পাত্রী সন্ধান

দেশে ও প্রবাসে প্রতিষ্ঠিত পাত্রের জন্য পাত্রী (৩৫+, ৫'৪", শুশ্রী) আবশ্যক। ডাক্তার অথবা কলেজ গ্রেজুয়েট এবং সনাতন সংস্কৃতি চর্চার অভিজ্ঞতা থাকা আবশ্যক। বায়োডাটা, রফারেন্স (আত্মীয়/ অনাত্মীয়) এবং ছবি সহ যোগাযোগ করুন : email - ghoshsc@aol.com

লোক আবশ্যক

উডসাইডের একটি বাংলাদেশী রেস্তোরাঁয় তাৎক্ষণিক নিয়োগের জন্য লোক আবশ্যক। Positions Open :Kitchen helper, Customer service,Cleaner (রান্নাঘরের সাহায্যকারী, গ্রাহক সেবা, পরিষ্কারক) Pls contact : 1 (917) 578-1798

বাসা ভাড়া

১ম তলা ২ বেড রুম এবং ২য় তলা ৩ বেড রুম ব্রুকলিন, সাটার এভিনিউ কর্নার ফাউন্টেন এভিনিউ। বড় ড্রয়িং রুম। এ এবং সি ট্রেন, জুনিয়র স্কুল, পোস্ট অফিসের কাছে। নভেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ : খলিল-৯১৭-৬৪২-৯৭২৯

পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা - কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। **যোগাযোগ- 13475538417**

Housekeeper wanted

Looking for a middle age or widowed woman housekeeper. Who will stay full time with the family and help with day to day household work. Help with cooking, cleaning, cutting food, laundry, wash dishes, clothes, help elderly mother etc.
Living and food is free. Monthly salary is negotiable.
Contact: Liza (734-578-3760) Canton City, Michigan.

গৃহকর্মী আবশ্যক

মিশিগানে বাংলাদেশী একটি পরিবারে ঘরের কাজের জন্য কর্মী আবশ্যক। মধ্যবয়সের বা বিধবা মহিলা কর্মী খোঁজা হচ্ছে। কাজের মধ্যে রান্নাঘরে কাটাকুটির কাজ, রান্না করা, কাপড় লন্ড্রি করা, ইস্ত্রি করা, ঘরের অন্যান্য নিয়মিত কাজে সাহায্য করাসহ পরিবারের সাথে বসবাসরত শাশুড়িকে দেখাশোনা করার কাজ করতে হবে। কাঙ্ক্ষিত গৃহ সহকর্মী পরিবারের সাথে সব সময় থাকতে হবে। থাকা ও খাওয়া দাওয়া ফ্রি। মাসিক বেতন আলোচনা সাপেক্ষে।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন :
লিজা, ক্যান্টন সিটি, মিশিগান। ফোন : (734-578-3760)

Partners and Investor আবশ্যক

Pennsylvania এর York শহরে একটি Solar এবং Garments Factory জন্য Partners and Investor আবশ্যক। গ্রীণকার্ড এর সুবিধা আছে।

যোগাযোগ
202-683-5854
202-397-3419

নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায় বিশ্বস্ত নাম আসিফ চৌধুরী

লাইসেন্সড রিয়েলেটর

(ডিজিট্যাল কার্ডের জন্য ৮৫৩৭৭ নাম্বারে টেক্সট করুন)

যোগাযোগ : ৯১৭-৭৪১- ৫৩০৮ (সেল)
অফিস : ৭১৮- ২৬২- ০২০৫
ফ্যাক্স : ৭১৮-২৬২- ০২৫৪
ইমেইল : ashif.choudhury@gmail.com

১৮৯-১০ হিলসাইড আভিন্যু,
সুইট : ই হলিস, এনওয়াই ১১৪২৩
www.EXITPrimeNY.com

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

বাসা ভাড়া দেওয়া হবে

১ বেড রুম এবং ২ বেড রুমের বাসা ভাড়া দেওয়া হবে। স্থান : East 35 Between Church & Snyder Ave Brooklyn, NY (B-35 বাস এবং 2 & 5 Train)। যোগাযোগ : 646-496-3334

বাসা ভাড়া

২টি রুম ভাড়া হবে। কিচেন শেয়ার। Hildside এবং সাটফিন বুলবার্ডে। মসজিদ, মাদ্রাসা, গ্রোসারী, F ট্রেন সাবওয়ে,বাস স্ট্যান্ড সব কিছু অতি নিকটে। এবং 132 St এবং 88 Ave তে রিচমন্ড হিল একটি রুম ভাড়া দেওয়া হবে।একজন ব্যাচেলার এর কাছে। যোগাযোগ : 929-328-5042

বাসা ভাড়া

41-21,54st Queens,ফ্যামিলির কাছে ৬ মাসের জন্য ভাড়া দেওয়া হবে। অথবা ১জন কর্মজীবী মহিলা/মেয়ে এর জন্য ভাড়া দেওয়া হবে। সাবওয়ে ও বাসস্টপ থেকে ১ ব্লকের মধ্যে। যোগাযোগ :347-242-8605

Apartment For Rent

Manhattan, Columbus Ave & 100St on the upper West Side 1 Studio Apartment Separate Bath & Kitchen Rent from September 2021. Included Utility Bill $1100. Train 1,2,3,B, C & in front of the apartment Bus station available. Contact : 347-656-5106 or Email : bjsaha@gmail.com

Apartment For Rent

Rent :1) Large Studio (like one bedroom) with a huge eat-in kitchen, Standup Shower & Bathtub, plenty of closet space, and 150 sq/ft porch/balcony overlooking goose pond park. Apt is located in Highland ave Jamaica, 2 blocks away from jamaica mosque. Rent $1,550. Max 2 people. Must have Good Credit and Job Approval. Require Board Approval

2) Two bedrooms Attic for Rent in Elmont. Walking distance to Halal shops, Mosque, Halal restaurants. Superb school district. Max two people. Walking distance express bus to 169th st Hillside. Everything included. Rent $1275. Call HEMEL : 9178263498, Email : Mohammad.hemel@gmail.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter's Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

OFFICE SUITS FOR RENT

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭২ স্ট্রিট ও রুজভেল্ট এভিন্যুর কর্ণারে প্রফেশনাল অফিস সেন্টারে বিভিন্ন সাইজের পৃথক অফিস রুম ভাড়া দেয়া হবে।

Please Contact: **646-641-5348**
Email: DgDesignNYC@gmail.com

PRIVATE TUTORING

GRADE 4 - 12

MATH & ELA | SHSAT | SAT
NY ST EXAM | NY ST REGENTS

➔ EXPERT TUTOR :
+20 YEARS TEACHING EXPERIENCE IN PUBLIC & PRIVATE SCHOOLS IN Sty V , Bronx Sci, Trinity ...

FOR RATE AND MORE DETAIL PLEASE VISIT :

TanvirTutoring.com/privatelesson
833-826-8478

বাসা ভাড়া

জ্যামাইকা হলিসে, ২য় তলা ১ সেপ্টেম্বর মাস থেকে ২টা বেডরুম, বড় বাথরুম, লিভিং ও কিচেন একসাথে। সম্পূর্ণ নতুন ও বড় এটিকসহ ভাড়া দেওয়া হবে। নিরিবিলি ও মনোরম পরিবেশ। রাস্তা গাড়ি পার্কিং সুবিধা আছে। মসজিদ, দোকান, লন্ড্রি, স্কুল ও বাস বাসার কাছে। Q3, Q2, Q83 ভাড়া আলোচনাসাপেক্ষে। বিস্তারিত জানতে কল করতে পারেন ৯১৭-৭১৭-৮৫৮২

বাড়ি ভাড়া

জামাইকার ব্রায়ারউড ১৫০ স্ট্রিটে এখনই মুভ করার মতো বাড়ি ভাড়া হবে। তিন বেড রুম। হিটিং এবং গ্যাস বিল ভাড়ার সাথে ঠিক করা হবে। চমৎকার নিরিবিলি পরিবেশ।
প্রকৃত আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন ৯১৭- ২৪২- ৭২৮৫

রুম ভাড়া

এফ ও ই ট্রেনের নিকটে 139 স্টিটে একজন কর্মজীবি মহিলা বা স্টুডেন মেয়ের কাছে আলাদা রুম ভাড়া দেওয়া হবে। ফুল ফার্নিসড। 347-475-8406/ 347-725-7526

লোক আবশ্যক

কুইন্স ভিলেজে বেবি সিটার ও ঘরের ছোটখাট কাজের জন্য পার্ট টাইম লোক আবশ্যক। # 646-515-1469

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

এ্যাপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকা এ্যাভিনিউতে E F J & LI R R ট্রেনের সন্নিকটে তিন বেড দুই বাথরুম বড় লিভিং রুম ও কিচেনসহ প্রাইভেট হাউসের একটি এ্যাপার্টমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ ৭১৮-৬৯০-৬৭৪৮

রুম ভাড়া

84-58 162 street জ্যামাইকা পারসন বুলবার্ডে F ট্রেনের পাশে দ্বিতীয় তলায় একটি ফ্যামেলীর সাথে থাকার জন্য স্বামী-স্ত্রী বা মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। 917-412-0615

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউয়ে ৮৮-২১ ১৮৭ স্ট্রীটের ২য় তলায় একটি বেডরুম, বাথরুম, কিচেনসহ ভাড়া দেওয়া হবে। সম্পূর্ণ রিনোভেটেড। ভাড়া সমস্ত বিলসহ ১৬০০ ডলার। যোগাযোগ : 929-386-6473

মহিলা আবশ্যক

জ্যামাইকা, কুইন্সে বাসার দৈনন্দিন কাজ করার জন্য একজন মহিলা আবশ্যক, এবং পার্ট টাইম সেলস ম্যান পদের জন্য একজন মহিলা আবশ্যক। জ্যামাইকা বসবাসকারীকে প্রাধান্য দেয়া হবে। যোগাযোগ করুন দুপুর ১ টা থেকে রাত ১ টা পর্যন্ত। 9176695000

বেসমেন্ট ভাড়া

হিলসাইড ও জ্যামাইকা এভিনিউর মাঝে ১৯৯ স্ট্রিট, হোলিসে ২ বেডরুম, ১ লিভিং রুমের বেসমেন্ট ভাড়া হবে। ব্যাচেলর/ছোট পরিবার অগ্রাধিকার। মোবাইল : ৩৪৭-২৩৮-৬২৯৩, ৩৪৭-৪৭৬-২২৮৩

Help Wanted

Office Assistant full time position available in Bari Home Care, in Jackson Heights location. Computer knowledge Required. please call or send your resume. 631-428-1901 intake@barihomecare.com

Help Wanted

Looking for employee's for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire : CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers : +1-347-499-9427, +1-917-687-5248

Help Wanted

People/ employees are needed for fast food stores. @ Tanger mall @ Deer Park, Long Island. For All positions.Interested parties are requested to contact below.+1-347-499-9427/+1-917-687-5248

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেষ্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ সাঈদ-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩৬ বছর (৫-৪") সুশিক্ষিত মুসলিম পাত্রের জন্য উপযুক্ত পাত্রী চাই। ডিভোসী হলেও চলবে। পাত্র দেখতে সুন্দর, নামাজী। অভিভাবক এমনকি পাত্রী সরাসরি যোগাযোগ করতে পারেবন। ৯২৯-৩৯৫-৫৩১৫

পাত্র চাই

আমেরিকা বসবাসরত গ্রীনকার্ডধারী বাংলাদেশ থেকে ইংলিশে ব্যাচেলার করা ২৫ বছর বয়সী পাত্রীর জন্য দেশে/ আমেরিকায় কম্পিউটার ইঞ্জিনিয়ার/ইলেকট্রিক ইঞ্জিনিয়ার পাত্র চাই। ধুমপানমুক্ত সুশিক্ষিত ধার্মিক পাত্র চাই।
Email : bfatama34@gmail.com Phone :646-266-2609

পাত্র চাই

আমেরিকান সিটিজেন, ২৯ বছর বয়সী কর্মরত রেজিস্ট্রার ফার্মাসিস্ট পাত্রীর জন্য পাত্র চাই। Doctor, Eng. Pharmacist, IT professional অগ্রাধিকারযোগ্য। যোগাযোগ : 718-902-7200

রুম ভাড়া

কুইন্স ভিলেজ ২২৭-১১২ রোড এ একটি রুম একজন ব্যাচেলার এর কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : 917-463-9953

লিভ ইন ন্যানি আবশ্যক

চার বছর বয়সী বাচ্চার জন্য। বাচ্চা স্কুল যায় প্রতিদিন 7 :30-3 :30, বাসায় আসার পর বাচ্চার যত্ন এবং রান্নার কাজে সাহায্য প্রায়োজন। বাসায় আলাদা বেডরুম এবং বাথরুম সুবিধা পাবেন। প্রতি মাসে ২ উইকেন্ডে ছুটি পাবে। **অবস্থান :** ওয়েস্টচেস্টার/ভালহাল্লা এনওয়াই। লায়লা 719 373 3083 নম্বরে কল করুন বা টেক্সট করুন। বেতন আলোচোনা সাপেক্ষে হবে।

লোক আবশ্যক

রিগো পার্কে ঘরের কাজের জন্য একজন মহিলা আবশ্যক। 831-313-8600

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্দ্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া : 700 যোগাযোগ : 646-645-9830

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন**। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

পাত্রী চাই

শিক্ষিত, মার্জিত ও প্রতিষ্ঠিত চল্লিশোর্ধ (Early Forties) সিটিজেন পাত্রের জন্য অনুর্ধ ৩৫ বছরের পাত্রী আবশ্যক। আমেরিকায় অবস্থানরত অথবা নিজ দায়িত্বে আমেরিকায় আসতে সক্ষম পাত্রীরা সাম্প্রতিক ফটো এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ যোগাযোগ করুন। সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
যোগাযোগের ঠিকানা : PO BOX : 4698 Sunnyside NY 11104
অথবা ই-মেইল : pjlovebangla@yahoo.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২১
BANGLADESH SOCIETY INC, ELECTION 2021
১৪ নভেম্বর, রোববার নির্বাচনে
ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ
নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন
নয়ন-আলী
পরিষদ
B1
কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain (Nayan), President
B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary
B2
আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President
B3
মোঃ রেজাউল করিম (সগীর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagir)
Vice President
B5
মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary
B6
মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z Khan (Duke)
Treasurer
B7
আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary
B8
মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary
B9
শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary
B10
আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary
B11
মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary
B12
মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary
B13
মোঃ সামাদ মিয়া (জাকের)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary
B14
ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duke)
Executive Member
B15
মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member
B16
মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member
B17
আহসান উল্লা (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member
PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL
অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন
নয়ন-আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
ELECTION DATE: NOVEMBER 14 , 2021
PLEASE VOTE FOR
NAYAN-ALI PANEL
প্রচারে ঃ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

কুইন্সে মেজবান অনুষ্ঠিত

উত্তর আমেরিকা অফিস

ঈদে মিলাদুন্নবী (সা.) অর্গানাইজিং কমিটি অব নর্থ আমেরিকার উদ্যোগে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) এর মাহফিল ও চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান অনুষ্ঠিত হয়েছে। ঈদে মিলাদুন্নবী অর্গানাইজিং কমিটি নর্থ আমেরিকা প্রতি বছর নিউইয়র্কে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে।

গত ৩১ অক্টোবর সন্ধ্যায় কুইন্সের নবান্ন রেস্টুরেন্টে এই মেজবান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঈদে মিলাদুন্নবী (সা.) মাহফিলে প্রধান অতিথি ছিলেন দিনাজপুর জেলার ইসলামিক রিসার্চ সেন্টারের প্রতিষ্ঠাতা সভাপতি মাওলানা সাইয়িদ এরশাদ আহম্মেদ আল বোখারী।

প্রধান বক্তা ছিলেন নিউইয়র্কের উডসাইডের আহলে বাইয়াত জামে মসজিদের খতিব মুফতী সৈয়দ আনসারুল করিম আল-আজহারী। সভাপতিত্ব করেন ইউএসএ ওলামা সোসাইটির সভাপতি ও নিউইয়র্কের এস্টোরিয়ার গাউছিয়া জামে মসজিদের খতিব আল্লামা জালাল সিদ্দিকী। এ আয়োজনে নাত পরিবেশন করে আল কোরানা অ্যাকাডেমি।

ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত মেজবান অনুষ্ঠানে দুই সহস্রাধিক লোককে আপ্যায়ন করা হয়। আয়োজকদের মধ্যে উপস্থিত ছিলেন অ্যাকটিভিস্ট মনির আহমেদ, আইয়ুব আনসারি, আহসান হাবিব, মাকসুদুল হক চৌধুরী, হারুনুর রশিদ, সামছুল চৌধুরী, কাজী আযম, কামাল উদ্দিন মিঠু, মতিউর চৌধুরী, আশরাফ আলী খান লিটন।

মেজবান অনুষ্ঠানে দুই সহস্রাধিক লোককে আপ্যায়ন করা হয়

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business
Zakir H. Chowdhury
President
■ Now Hiring Sales Persons
■ Free Training (Free course fees for selected people)
■ Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্‌স ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার
Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।
ultra SIMPLE h2o T-Mobile UNIVISION mobile Lycamobile
Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা
Our Services
★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
★ Car Accidents
★ Medical Mal Practice
★ Accident in Construction
★ Lead Poisoning
★ Slip and Fall
★ Dental Mal Practice
★ Immigration all kinds &
★ Green Card via employment & Investments
★ Real Estate & Business Closings
★ Non payment or no over time payment
★ Will, Trust and Estate Planning
★ Bankruptcy, Landlord-Tenant
★ Family Matter-Divorce
★ All Civil Matters
"Prior results do not guarantee a similar outcome"
New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London
LL.M, USA. Attorney-At-Law, NY
Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com
বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney
REAL ESTATE SALESPERSONS
MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
DR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

সংবর্ধনা সভায় বিশিষ্টজনেরা

নজরুল ইসলামকে প্রোগ্রেসিভ ফোরামের সংবর্ধনা

উত্তর আমেরিকা অফিস

জাতিসংঘের উন্নয়ন গবেষণা প্রধান হিসেবে নজরুল ইসলাম নিয়োগ পাওয়ায় প্রোগ্রেসিভ ফোরাম ইউএসএ তাঁকে সংবর্ধনা দিয়েছে।

গত ৩১ অক্টোবর জাতিসংঘের উন্নয়ন গবেষণা প্রধান হিসেবে নজরুল ইসলামের নিয়োগ প্রাপ্তি উপলক্ষে এই সংবর্ধনা সভার আয়োজন করা হয়।

নজরুল ইসলাম আন্তর্জাতিক পরিসরে একজন সুপরিচিত অর্থনীতিবিদ এবং বাংলাদেশের পরিবেশের কল্যাণমুখী অভিবাসীদের সংগঠন এনভায়রনমেন্ট নেটওয়ার্ক ও বাংলাদেশ পরিবেশ আন্দোলনের স্বপ্নদ্রষ্টা ও উদ্যোক্তা। জাতিসংঘের উন্নয়ন গবেষণা প্রধান হিসেবে তিনি বৈশ্বিক উন্নয়নের বিভিন্ন বিষয়ে জাতিসংঘের মূল গবেষণা প্রতিবেদন প্রণয়নে নেতৃত্ব দেবেন এবং জাতিসংঘের উন্নয়ন নীতি নির্ধারণে সহায়তা প্রদান করবেন।

নজরুল ইসলাম বেশ কয়েকটি গবেষণাধর্মী বইয়ের লেখক। এর মধ্যে রয়েছে জাসদের রাজনীতি : একটি নিকট বিশ্লেষণ (১৯৮১); বাংলাদেশের উন্নয়ন সমস্যা : বর্তমান উন্নয়ন ধারার সংকট এবং বিকল্প পথের প্রশ্ন (১৯৮৭); Resurgent China: Issues for the Future (২০০৯); পুঁজিবাদের পর কী (২০১৫); Let the Delta Be a Delta (২০১৬) ইত্যাদি উল্লেখযোগ্য।

সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নিয়ে বিশিষ্ট অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক রেহমান সোবহান বলেন, নজরুল ইসলামের গুরুত্বপূর্ণ গবেষণা প্রায়োগিক অর্থনীতির বিশ্লেষণ-উত্তর তাত্ত্বিক কাঠামো নির্মাণ করে। যা কিনা একটি দেশের নীতি অর্থনৈতিক নীতি নির্ধারণে সাহায্য করতে পারে।

বিশিষ্ট অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ বলেন, দেশের বাইরে থেকেও বাংলাদেশের পরিবেশ রক্ষায় নজরুল ইসলাম বুদ্ধিবৃত্তিক চর্চাকে নাগরিক সক্রিয়তায় ও গণসচেতনায় কাজে লাগিয়েছেন। গবেষকদের মধ্যে এ রকম দৃষ্টান্ত খুব বেশি দেখা যায় না।

মানবাধিকার কর্মী ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল বলেন, তাঁর এই নিয়োগ বাংলাদেশের পরিবেশ আন্দোলনকে অনুপ্রাণিত করবে।

প্রোগ্রেসিভ ফোরামের সভাপতি খোরশেদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রোগ্রেসিভ ফোরামের সাধারণ সম্পাদক আলীম উদ্দিন স্বাগতিক বক্তব্য রাখেন।

প্রোগ্রেসিভ ফোরামকে অনুষ্ঠানটি আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে নজরুল ইসলাম তাঁর বক্তব্যে বাংলাদেশের পরিবেশ বিষয়ে তাঁর আগ্রহ সৃষ্টির ইতিহাস বর্ণনা করেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন—অধ্যাপক আতিউর রহমান, গোলাম কিবরিয়া, হায়দার আলী খান, সালেহ তানভীর, তাজুল ইসলাম, মহসিন সিদ্দিক, তাইবুল খান, মুস্তাফিজুর রহমান, আবদুল মতিন, শরীফ জামিল, দিবালোক সিংহ, আহমেদ আহসান, সৈয়দ আখতার মাহমুদ, মোহাম্মদ খালেকুজ্জামান, রোকেয়া খানম, শিরীন বকুল, কামরুল আহসান খান, আহমাদ মাযহার, শ্যাম চন্দ, গোলাম মুর্তজা, তানভিরা মুস্তাফা ইসলাম, প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দীপেন ভট্টাচার্য।

এটিএম মেশিন চুরি

রওশন হক

ট্রাক ভাড়া করে নিউইয়র্ক সিটির লং আইল্যান্ড ম্যারিয়ট হোটেল থেকে পুরো এটিএম মেশিন চুরি নিয়ে গেছে দুই তস্কর। ২ নভেম্বর ভোর চারটার দিকে এ ঘটনা ঘটেছে। লং আইল্যান্ড সিটির ইউনিয়ন্ডেল এলাকায় ম্যারিয়ট হোটেলের কর্মীরা মঙ্গলবার সকালে জানতে পারেন হোটেলের এটিএম মেশিনটি যথাস্থানে নেই।

প্রাথমিক তদন্তে দেখা গেছে, দুজন চোর ইউহোল ট্রাক নিয়ে হোটেলের একটি অরক্ষিত প্রবেশ পথ দিয়ে ঢুকেছেন। তাঁরা একটি হ্যান্ডট্রাক ব্যবহার করে এটিএম মেশিনটি ট্রাকে উঠিয়ে নিয়ে গেছেন। চুরি হওয়া এটিএম মেশিনে ঠিক কত অর্থ রয়েছে, তা এখনো প্রকাশ করা হয়নি। চোরদের কোনো ছবিও প্রকাশ করা হয়নি।

পুলিশ তদন্ত করছে এবং এ নিয়ে কারও কাছে কোনো তথ্য থাকলে তা নিউইয়র্ক পুলিশের অপরাধ দমন বিভাগকে ফোন করে জানাতে অনুরোধ করা হয়েছে।

মঞ্চে গাইছেন শশী

ক্লোজআপ ওয়ান তারকা শশীর একক কনসার্ট

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত হয়ে গেল ক্লোজআপ ওয়ান তারকা নীলিমা শশীর একক কনসার্ট। ২৪ অক্টোবর রাতে পিজি কেয়ার প্রো এই কনসার্টের আয়োজন করে।

জামালপুরের মেয়ে নীলিমা শশী। ২০০৮ সালের ক্লোজআপ ওয়ান প্রতিযোগিতা দিয়ে পরিচিতি লাভ করেন। বর্তমানে তিনি যুক্তরাষ্ট্রে বসবাস করছেন।

দেশাত্মবোধক, আধুনিক, রবীন্দ্র সংগীত ও বাংলা ছায়াছবির পুরোনো গান দিয়ে কনসার্ট সাজান ক্লোজআপ ওয়ান তারকা শশী। 'সব কটা জানালা খুলে দাও না' দেশাত্মবোধক এই গান দিয়েই শুরু করেন কনসার্ট। এরপর একে একে গেয়ে শোনান 'আমি কি তোমার মতো এত ভালোবাসতে পারি'; 'তুমি আমায় ডেকেছিলে এক মেঘে ঢাকা দিনে'; 'তুমি যাকে ভালোবাস'সহ অনেকগুলো আধুনিক গান গেয়ে শোনান শশী। পরিবেশন করেন রবীন্দ্র সংগীত 'মম জীবন যৌবন'সহ প্রায় ২০-২৫টি গান।

শশীর একক কনসার্ট উপভোগ করেন আমেরিকাপ্রবাসী বাঙালি সংগীত শিল্পী, রাজনীতিক, কমিউনিটি অ্যাকটিভিস্ট, ব্যবসায়ীসহ অনেকেই। কনসার্টের মিডিয়া পার্টনার ছিল এনটিভি।

টিকার বাধ্যবাধকতায় পরিচ্ছন্নতা কর্মীর সংকট

রোকেয়া দীপা

করোনার টিকা গ্রহণ না করলে নিউইয়র্ক সিটি কর্মীদের কাজে যোগদানের সুযোগ নেই। ১ নভেম্বর থেকে কার্যকর হওয়া এ নির্দেশের কারণে সিটিতে পরিচ্ছন্নতা কর্মীর সংকট দেখা দিয়েছে।

সিটির স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে, টিকা বাধ্যতামূলক করার পরও প্রায় ১৭ শতাংশ পরিচ্ছন্নতা কর্মী তা গ্রহণ করেননি। এঁদের অনেকেই কাজ থেকে বিনা বেতনে ছুটি নিয়েছেন। সিটির সর্বত্র ময়লা ও আবর্জনার স্তূপ জমে থাকতে দেখা গেছে মঙ্গলবারের কর্ম দিবসেও।

একটি স্বাভাবিক দিনে নিউইয়র্ক সিটির পরিচ্ছন্নতা কর্মীরা আবাসিক এলাকাগুলোর সামনে থেকে ১২ হাজার মেট্রিক টন আবর্জনা সরানোর কাজ করে থাকেন। ১৭ শতাংশের বেশি কর্মীর অনুপস্থিতিতে সিটির স্যানিটেশন বিভাগকে এ কাজে হিমশিম খেতে হচ্ছে। অতিরিক্ত সময় কাজ করেও পরিচ্ছন্নতা কর্মীরা সামাল দিতে পারছেন না। কুইন্স, ম্যানহাটন, স্ট্যাটেন আইল্যান্ড ঘুরে দেখা গেছে, সর্বত্র আবর্জনার ব্যাগ স্তূপ হয়ে পড়ে আছে। এসব আবর্জনার স্তূপ থেকে পচা গন্ধ ছড়িয়ে পড়ছে।

সিটির স্যানিটেশন বিভাগ থেকে বলা হয়েছে, তারা পরিস্থিতি স্বাভাবিক করার জন্য সব প্রয়াস গ্রহণ করেছে। কয়েক দিনের মধ্যেই স্বাভাবিক পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব বলে জানানো হয়েছে।

এদিকে স্যানিটেশন বিভাগের যেসব কর্মী টিকা গ্রহণ করেননি, তাঁরা দপ্তরের সামনে বিক্ষোভ করছেন। তাঁরা বলছেন, ইচ্ছার বিরুদ্ধে টিকা প্রদানে বাধ্য করা হচ্ছে। তাঁরা এমন নির্দেশ মানবেন না বলে বলেছেন।

গত ২৯ অক্টোবরের মধ্যে টিকা গ্রহণের বাধ্যবাধকতা আরোপের ফলে ১ নভেম্বর পর্যন্ত স্যানিটেশন বিভাগের ৮৩ শতাংশ লোকজন টিকা নিয়েছেন বলে জানানো হয়েছে।

মাইকেল কেন্সেলারি নামের একজন পরিচ্ছন্নতা কর্মী ১৭ বছর থেকে বিভাগটিতে কাজ করছেন। তিনি বলেন, ইচ্ছার বিরুদ্ধে তিনি করোনার ঠিকা গ্রহণ করবেন না। বিনা বেতনে ছুটি নিয়েছেন। এখন চাকরি হারানোর ভয়ে আছেন। যে চাকরি তাঁকে খাবার ও বাসস্থান দেয়, তা হারানোর ভয়ের মধ্যেও নিজের ইচ্ছার বিরুদ্ধে টিকা নেবেন না বলে অনড় অবস্থানের কথা জানিয়েছেন এ পরিচ্ছন্নতা কর্মী।

নিউইয়র্ক সিটির অধিকাংশ নাগরিক করোনার টিকা গ্রহণ করলেও একটি অংশ টিকা গ্রহণ না করার অবস্থানে রয়েছেন। ন্যান্সি পিলার্ডি নামের একজন ব্যাংক কর্মকর্তা টিকা নেওয়া পরিচ্ছন্নতা কর্মীদের প্রতি নিজের সমর্থনের কথা জানালেন। ন্যান্সি বলেন, গৃহ সহিংসতার জন্য পছন্দের লোককে ছেড়ে এসেছেন। ইচ্ছার বিরুদ্ধে সংসার করেননি। নিজের স্বাধীনতা বিসর্জন দিয়ে টিকা না দেওয়া লোকজনের প্রতি তিনি তাঁর সমর্থনের কথা জানান।

সিটির সর্বত্র ময়লা ও আবর্জনার স্তূপ জমে আছে

ঈদে মিলাদুন্নবী (সা.) কনফারেন্সে আলোচকেরা

আহলে সুন্নাত ওয়াল জামাতের ঈদে মিলাদুন্নবী (সা.) কনফারেন্স

উত্তর আমেরিকা অফিস

যথাযথ ধর্মীয় মর্যাদায় গত ২৬ অক্টোবর নিউইয়র্কে জ্যামাইকার তাজমহল পার্টি হলে আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ আয়োজিত পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।

ঈদে মিলাদুন্নবী (সা.) কনফারেন্স মাহফিলে প্রধান অতিথি ছিলেন দিনাজপুরের ইসলামিক রিসার্চ সেন্টারের ডিরেক্টর আল্লামা সৈয়দ এরশাদ আহমেদ বুখারী।

আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএর কেন্দ্রীয় কমিটির সভাপতি মাওলানা সৈয়দ জুবায়ের আহমদের সভাপতিত্বে এবং প্রচার সম্পাদক মাওলানা শেখ মো. মোস্তফা কামালের পরিচালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএর মহাসচিব মোহাম্মদ সেলিম উদ্দিন। অতিথি ছিলেন মসজিদ আল নুরের ডিরেক্টর আল্লামা ক্বারী গোলাম রাসুল, বদরপুর দরবার শরীফের আল্লামা সৈয়দ মোতাওয়াক্কিল বিল্লাহ রব্বানী, আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ ব্রুকলিন শাখার সভাপতি মাওলানা শফিউল আলম কুরাইশি আল কাদরী, নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টারের সভাপতি সৈয়দ জামিন আলী, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, কমিউনিটি অ্যাকটিভিস্ট সৈয়দ আবদুল ওয়াহিদ, সৈয়দ কামাল উদ্দিন আহমেদ, মনির আহমেদ, নাজমুল খান, শামসুল আলম চৌধুরী, এনাম চৌধুরী, আবু তাহের, আহসান হাবিব, মো. হারুন সেলিম, মো. আজম, মো. নাজিম, বদরুল আলম, রানা তালুকদার প্রমুখ।

পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও না'ত শরিফ পরিবেশন করেন ক্বারী সৈয়দ মোস্তানজিদ বিল্লাহ রব্বানী, নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার অ্যান্ড জামে মসজিদের ভারপ্রাপ্ত ইমাম হাফিজ মোসাদ্দিক আহমেদ ও শাকির আশরাফী কাদরী।

বক্তব্য রাখেন আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএর কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহসভাপতি মাওলানা আতাউর রহমান, সহসভাপতি মুহাম্মদ ইকবাল হোসেইন ও আসলাম হাবীব, যুগ্ম সাধারণ সম্পাদক মাওলানা সৈয়দ মঈনুল হক প্রমুখ।

মাহফিলের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ঈদে মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন কমিটির আহ্বায়ক মাওলানা আতাউর রহমান, যুগ্ম আহ্বায়ক মাওলানা শেখ মো. মোস্তফা কামাল, সদস্যসচিব মুরাদুল আলম চৌধুরী, যুগ্ম সদস্যসচিব মুহাম্মদ ইয়াহিয়া হোসেন, সদস্য মুহাম্মদ মাহবুবুর রহমান, সৈয়দ আকিকুর রহমান ফারুক, মাহবুব হোসাইন, বদরুল হক ও আক্তারুল আজম।

সমন্বয়কারী ছিলেন এম এ জাফর, মুহাম্মদ ইকবাল হোসেইন, আসলাম হাবীব ও মাওলানা আইয়ুব আনসারী। বিশেষ প্রতিনিধি ছিলেন মোহাম্মদ মোশাররফ হোসেন, শাহ্ জাকারিয়া, মাওলানা সৈয়দ মইনুল হক, আরিফ চৌধুরী ও ইস্কান্দর মিয়া।

বিভিন্ন দায়িত্বে ছিলেন সৈয়দ ইসহাক আলী, শাহ জাকারিয়া, মনিরুল হক চৌধুরী, মুহাম্মদ জাহাঙ্গীর আলম, সৈয়দ রাহুল ইসলাম, সালাহ উদ্দিন, মুহাম্মদ দেলোয়ার প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আল্লামা সৈয়দ এরশাদ আহমেদ বুখারী পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)-এর ফজিলত তুলে ধরে বলেন, মহান আল্লাহ রাব্বুল আলামিন মহানবীকে বিশ্ববাসীর জন্য রহমত হিসেবে প্রেরণ করেন। তিনি ছিলেন শান্তি, নিরাপত্তা ও কল্যাণের মূর্ত প্রতীক।

আল্লামা জুবায়ের আহমদ বলেন, কোরআন হাদিসের নির্দেশিত পথে চলার মাধ্যমেই ইহকালীন কল্যাণ ও পরকালীন মুক্তি লাভ সম্ভব।

বিশেষ মোনাজাত ও তবারক বিতরণের মাধ্যমে শেষ হয় আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএর পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) কনফারেন্স। মোনাজাতে দেশ, জাতির উন্নতি, বিশ্ব শান্তি ও করোনা মুক্তির জন্য দোয়া করা হয়।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ
Utpal Chowdhury, MD.
Board certified internal medicine
Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.
অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা
- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরেড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ
TREATMENT / SERVICES
- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG
Please call for Appointment At# 917-503-5002

ডাঃ উৎপল চৌধুরী
Jamaica office
167-02 Highland Ave, 1st Floor, Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm
Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday 9am-3pm
Wednesday & Friday 5pm-9pm
Sunday: Lab. Work only. 9am-1pm
Tel: 917-503-5002,
Fax: 917-503-5004
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি
We accept all major insurances including Medicare, Medicaid
True Medical Care P.C.
40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

যুক্তরাষ্ট্রে শিশুদের জন্য ফাইজারের টিকার অনুমোদন

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য এবার ফাইজার-বায়োএনটেকের টিকা অনুমোদন দিয়েছে খাদ্য ও ওষুধ প্রশাসন (এফডিএ)।

যুক্তরাষ্ট্রে চিকিৎসকদের নিয়ে গঠিত উচ্চপর্যায়ের একটি কমিটি সম্প্রতি এই টিকার কার্যকারিতা, গুণাগুণ ও পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে মতামত জানানোর পর এফডিএ এ সিদ্ধান্ত নিল। এর আগে চীন, চিলি, কিউবা, সংযুক্ত আরব আমিরাত শিশুদের জন্য টিকার অনুমোদন দিয়েছে।

এফডিএ প্রধান জেনেট উডকক এক বিবৃতিতে বলেন, ‘একজন মা ও স্বাস্থ্যকর্মী হিসেবে আমি জানি, বাবা-মা, বিদ্যালয়ের কর্মী, শিশু ও শিশুদের দেখভালের দায়িত্বে থাকা কর্মীরা কতটা অধীর আগ্রহে এই টিকার অনুমোদনের জন্য অপেক্ষা করছিলেন। শিশু ও তরুণ জনগোষ্ঠীকে টিকার আওতায় আনতে পারলে আমরা খুব দ্রুত আবার সেই স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে পারব।’

ফাইজার ও সহযোগী বায়োএনটেক ইতিমধ্যে ঘোষণা দিয়েছে, যুক্তরাষ্ট্র সরকারের কাছে এই মুহূর্তে ৫০ কোটি টিকা রয়েছে শিশুদের টিকাদানের জন্য।

তারা দাবি করছে, সম্প্রতি দুই হাজার লোকের ওপর করা এক পরীক্ষায় তারা প্রমাণ পেয়েছে ফাইজার-বায়োএনটেকের টিকা সংক্রমণের বিরুদ্ধে ৯০ শতাংশ কার্যকর। ৩ হাজার শিশুর ওপর পরীক্ষাতেও তারা প্রমাণ পেয়েছে, এই ভ্যাকসিনের কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

ফাইজার-বায়োএনটেক জানিয়েছে, প্রথম ডোজ দেওয়ার তিন সপ্তাহ পরে দেওয়া হবে দ্বিতীয় ডোজ। প্রতিটি ডোজের মাত্রা ১০ মাইক্রোগ্রাম।

যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (সিডিসি) এক পরিসংখ্যান বলছে, করোনাভাইরাস মহামারির দাপট শুরু হওয়ার পর আট হাজারের বেশি শিশু হাসপাতালে ভর্তি হয়েছে, যাদের বয়স ৫ থেকে ১১ বছর। করোনায় আক্রান্ত হয়ে ১৪৬ জন শিশুর মৃত্যু হয়েছে।

করোনা থেকে সেরে ওঠার পর শিশুদের মধ্যে মাল্টি সিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোমের (এমআইএস-সি) অস্তিত্ব দেখা গেছে, যা অত্যন্ত বিরল। এতে ৫ হাজার শিশু আক্রান্ত হয়েছে ও ৪৬ জনের মৃত্যু হয়েছে।

সিডিসি জানিয়েছে, ফাইজার-বায়োএনটেকের টিকা দেওয়ার পর স্বাস্থ্য কর্তৃপক্ষ অত্যন্ত বিরল পার্শ্বপ্রতিক্রিয়া মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের জন্য নজরদারি চালিয়ে যাবে।

এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, ফাইজার-বায়োএনটেকের টিকার অনুমোদন নিয়ে এফডিএর সভায় কম হইচই হয়নি। একদল বিশেষজ্ঞ ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের টিকা প্রদানে আপত্তি জানিয়ে বলেছেন, টিকা নেওয়ার পর শিশুদের শরীরের টেস্টোস্টেরনের মাত্রা বেড়ে যেতে পারে। টিকা নেওয়ার সিদ্ধান্তটি কেবল তাদের পরিবারের ওপরই ছেড়ে দেওয়া উচিত।

করোনার ডেলটা ধরনের বিস্তৃতিতে যুক্তরাষ্ট্রে বহু প্রাণহানির ঘটনা ঘটেছে। এরপর টিকাদান কর্মসূচি বিস্তৃত করে তা সামাল দিয়েছে যুক্তরাষ্ট্র। দেশজুড়ে করোনা মোকাবিলা করতে পারলেও উত্তরের তুষারাচ্ছাদিত অঞ্চলে করোনার প্রকোপ নিয়ন্ত্রণে এখনো পিছিয়ে যুক্তরাষ্ট্র। দেশটিতে ৫৮ শতাংশ নাগরিককে টিকার আওতায় আনা গেছে বলে জানিয়েছে সিডিসি।

কর্মী সংকটে নিউইয়র্ক ফায়ার সার্ভিস

রওশন হক

করোনার টিকার বাধ্যবাধকতা আরোপের জের হিসেবে নিউইয়র্ক সিটিকে কর্মী সংকটে পড়তে হয়েছে। বেশ কিছু ফায়ার সার্ভিস স্টেশন বন্ধ রাখা হয়েছে। করোনার টিকা গ্রহণ না করলে কাজে যোগদানের সুযোগ নেই—এই বাধ্যবাধকতা আরোপের ফলে এমনটি ঘটেছে। গত ২৯ অক্টোবর ছিল নিউইয়র্ক সিটির কর্মীদের টিকা গ্রহণের শেষ দিন। এ দিনের মধ্যে যারা টিকা গ্রহণ করেননি তাঁদের হয় বিনা বেতনে দীর্ঘ ছুটিতে যেতে হবে, না হয় কাজ ছেড়ে দিতে হবে। ওই দিন বিকেল পাঁচটায় টিকা নেওয়ার সময়সীমা শেষ হয়েছে। সিটির ফায়ার সার্ভিস কর্মীদের মধ্যে মাত্র ৭২ শতাংশ টিকা গ্রহণ করেছেন।

গত ৩১ অক্টোবর নিউইয়র্ক সিটির পাঁচ বরোতে ২৬টি ফায়ার সার্ভিস কেন্দ্র বন্ধ রাখা হয় কর্মী সংকটের কারণে। অনেকেই চাপের মুখে টিকা নিয়েছেন। টিকা নেওয়ার পার্শ্ব প্রতিক্রিয়া হিসেবে ঐচ্ছিক ছুটি নেওয়ার অবকাশ রয়েছে। যারা টিকা গ্রহণ করেননি, তাঁদের কাজে যোগদানের সুযোগ বন্ধ হয়ে গেছে। এ কারণে কর্মী সংকটে ফায়ার সার্ভিস কেন্দ্রগুলো বন্ধ রাখতে হচ্ছে। সিটির ফায়ার সার্ভিস বিভাগ থেকে জানানো হয়েছে, জরুরি অবস্থা মোকাবিলা করার জন্য প্রস্তুতি নিয়ে রাখা হয়েছে। যেসব ফায়ার সার্ভিস কেন্দ্র খোলা রয়েছে, সেখানে কর্মীদের অতিরিক্ত সময় কাজ করার জন্য বলা হচ্ছে।

ফায়ার সার্ভিস কমিশনার ড্যানিয়েল নিগ্রো বলেছেন, কর্মী সংকটের কারণে কোনো ফায়ার সার্ভিস কেন্দ্র বন্ধ করে দেওয়া হয়নি। সংকট মোকাবিলার জন্য সব প্রস্তুতি নিয়ে রাখা হয়েছে। কর্মী সংকটের কারণে শনি ও রোববার প্রথম দুই দিনে সিটিতে কোনো সংকট হয়নি।

নির্বাচনে ডেমোক্র্যাটদের

প্রথম পৃষ্ঠার পর

বিশ্লেষকেরা। প্রতিনিধি পরিষদ ও সিনেটে রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার অর্থ হচ্ছে, মেয়াদের বাকি দুই বছর প্রেসিডেন্ট জো বাইডেনকে কোণঠাসা অবস্থায়ই থাকতে হবে।

বুধবার সকালে প্রেসিডেন্ট জো বাইডেন জলবায়ু সম্মেলন থেকে দেশে ফিরেই দুঃসংবাদগুলো পেয়েছেন। মাত্র আট ঘণ্টা আগে নিজেই আশাবাদ প্রকাশ করে বলেছেন, ১০ পয়েন্ট ব্যবধানে নিজের বিজয় পাওয়া ভার্জিনিয়ায় ক্ষমতাসীন ডেমোক্র্যাট জয়ী হবেন। গভর্নর টেরি ম্যাকাউলিফি বিপুল ভোটে হেরেছেন রিপাবলিকান গ্ল্যান ইয়াংকিনের কাছে।

নিউজার্সি রাজ্যের ফলাফল ডেমোক্র্যাটদের জন্য মোটেই অনুকূল নয়। মাত্র কয়েক হাজার ভোটের ব্যবধানে ক্ষমতাসীন গভর্নর ফিল মারফি ঝুলেছিলেন ১৬ ঘণ্টার মতো। নিউইয়র্ক টাইমসসহ একাধিক সংবাদমাধ্যম বুধবার সন্ধ্যায় বেসরকারিভাবে ফিল মারফিকে বিজয়ী ঘোষণা করলেও এ রাজ্যের ফলাফল চ্যালেঞ্জ করে পুনর্গণনার আবেদন জানাতে পারেন রিপাবলিকান প্রার্থী জ্যাক সিটারেলি।

ডেমোক্র্যাটদের এ বিপর্যয় জাতীয়ভাবে আলোচিত হচ্ছে। প্রেসিডেন্ট জো বাইডেনের ব্যয়বহুল ‘বিল্ড বেটার আমেরিকা’ কর্মসূচি নিয়ে ডেমোক্র্যাটরা নিজেরাই ঐক্যবদ্ধ হতে পারেননি। তাঁদের অতি উদারনৈতিক এবং মধ্যপন্থীদের টানাপোড়েনের মধ্যে সাধারণ লোকজন ভুল বার্তা পেয়েছে। দেশ পরিচালনায় ডেমোক্র্যাটরা ঐক্যবদ্ধ নন, এমন আলোচনা প্রাধান্য পেয়েছে লোকজনের কাছে। দেশ পরিচালনায় তাঁদের যোগ্যতাও প্রশ্নবিদ্ধ হচ্ছে ব্যাপকভাবে।

প্রতিনিধি পরিষদে রিপাবলিকান দলের নেতা কেভিন ম্যাকার্থি বলেছেন, ভার্জিনিয়াই শেষ নয়। ভার্জিনিয়ার মাধ্যমে আমেরিকার লোকজন বার্তা পাঠিয়েছে। মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদে অন্তত ৬০টি আসন রিপাবলিকান দল ছিনিয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেছেন। কেভিন ম্যাকার্থি বলেছেন, আমেরিকার লোকজন নেতৃত্বের পরিবর্তন চায়। এ পরিবর্তনের বার্তাটিই মঙ্গলবারের নির্বাচনের ফলাফলে পাওয়া গেছে বলে তিনি বলেন।

প্রেসিডেন্ট জো বাইডেনের সুদূরপ্রসারী উন্নয়ন পরিকল্পনার পাল্টা রিপাবলিকান প্রার্থীরা জনগণের আশু সমস্যাকে প্রাধান্য দিয়ে প্রচারণা চালিয়েছেন। এর মধ্যে জ্বালানি তেলের ঊর্ধ্ব মূল্য, নিত্য প্রয়োজনীয় সামগ্রীর আকাশচুম্বী ঊর্ধ্বগতি, অর্থনৈতিক অস্থিতিশীলতা, কর্মসংস্থান, করের বোঝা লাঘব, সীমান্ত সমস্যা, নথিপত্রহীন অভিবাসীদের প্রবাহ এবং স্থানীয় ইস্যুগুলোকে প্রাধান্য দিয়েছে রিপাবলিকান দল।

ডেমোক্র্যাট দলের পক্ষ থেকে কোনো ঐক্যবদ্ধ বার্তা ছিল না। নগরকেন্দ্রের বাইরে প্রত্যন্ত অঞ্চলের ভোটারদের ভোট কেন্দ্রমুখী করার প্রয়াস নিয়ে সফল হয়েছে রিপাবলিকান দল। নিউজার্সিতে ১০ লাখের বেশি ডেমোক্র্যাট তালিকাভুক্ত ভোটার থাকলেও তাদের ভোটকেন্দ্রে নিয়ে যাওয়ার জন্য কোনো উদ্দীপনা সৃষ্টি করতে ব্যর্থ হয়েছে রিপাবলিকান দল। প্রান্তিক আমেরিকায় আফগানিস্তান থেকে সৈন্য প্রত্যাহারে প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের ব্যর্থতা নিয়েও প্রচারণা ছিল বেশ জোরালো।

বুধবার সকালে স্পিকার ন্যান্সি পেলোসি বলেছেন, নির্বাচনের ফলাফলে তিনি দুঃখ পেয়েছেন। তবে ডেমোক্র্যাট দলের কর্মসূচিগুলোতে কোনো পরিবর্তন আসবে না বলে তিনি উল্লেখ করেন। ওয়াশিংটনের সব ডেমোক্র্যাটদের মধ্যে অবশ্য একই অবস্থা বিরাজ করছে না। প্রেসিডেন্ট জো বাইডেনের ব্যয়বহুল অর্থ আইনের সঙ্গে অভিবাসন সংস্কারের বিষয়টি অন্তর্ভুক্ত করা নিয়ে দলের মধ্যে প্রায় ঐক্য গড়ে উঠেছিল। মঙ্গলবারের নির্বাচনের এ অবস্থান থেকে দূরে চলে আসার আভাস পাওয়া যাচ্ছে বুধবার সকাল থেকেই। অভিবাসন বিরোধিতা প্রান্তিক আমেরিকার ভোটারদের মধ্যে উসকে দিতে সক্ষম হচ্ছে রিপাবলিকান দল।

ভার্জিনিয়া থেকে নির্বাচিত ডেমোক্র্যাট সিনেটর জো মানচিন বলেছেন, আমরা ঠিক কী করতে চাই, তা জনগণকে সঠিকভাবে জানাতে হবে। জনগণের কথাও আমাদের আলাদা করে শুনতে হবে। আমরা কর আইনের আমূল পরিবর্তন চাচ্ছি, আমরা অন্যান্য সামাজিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে পরিবর্তন চাচ্ছি-জনগণকে না শুনেই!

প্রেসিডেন্ট জো বাইডেন বুধবারে হোয়াইট হাউসে ফিরে বলেছেন, নির্বাচনের ফলাফল মেনে নিতেই হবে। জনগণ চায় দ্রুত কাজ দেখতে চায়। ‘বিল্ড বেটার আমেরিকা পরিকল্পনা আইন’ এ কারণেই তিনি দ্রুততার সঙ্গে পাস করার তাগিদ দিচ্ছেন বলে প্রেসিডেন্ট বাইডেন বলেন। প্রেসিডেন্ট জো বাইডেনের বক্তব্যও তাঁর দলের দিকেই আঙুল নির্দেশ করে। ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত কংগ্রেসে আইন প্রস্তাবটি পাস করা নিয়ে দল এখনো একমত হতে পারছে না।

মঙ্গলবারের নির্বাচনী ফলাফল নিয়ে বেশ খুশি সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রিপাবলিকানদের মধ্যে যে উদ্দীপনা দেখা যাচ্ছে, তার কৃতিত্ব তিনি নিজেকেই দিচ্ছেন। ডেমোক্র্যাটদের বিরুদ্ধে অসন্তুষ্ট হয়ে হয়ে ওঠা জনগোষ্ঠীর হা হুতাশের সঙ্গে ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের মিল রয়েছে। ট্রাম্প বলে আসছেন, আমেরিকার ইতিহাসে সবচেয়ে অযোগ্য প্রশাসন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনের। অযোগ্যতা ও ব্যর্থতার এ গ্লানি থেকে বেরিয়ে এসে প্রেসিডেন্ট জো বাইডেন এবং ডেমোক্র্যাট দল কীভাবে ঘুরে দাঁড়াতে পারে, তা এখন দেখার বিষয় হয়ে দাঁড়িয়েছে।

যদিও নিউইয়র্ক থেকে নির্বাচিত ডেমোক্র্যাট শেইন প্যাট্রিক ম্যালোনি সব আশঙ্কা বাতিল করে আশাবাদের কথাই বলেছেন। ডেমোক্র্যাট কংগ্রেসনাল ক্যাম্পেইন কমিটির চেয়ারম্যান প্যাট্রিক ম্যালোনি বলেছেন, মঙ্গলবারের নির্বাচনী ফলাফল ডেমোক্র্যাটদের জন্য শিক্ষা হয়ে কাজ করবে। প্রেসিডেন্ট জো বাইডেনের কর্মসূচিগুলো চালু হলে দলের অবস্থান পাল্টে যাবে। তিনি বলেন, দেশের উন্নয়নের জন্য পরিকল্পনাগুলো বাস্তবায়িত হলেই ফলাফল দেখা দৃশ্যমান হয়ে উঠবে এবং জনমত পাল্টাবে বলে তিনি মনে করেন।

স্কুল, হাসপাতাল ও উপাসনালয় থেকে অভিবাসীদের আটক নয়

রওশন হক

নথিপত্রহীন অভিবাসীদের এখন থেকে শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, উপাসনালয় ও আদালতসহ সেবা গ্রহণের জন্য অপরিহার্য এলাকা থেকে গ্রেপ্তার করা হবে না। গত ২৭ অক্টোবর হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের এক নির্দেশনায় এ কথা জানানো হয়েছে।

অভিবাসীদের জন্য সুরক্ষিত এলাকা হিসেবে চিহ্নিত করে নির্দেশনায় বলা হয়েছে, অভিবাসন আইনের প্রয়োগের জন্য এখন থেকে বিভিন্ন বিষয়ে নজর দেওয়া হবে। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার পর নথিপত্রহীন অভিবাসীদের যেখানে পাওয়া যাবে, সেখান থেকে গ্রেপ্তারের নির্দেশ দেওয়া হয়েছিল। এ কারণে নথিপত্র নেই এমন অভিবাসী শিশুদের স্কুলে যাওয়া পর্যন্ত বন্ধ হয়ে গিয়েছিল। ট্রাম্পের শাসনামলে অভিবাসন মামলা নিয়ে আদালত এলাকায় পৌঁছানোর পর নথিপত্রহীন অভিবাসীদের গ্রেপ্তার করে আমেরিকা থেকে বিতাড়ন করা হয়েছে।

প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণ করে জানুয়ারি মাসেই আদালত এলাকা থেকে কোনো নথিপত্রহীন অভিবাসীদের গ্রেপ্তার না করার নির্দেশ প্রদান করেন। ২৭ অক্টোবর দেওয়া নির্দেশনার পর হোমল্যান্ড সিকিউরিটি প্রধান আলেকজান্দ্রো মায়োর্কাস বলেছেন, লোকজনের মৌলিক অধিকারের ওপর হস্তক্ষেপ না করেও আইনের প্রয়োগ করা সম্ভব।

শিশুদের স্কুলে যাওয়া, অসুস্থতার জন্য হাসপাতালে যাওয়া, খাদ্য গ্রহণ, ধর্ম পালনের জন্য উপাসনালয়ে যাওয়া বা শেল্টারে আশ্রয়ে থাকলে সেখানে ধরপাকড় না করেও অভিবাসন আইনের প্রয়োগ সম্ভব বলে তিনি উল্লেখ করেন। এখন থেকে বৃহত্তর সামাজিক ও মানবিক চিন্তা ভাবনা বজায় রেখে অভিবাসন আইন কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে বলে হোমল্যান্ড সিকিউরিটি প্রধান বলেছেন।

প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় আসার পর বারবার উল্লেখ করেছেন, আমেরিকায় একটা মানবিক অভিবাসনব্যবস্থা গড়ে তোলার জন্য তাঁর প্রশাসন কাজ করবে। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সময় আমেরিকায় অবস্থান করা নথিপত্রহীন অভিবাসীদের উপাসনালয়ে পর্যন্ত যেতে ভয়ের মধ্যে থাকতে দেখা গেছে। আদালতে যাওয়ার পথে, হাসপাতাল বা স্কুল এলাকা থেকে নথিপত্রহীন অভিবাসীদের গ্রেপ্তার করে বিতাড়ন করার বহু ঘটনা ঘটেছে।

যদিও ক্ষমতা গ্রহণের প্রথম বছরে অভিবাসন নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেন কোনো বড় ধরনের সংস্কারমূলক পদক্ষেপ নিতে পারবেন বলে এখন আর মনে হচ্ছে না। সমন্বিত অভিবাসন আইন প্রণয়নের জন্য কংগ্রেসের প্রতি তাঁর আহ্বানের কোনো কার্যকর উদ্যোগ এখন নেই।

ক্যাবিদের সংকট নিরসন হচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

ব্যাংক ঋণ পুনর্গঠন করা হবে। এ নিয়ে সিটির পক্ষ থেকে সবগুলো আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা করা হবে বলে জানানো হয়েছে।

সিনেটর চার্লস শুমার এবং মেয়র বিল ডি ব্লাজিও মেডেলিয়ন মালিক ও ক্যাব চালকদের এ সমস্যা সমাধানে এগিয়ে আসেন। মেয়র ব্লাজিও, সিনেটর চার্লস শুমারকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, ক্যাব চালকেরা সিটিকে চলমান রেখেছেন। তাঁদের পেছনে ফেলা যাবে না।

অ্যাপসভিত্তিক ট্যাক্সি চালু হওয়ার পর নিউইয়র্ক সিটির মেডেলিয়নে ধস নামে। এক মিলিয়ন ডলার থেকে এর মূল্য এক লাখ ডলারের নিচে নেমে যায়। বেশ কিছু মেডেলিয়ন মালিক ও ক্যাব চালকের আত্মহত্যার ঘটনাও ঘটে। অনেকে নিজেদের দেউলিয়া ঘোষণা করে ব্যাংক ঋণ থেকে বাঁচার চেষ্টা করেছেন। আড়াই হাজারের মতো বাংলাদেশি মেডেলিয়ন মালিক রয়েছেন নিউইয়র্ক সিটিতে। সর্বশেষ প্রণোদনা চুক্তিতে তাঁদের অধিকাংশই লাভবান হবেন বলে মনে করা হচ্ছে।

নিউইয়র্ক সিটি নির্বাচনে

প্রথম পৃষ্ঠার পর

সাফল্য হিসেবে দেখা হচ্ছে শাহানা হানিফের এ বিজয়কে। শাহানার বিজয়ে উৎফুল্ল নিউইয়র্কে বসবাসরত স্বদেশিরা।

শাহানা হানিফ ব্রুকলিনের ৩৯ ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করবেন সিটি কাউন্সিলে। ডেমোক্রেটিক দলের প্রাইমারিতে সাতজন প্রার্থীকে মোকাবিলা করে শাহানা হানিফ জয়ী হলে সাধারণ নির্বাচনে তাঁর বিজয় সময়ের ব্যাপার হয়ে দাঁড়িয়েছিল।

মঙ্গলবার রাত নয়টায় ভোটকেন্দ্র বন্ধ হওয়ার ঘণ্টাখানেক সময়ের মধ্যেই ৯০ শতাংশ এলাকার ফলাফল চলে আসে। ফলাফলে দেখা যায়, শাহানা হানিফ ৯০ শতাংশ ভোটে এগিয়ে রয়েছেন। তাঁকে প্রতিদ্বন্দ্বিতাকারী ব্রেট ওয়াইনকপ মাত্র ৭ শতাংশ ভোট পাওয়ায় সংবাদমাধ্যমগুলো রাত ১১টার আগেই শাহানা হানিফকে সম্ভাব্য বিজয়ী হিসেবে ঘোষণা করে।

উৎফুল্ল শাহানা হানিফ ব্রুকলিনে নিজের নির্বাচনী এলাকার বিজয় মঞ্চে দেওয়া বক্তৃতায় নির্বাচনে তাঁর প্রতি সমর্থন জানানো জনসমাজের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। প্রথম মুসলমান এবং প্রথম বাংলাদেশি আমেরিকান হিসেবে তাঁর বিজয়কে সমর্থকদের বিজয় হিসেবে তিনি দেখেছেন। সমর্থন দিয়ে পাশে থাকার জন্য তিনি বাংলাদেশি আমেরিকানদের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছেন। নারীর ক্ষমতায়ন এবং নারীদের বিভিন্ন কাজে আরও বেশি করে এগিয়ে যাওয়াকে বেগবান করতে চান শাহানা হানিফ।

ব্রুকলিনের মিশ্র জনগোষ্ঠীর এলাকায় শাহানা হানিফ কর্মজীবীসহ সর্বস্তরের লোকজনের ব্যাপক সমর্থন পেয়েছেন। তরুণ বয়স থেকেই একজন নাগরিক সংগঠক হিসেবে শাহানা হানিফ পরিচিত হয়ে ওঠেন নিজের নির্বাচনী এলাকায়। বিভিন্ন নাগরিক দাবি দাওয়া নিয়ে নিয়ে আন্দোলনের মাঠে তাঁকে দেখা গেছে সব সময়। একজন অভিবাসী পরিবারের নারী হিসেবে লক্ষ্য স্থির করে শাহানা হানিফ তাঁর রাজনৈতিক কর্মকাণ্ড চালিয়েছেন।

শাহানা হানিফ চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ডে চেয়ারম্যান এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা মোহাম্মদ হানিফের কন্যা। তাঁদের গ্রামের বাড়ি চট্টগ্রামের নাজিরহাটের পূর্ব ফরহাদাবাদে।

তিন দশক থেকে নিউইয়র্কে বসবাসরত প্রবীণ সাংবাদিক মাহবুবুর রহমান বলেছেন, শাহানার বিজয়ের মাধ্যমে নিউইয়র্কে বাংলাদেশিদের নতুন যাত্রা সূচিত হয়েছে। আগামী দিনের ইতিহাস শাহানা হানিফকে ইতিহাস সৃষ্টির অনুঘটক হিসেবে মনে রাখবে বলে তিনি মনে করেন।

শাহানা হানিফের বিজয় নিয়ে দ্য নিউইয়র্ক টাইমস সংবাদ পরিবেশন করেছে। টাইমসের প্রতিবেদনে প্রথম একজন মুসলমান নারীর নিউইয়র্ক সিটি কাউন্সিলে নির্বাচিত হওয়াকে নিউইয়র্ক সিটির বহু জনারণ্যের জাগরণের জন্য তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে অ্যাটর্নি সোমা সাঈদ কুইন্স সিভিল কোর্টের বিচারক হিসেবে বিজয়ী হয়েছেন। তিনি যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত এবং দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম মুসলিম নারী বিচারক। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে সোমা সাঈদ তাঁর নিকটবর্তী প্রার্থী অ্যান্ড্রিয়া ওগেলকে ১ শতাংশের কম ভোটে হারিয়েছেন।

ডেমোক্রেটিক দলের প্রাইমারিতে জয়ী হয়ে আসা সোমা সাঈদ নিউইয়র্কের রাজনীতিতে আগেই নাম লিখিয়েছেন। সিভিল বিচারক পদে প্রথম বাংলাদেশি হিসেবে তিনি নির্বাচন করেন। ডেমোক্র্যাট দলের রাজনীতিতে দীর্ঘদিন থেকে সক্রিয় সোমা সাঈদ একজন তরুণ আইনজীবী হিসেবে এর মধ্যেই পরিচিত হয়ে উঠেছেন। বিভিন্ন নাগরিক দাবি দাওয়া নিয়ে তিনি জনসমাজের পক্ষে কাজ করে আসছিলেন।

নির্বাচনে বিজয়ের পর মঙ্গলবার মধ্যরাতের পর নির্বাচিত বিচারক সোমা সাঈদ বলেছেন, ‘আজ ইতিহাস সৃষ্টি হয়েছে। আমরা সবাই মিলে এ ইতিহাস সৃষ্টি করেছি।’

সোমা সাঈদ বলেছেন, ন্যায় বিচারের প্রতি প্রতিশ্রুতির জয় হয়েছে এবং তা অব্যাহত থাকবে। বাংলাদেশি আমেরিকান নির্বাচিত বিচারক সোমা সাঈদের পৈতৃক নিবাস টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলায়।

নিউইয়র্কের স্কুলে শিক্ষার্থী ভর্তির সংখ্যা কমেছে

রহমান মাহবুব

নিউইয়র্ক নগরের পাবলিক স্কুলগুলোতে ২০১৯ সালের তুলনায় এবারে শিক্ষার্থী ভর্তির সংখ্যা ৫০ হাজার কমে গেছে। নগরের শিক্ষা বিভাগ গত ২৯ অক্টোবর বলেছে, করোনা মহামারি সারা দেশে শিক্ষায় ব্যাপক ব্যাঘাত ঘটিয়েছে। এটি তার সর্বশেষ উদাহরণ।

সাড়ে ৪ শতাংশ শিক্ষার্থী কমে যাওয়ার পেছনে বেশ কয়েকটি কারণ কাজ করেছে। অভিভাবকদের অনেকে সন্তানদের জন্য অস্থায়ী বা দীর্ঘ মেয়াদের ভিত্তিতে হোম স্কুলিং বেছে নেওয়া, মহামারি চলাকালীন অনেক পরিবারের শহর ছেড়ে চলে যাওয়া এবং কিছু অভিভাবকদের মধ্যে ছোট বাচ্চাদের জন্য সম্পূর্ণভাবে স্কুল শুরু করতে বিলম্ব করার প্রবণতা সৃষ্টি হওয়া ইত্যাদি।

নিউইয়র্ক নগরের ইতিহাসে এমনটি এর আগে কখনো ঘটেছে বলে রেকর্ড হয়নি। এবারেই প্রথম এত বিপুলসংখ্যক ছাত্রছাত্রী চলে গেল নিউইয়র্ক নগরের শিক্ষাব্যবস্থার মতো জাতির সবচেয়ে উন্নত এডুকেশন সিস্টেম বলে খ্যাত একটি সিস্টেম থেকে।

২০১৯ সালের সেপ্টেম্বরের শিক্ষাবর্ষের শুরু থেকে ২০২০ এর সেপ্টেম্বর পর্যন্ত সবচেয়ে বেশি সংখ্যক শিক্ষার্থী হারিয়েছে নিউইয়র্ক শিক্ষা বিভাগ। প্রায় ৩৮ হাজার শিক্ষার্থী ওই এক বছরে ছেড়ে চলে গেছে।

কিন্তু ২০২০ সালের সেপ্টেম্বর থেকে এখন পর্যন্ত, নতুন ভর্তির সংখ্যা কমে গেছে। প্রায় ১৩ হাজার শিক্ষার্থী কম ভর্তি হয়েছে এ সময়। নিউইয়র্ক নগরের রয়েছে আমেরিকার বৃহত্তম স্কুলিং সিস্টেম। লস অ্যাঞ্জেলস, শিকাগো ও নিউইয়র্কের পরে যুক্তরাষ্ট্রের দ্বিতীয় এবং তৃতীয় বৃহত্তম জেলাগুলিও এই বছরে শিক্ষার্থীদের একটি বৃহৎ অংশ হারিয়েছে।

চার্টার স্কুলসহ নিউইয়র্ক সিটির সব পাবলিক স্কুলে বর্তমানে ১০ লাখের বেশি শিশু-কিশোর রয়েছে। শিক্ষা বিভাগের প্রাথমিক তথ্য অনুসারে, এর প্রায় ৯ লাখ ৩৮ হাজার শিক্ষার্থীই সাধারণ পাবলিক স্কুলে নথিভুক্ত রয়েছে।

দেশের সবচেয়ে বড় এই স্কুল ডিস্ট্রিক্টটিতে বছরের পর বছর ধরে নতুন ভর্তির হার ক্রমাগতভাবে হ্রাস পাচ্ছে। পরিবারগুলো একটু সাশ্রয়ী মূল্যের আবাসনের সন্ধানে শহর ছেড়ে চলে যাওয়ার কারণেই মূলত এমনটি ঘটছে।

দ্বিতীয়বারের মতো কৃষ্ণাঙ্গ

প্রথম পৃষ্ঠার পর

২ নভেম্বর মঙ্গলবার কেন্দ্রে ভোটগ্রহণ রাত নয়টার সময় বন্ধ হওয়ার আধা ঘণ্টার মধ্যেই নির্বাচনী ফলাফল আসতে থাকে। ৩৭ শতাংশ প্রিসিঙ্কক্টের ফলাফলে ডেমোক্র্যাট প্রার্থী এরিক অ্যাডামস ৭০ শতাংশ এবং রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিউয়া ২৭ শতাংশ ভোট পাওয়ার ফলাফল আসলে এরিক অ্যাডামসকে বিভিন্ন সংবাদমাধ্যম বিজয়ী ঘোষণা করে। ভোটের ফলাফল আসতে থাকলে দেখা যায় প্রায়, ৩০ শতাংশ ব্যবধানে এরিক অ্যাডামস ধরাশায়ী করেছেন রিপাবলিকান প্রার্থীকে।

মার্কিন রাজনীতিতে ডেমোক্র্যাটদের মধ্যে এখন অতি উদারনৈতিক এবং মধ্যপন্থীদের টানাপোড়েন চলছে। গত বছরে জেগে ওঠা নাগরিক আন্দোলনের সময় ‘ডিফান্ড পুলিশ’ স্লোগান ওঠে। অতি উদারনৈতিকেরা পুলিশ সংস্কারের দাবির পক্ষে অবস্থান গ্রহণ করেন। নিউইয়র্কের আইনশৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে। এরিক অ্যাডামস তাঁর প্রচারণার শুরু থেকেই এ বিষয়টিকে গুরুত্বের সঙ্গে গ্রহণ করেন এবং প্রচারণায় আইনশৃঙ্খলা পরিস্থিতিকে প্রাধান্য দিয়েছেন। ডেমোক্রেটিক দলের প্রাইমারিতে সহজেই তিনি বিজয়ী হলে ডেমোক্র্যাট প্রধান নিউইয়র্ক সিটিতে তাঁর নির্বাচিত হওয়াটা অনেকটাই সময়ের ব্যাপার হয়ে দাঁড়ায়।

মঙ্গলবার রাতে দেওয়া বক্তৃতায় এরিক অ্যাডামস বলেছেন, ১ জানুয়ারি থেকে নিউইয়র্কে নতুন সময়ের সূচনা ঘটছে। নিজের কর্মজীবী মায়ের কথা উল্লেখ করে তিনি বলেন, সব পর্যায়ের, বিশেষ করে পিছিয়ে পড়া অনগ্রসর জনগোষ্ঠীর জন্য তাঁর প্রচারণার প্রতিশ্রুতি তিনি রক্ষা করবেন। নিউইয়র্ক সিটির মানুষকে বহু প্রতারণা করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

এরিক অ্যাডামস বলেন, সাধারণ জনগণের প্রতিনিধি হিসেবে সিটি প্রশাসনের পাতা উল্টানোর সময় এখন।

বর্তমান মেয়র বিল ডি ব্লাজিওর মেয়াদ ডিসেম্বরেই শেষ হচ্ছে এবং ১ জানুয়ারি থেকে এরিক অ্যাডামস নিউইয়র্ক সিটির নতুন মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।

রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিউয়া দ্রুতই তাঁর পরাজয় মেনে নিয়ে বিজয়ী প্রার্থীকে অভিনন্দন জানিয়ে বক্তৃতা দিয়েছেন। কার্টিস স্লিউয়া বলেছেন, এরিক অ্যাডামস তাঁর পুরোনো বন্ধু। বর্তমান মেয়র মেয়র ডি ব্লাজিও নিউইয়র্ক সিটিকে ধ্বংস করেছেন উল্লেখ করে সিটি পুনর্গঠনে নির্বাচিত মেয়র এরিক অ্যাডামসকে তিনি সমর্থন করে যাবেন বলে উল্লেখ করেন। দল ও আদর্শিক বিরোধিতাকে পাশে রেখে নিউইয়র্কের উন্নয়নে এক সঙ্গে কাজ করার ঘোষণা দিয়েছেন কার্টিস স্লিউয়া।

ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগোচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

দিবালোকের সময়। যুক্তরাষ্ট্রের কৃষকদের সুবিধার জন্য ডে লাইট সেভিং ১০০ বছরের বেশি সময় থেকে চালু আছে। যদিও এখন ৭০ শতাংশ আমেরিকান এই পরিবর্তনের পক্ষে বলে সাম্প্রতিক জরিপে দেখা গেছে।

বিশ্বের ৭০ টির বেশি দেশে ডে লাইট সেভিং প্রথা চালু আছে।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9%

Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

Direct Lender

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য
● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি



72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

চিলমারীর সেই মেয়েটি

আবদুস শহীদ

গোলগাল চেহারা নিয়ে জন্ম নেওয়া মেয়েটার নাম রাখা হলো গুলবদন। মা-বাবার চার সন্তানের মধ্যে গুলবদন দ্বিতীয়। বুদ্ধি হওয়ার পর থেকেই জেনে আসছে, ওর বাবা আদর করে নামটা রেখেছে। কিন্তু নামটা ওর পছন্দ হয়নি। বড় বোনের নাম দিলবাহার, যেটা শুনলেই মনটা খুশিতে নেচে ওঠে। মনে অনেক দুঃখ নিয়ে বাবার কাছে গিয়ে অনেক দিন কান্নাকাটি করেছে নাম বদলে দেওয়ার জন্য, কিন্তু কাজ হয়নি। একটা অপছন্দের নাম নিয়ে সে দিন কাটাতে লাগল। গুলবদনদের বাড়ি থেকে তিন কিলোমিটার দূরেই কদমতলি গ্রাম। তার নানা বাড়ি। পূর্বে দীর্ঘ খাল।

উত্তর-দক্ষিণে মাঠের পর মাঠ পেরোলেই কদমতলি গ্রামে। কিন্তু সে মা-বাবার সঙ্গ ছাড়া একা যায়নি কখনো। বাবা কিংবা মায়ের কাছে বায়না ধরে কোনো লাভ হয় না। অভাবের সংসারে বাবা দিনমজুর খেটে সংসার চালাতে হিমশিম খায়। আর মা ঘরের ঝামেলায় কোথাও বেরোতে পারে না। বড় বোন দিলবাহার স্কুলে গেলে দুই ছোট ভাই থাকতেও গুলবদন খুবই নিঃসঙ্গ হয়ে যায়। তবুও পাঠশালায় যেতে চায় না সে। পাশের বাড়ির ছেলেমেয়েদের সঙ্গে খেলা করে ঘরে এসে চুপচাপ বসে থাকে। মা ডাকতে এলে রাগ করে। তারপর খালের ধারে একা একা দাঁড়িয়ে থাকে। খালের পানিতে মাথা উঁচিয়ে থাকা সবুজ ঘাসের ডগায় ঘাস ফড়িং উড়ে বেড়ায়। ফড়িং ধরবে বলে ধাওয়া করে, কিন্তু ধরতে পারে না। স্রোতের উজানে পোনামাছের সাঁতার দেখে অজান্তেই খিলখিল করে হাসে। খালের ঘোলা পানিতে মুখ দেখার চেষ্টা করে গুলবদন, কিন্তু দেখা হয় না। দুই হাতের আঁজলা ভরে তুলে নেয় খানিক জল, আহা জলের স্পর্শে কী দারুণ সুখ! মায়ের ডাক কানে আসে তার।

মায়ের ডাকে কখনো সাড়া দেয় না গুলবদন। মা মানেই রান্নাঘর, তারপর ফুট ফরমাশ, এটা আন ওটা নে, এসব ভাল্লাগে না তার। এর চেয়ে খালের ধারে বসে থেকে মাছের ঘাই দেখা ভালো। কোনো দিন খাওয়ার সময় ডেকে না পেয়ে মা রাগে গজ গজ করে, এমন ছন্নছাড়া মেয়ে জীবনেও দেখিনি বাবা। ওর যে কী হবে কে জানে।

দুপুরের খাবার না খেয়ে একা একা ঘুরে বেড়ায়। একদিন সত্যিই মাঠ পেরিয়ে চলে যায় কদমতলি গ্রামে, নানা বাড়িতে। নানি তাকে দেখে অবাক হন। কিন্তু কিছু বলেন না। অন্য নাতি-নাতনির সঙ্গে তাকেও আদর করেন, ভাত খেতে দেন। বিকেলের সূর্যটা ঘোলা হতে চলেছে, কিন্তু গুলবদনের কোনো সাড়া নেই। মা ডাকাডাকি করে, খালের পাড়ে গিয়ে খোঁজে, কোথাও নেই গুলবদন। সন্ধ্যা নামার আবছা আলোতে ঘরে ফেরে সে। মা ভীষণ রেগে গিয়ে তাকে বকাবকি করে। মন খারাপ হয়ে যায় গুলবদনের। সে আপন মনে বলে উঠে, আমি সত্যিই একদিন কোথাও চলে যাব।

কৈশোর ফুরোনোর আগেই বাবা মারা যায়। গুলবদন বুঝতে পারে না কিছুই। বাবার অভাব ওকে তেমন কষ্ট দেয়নি। তীব্র বেদনা বোধ কোথাও ছিল না তার, কারণ বাবার খুব কাছে কোনো দিন যেতে পারেনি। অন্দরে অবহেলায় দিব্যি বড় হচ্ছিল সে। কাজেই বাবা থাকা না থাকায় কিছুই যায় আসে না তার। তাই হয়তো মাঠ ঘাট, ঝোপঝাড়, পথ প্রান্তরের ডাক তাকে বারবার নাড়া দেয়। এমন করেই সংসারের গণ্ডি পেরিয়ে স্বাধীনচেতা মন নিয়ে দূরে চলে যেতে চায় গুলবদন। দিন দিন যাতায়াত বেড়ে যায় তার নানির বাড়িতে। এ যেন তার নাড়ির বন্ধন।

১৯৭৪ সালের মার্চ মাস। প্রবল বৃষ্টি আর পাহাড়ি ঢলে দেশের সব নদী পানিতে সয়লাব হয়ে গেল দেখতে দেখতে দেশের অধিকাংশ জেলার ফসলের মাঠ, ঘরবাড়ি তলিয়ে যেতে লাগল বানের পানিতে। ভেসে গেল অনেক গবাদিপশু, অনাহারে অর্ধাহারে মারা গেল অনেক মানুষ। বিশেষ করে দেশের উত্তরাঞ্চলে ব্যাপক হারে দেখা দিল দুর্ভিক্ষ। পানিবাহিত রোগে ওলাওঠা দেখা দিল উত্তরবঙ্গের বিভিন্ন গ্রামে।

রংপুরের চিলমারী এলাকায় গুলবদনদের গ্রাম। পাড়া প্রতিবেশীরা যে যার মতো ছুটতে লাগল ত্রাণের আশায়। মা তার বড় মেয়ে দিলবাহারকে গ্রামের এক ধনাঢ্য ব্যক্তির বাড়িতে রেখে ভীষণ দুশ্চিন্তায় দিন কাটাচ্ছেন।

গুলবদন চলে আসে খালের ধারে, দেখে ঘোলা পানিতে প্রবল স্রোত বইছে। তার ভেতরে কাঁপন ওঠে, এক অজানা আতঙ্কের কাঁপন। হাঁ করে তাকিয়ে থাকে অনেকক্ষণ আকাশের দিকে। তার মনে হয়,ভীষণ বিপদ ঘনিয়ে আসছে তার জীবনে, এখন তাকে পালাতে হবে।

মাকে কিছু না বলেই চলে আসে কদমতলি গ্রামে নানির কাছে। এসে দেখে নানি কোথাও যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। সেও বায়না ধরে নানির সঙ্গে যেতে। কিন্তু কোথায় যাবে জানে না। নানি কিছুতেই বোঝাতে পারে না নাতনিকে। অগত্যা দুজন মিলে বাইরে পা বাড়ায়। এক সময় নানিকে প্রশ্ন করে সে, আমরা কোথায় যাব নানি? কোনো উত্তর নেই নানির মুখে। গরুর গাড়ির দুলুনি খেতে খেতে রাস্তার দুই ধারের অথই জলরাশি দেখে চুপ হয়ে যায় গুলবদন। কিছু পথ অতিক্রম করে গাড়িয়াল বলে, সামনে আর এগোনো যাবে না, বন্যার পানির প্রবল স্রোতে রাস্তা ভেঙে গেছে। হাঁটুর ওপর পানি ভেঙে ওরা ছুটে চলেছে। সঙ্গে যোগ হয়েছে আরও কয়েক জন। নানি বলে কিছু দূরে এগোলেই স্টেশনে যাওয়ার নৌকা পাওয়া যাবে। যেতে যেতে আবার নানিকে প্রশ্ন করে গুলবদন, আমরা কোথায় যাচ্ছি? নানি বলে আমরা ঢাকায় যাচ্ছি। ঢাকার কথা শুনে পথ চলার কষ্ট যেন তার কাছে কষ্ট বলেই মনে হলো না। গ্রামের বাইরে এই প্রথম যাত্রা তার। কাদামাটির রাস্তার দুই ধারে কাচা পোয়াতি ধানখেত তলিয়ে গেছে বানের পানিতে। ধান গাছের পচা গন্ধে ভারী হয়ে আসে মানুষের দীর্ঘশ্বাস। পরিচিত গাছগাছালি এখন অর্ধেক পানির নিচে তলিয়ে গিয়ে অচেনা হয়ে গেছে। বন্যার পানিতে সয়লাব হয়ে গেছে মাইলের পর মাইল। তবুও খেতের আল খুঁজে ছুটে চলেছে লোকজন। কিছু দূর এগিয়ে গয়না নৌকার সন্ধান পাওয়া গেল। তাড়াহুড়ো করে সবাই নৌকায় ভিড় জমাল। দুই মাইল পেরোলেই ঢাকাগামী ট্রেন পাওয়া যাবে।

জনতার কোলাহল আর কুলিদের হাঁক ডাকে ঘুম ভাঙে গুলবদনের। কমলাপুর রেলস্টেশন, ঘুম চোখে অবাক হয়ে তাকিয়ে থাকে সে। কত মানুষ আর কত রাস্তা। সে কেবল ফ্যালফ্যাল করে তাকিয়ে দেখে আর অচেনা জায়গায় বুক ভরে নিশ্বাস নেয়। একটা নতুন জায়গায় আসতে পেরেছে ভেবে খুবই খুশি লাগছে তার। নানির হাত ধরে হাঁটতে থাকে গুলবদন। এত বড় শহরে এলাকার লোক খোঁজ করতে অনেক বেগ পেতে হয় নানিকে। এক সময় কমলাপুরে বস্তি জীবন শুরু করে তারা। নানির মাধ্যমে দুজন সাথি জোগাড় হয় গুলবদনের। ভিক্ষা করে শুরু হয় রুটি-রুজির সন্ধান।

জালাল উদ্দিন অফিসে যেতে-আসতে খুদে ভিক্ষুকদের সম্মুখীন হন প্রতিনিয়ত। দিনের পর দিন নতুন ভিক্ষুকদের সংখ্যা বাড়তে থাকে ঢাকা শহরে। মায়া ভরা তামাটে চেহারার গুলবদনের সহজ সরল চাহনি তাঁকে আকৃষ্ট করে। নিজের অজান্তেই পকেট থেকে বেড়িয়ে পড়ে একটা সিকি বা আধুলি। যা পেয়ে লালচে আস্তরণ যুক্ত দাঁত বের করে হাসে গুলবদন। সাথিদের মতো বলে ওঠে, আল্লাহ আপনার ভালো করুক।

একদিন অফিস যাওয়ার পথে গুলবদনের দেখা পেলেন না জালাল। এদিক-ওদিক তাকিয়ে আবিষ্কার করলেন অন্ধকার স্যাঁতসেঁতে এক কোণে বসে সে কাঁদছে। জালাল তাকে ডেকে কান্নার কারণ জানতে চান। গুলবদন কেঁদে বলে, তার নানিকে খুঁজে পাচ্ছে না। আর কিছু বলতে পারে না সে। সব কথা যেন শেষ হয়ে গেছে গুলবদনের জবান থেকে। ওকে সান্ত্বনা দেওয়ার ভাষা হারিয়ে ফেলেন জালাল। বস্তিবাসী অনেকের সঙ্গে যোগাযোগ এবং আলাপ করে নানির কোনো হদিস পেলেন না তিনি। একমাত্র নানি ছাড়া আপন বলতে কেউ নেই এখন গুলবদনের। জালাল তাকে নিয়ে এলেন বাসায়। আরও দুজন রুমমেট নিয়ে ম্যাচে বসবাস করেন জালাল। এরই মধ্যে উটকো ঝামেলা এখন গুলবদন। অবশিষ্ট খাবার থেকে রাতে খেতে দিলেন তাকে এবং রান্নাঘরের এক পাশে মাদুর পেতে ঘুমানোর ব্যবস্থা করলেন। পরদিন অফিসে যাওয়ার সময় গুলবদনকে বলে গেলেন নানিকে খোঁজার চেষ্টা করতে।

অফিস থেকে আসার পথে জালাল ভাবছেন, মেয়েটা হয়তো তার নানিকে খুঁজে পেয়েছে। বাসার সামনে এসে দেখেন, গেটে দাঁড়িয়ে আছে গুলবদন। নানিকে পাওয়া গেছে গুলবদন? জিজ্ঞেস করেন জালাল, সে কোনো কথা বলে না। একটু বিহ্বল দেখায় তাকে। আহা মেয়েটা না জানি কতক্ষণ দাঁড়িয়ে আছে! মেয়েটাকে নিয়ে এখন ভীষণ চিন্তিত জালাল। কীভাবে এর সুরাহা করা যায় তা নিয়ে ভাবছেন। হঠাৎ মনে হলো গুলবদনকে সিলেটে তাঁর গ্রামের বাড়িতে পাঠিয়ে দিলে কেমন হয়। বিষয়টি গুলবদনকে জানান জালাল। গুলবদন জানায়, চাচা আমি আপনার সঙ্গে যাব। এই প্রথম গুলবদন একটা আত্মীয় সম্পর্কে জড়িয়ে দিল জালাল উদ্দিনকে।

নিলুফার আর জেনিফার দুই বোন জালাল উদ্দিনের। সিলেটের গ্রামের বাড়িতে মায়ের সঙ্গে থাকে। গুলবদনকে পেয়ে তারা দারুণ খুশি। একজন সঙ্গী তার ওপর মাকে সাহায্য করার মতো একজনকে পাওয়া গেল। গুলবদনও নতুন পরিবেশে আসতে পেরে দারুণ খুশি। দুই বোন মিলে গুলবদনের নাম পরিবর্তন করে গুলবদন থেকে বদনি করে দিল।

চল্লিশের কাছাকাছি বয়সেও বিয়ে করেননি জালাল উদ্দিন। দুই বোনকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করে পাত্রস্থ না করা পর্যন্ত বিয়ে করবেন না তিনি, এটাই ছিল তাঁর একমাত্র লক্ষ্য।

দুই বোন অপূর্ব সুন্দরী, উপযুক্ত সময়ে তাদের পাত্রস্থ করা যাবে নিঃসন্দেহে। তা-ই হলো। আইএ পরীক্ষার রেজাল্ট হওয়ার আগেই আমেরিকাপ্রবাসী এক ব্যবসায়ী পাত্রের সঙ্গে নিলুফারের বিয়ে হয়ে গেল। কয়েক মাসের মধ্যেই স্বামীর সঙ্গে আমেরিকা পাড়ি জমাল নিলুফার। প্রবাসে থেকেও বদনিকে ভোলেনি নিলুফার। মাকে চিঠি লিখে জেনিফারের সঙ্গে বদনির খবর নিতে কখনো ভুল করে না সে।

নিলুফার আর জেনিফারের তৃতীয় বোনের মর্যাদায় বেড়ে ওঠে বদনি। জেনিফারের অকৃত্রিম চেষ্টায় প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠে বদনি। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে দৈহিক গড়নে দেখা দেয় যৌবনের ছাপ। পাল্টে যায় গায়ের রং। কালো থেকে শ্যামলায় রূপান্তরিত হতে থাকে।

পাশের গ্রামের গৃহস্থ ঘরের ছেলে ফারুকের সঙ্গে ভাব হয়ে যায় বদনির। এক নামকরা ঠিকাদারের সহযোগী হয়ে কাজ করে ফারুক।

দীর্ঘদিন পরে দেশে আসে নিলুফার। জেনিফার আর বদনির জন্য অনেক উপহার নিয়ে আসে আমেরিকা থেকে। এত দিন নিলুফারের অপেক্ষায় ছিলেন জালাল উদ্দিন। ভাবছিলেন বোন দেশে এলেই বদনির বিয়ের ব্যবস্থা করবেন। হলোও তাই, ধুমধাম করে বিয়ে হলো বদনি আর ফারুকের। চৌদ্দ ইঞ্চি সাদাকালো টিভি আর বাইসাইকেল উপহার দেওয়া হলো। সংসারের কাজ সেরে টিভি দেখতে বসে বদনি। এত সুখের দিন আসবে তা কল্পনায়ও ছিল না তার।

দিন বদলের সঙ্গে সঙ্গে দেশে অনেক প্রযুক্তির উন্নতি সাধিত হয়েছে। নতুন নতুন টিভি মিডিয়া চালু হয়েছে। লস্ট অ্যান্ড ফাউন্ড নামে এক রেডিও চ্যানেল মিডিয়ার সন্ধান পেয়ে ফারুক স্ত্রীকে বিস্তারিত জানায়। এই মিডিয়ার খবর সুদূর আমেরিকা থেকে পেয়ে গেছে নিলুফারও। এই চ্যানেল, দীর্ঘদিন পরিবার থেকে বিচ্ছিন্ন বা হারিয়ে যাওয়া সদস্যদের খোঁজ বের করতে সহায়তা করে। সবকিছু শুনে বদনির অতীত স্মৃতি জাগরিত হয়। কিন্তু একমাত্র নানির নাম হাজেরা বিবি ছাড়া আর কিছুই মনে করতে পারে না বদনি।

জালাল উদ্দিন এখন অবসরে। সারা দিন খবরের কাগজ পড়া, টেলিভিশন দেখা, কখনো টুকিটাকি বাজার করা—কাজ বলতে এই যা। এক বছর আগেও তাঁর কত কাজ ছিল, যখন তিনি কর্মরত ছিলেন। বিষয়টা জেনে জালাল নিজেই লস্ট অ্যান্ড ফাউন্ডের পরিচালকের সঙ্গে যোগাযোগ করেন। সব নিয়ম জেনে একদিন সাক্ষাৎকার দিতে বদনিকে নিয়ে যাবেন বলে দিন ধার্য হয়। শুরু হলো বদনির বিস্মৃত স্মৃতিকে জাগরিত করার পালা। একদিন তার দুই ভাইয়ের নাম মনে করতে পারল বদনি। কৈশোর পেরোনোর আগেই তার বাপ মারা যায়, তাই বাপের নাম কিছুতেই মনে হলো না তার। সব শুনে নিলুফারও ছুটে এলেন দেশে। ঘটনার বিস্তারিত জেনে রেডিও পরিচালক বললেন, দুই ভাইয়ের নাম হলেই চলবে।

শুরু হলো তদন্তের কার্যক্রম। তোরন আর ভোরন নামে যে বদনির দুই ভাই ছিল তা তার পরিষ্কার মনে আছে। তাদের গ্রামের নাম পুরোপুরি মনে না হলেও রংপুরের চিলমারী এলাকায় হবে বলে তার ধারণা। একদিন তার সাক্ষাৎকার নিয়ে পরিচালক বিনীত অনুরোধ করলেন দর্শক-শ্রোতা সবাইকে যারা অনুষ্ঠানটি দেখছেন তারা যেন বেশি বেশি শেয়ার করেন, যাতে দেশের আনাচকানাচে বিষয়টি ভাইরাল হয়ে যায়।

তিন দিন যেতে না যেতেই চিলমারী থেকে একজন পরিচালকের ডেটা সংগ্রহ করে উল্লেখিত দুই ভাইকে চেনে বলে জানাল। ওই ব্যক্তির সূত্র ধরেই ধারাবাহিকতা এগিয়ে চলল। একদিন রেডিওর জকির মাধ্যমে হারানো বোনকে খুঁজে পেতে সুদূর চিলমারী থেকে তোরন আর ভোরন ছুটে এল ঢাকায়। অপর পক্ষে জালাল উদ্দিন তাঁর প্রবাসী বোন নিলুফার ও বদনিকে সঙ্গে নিয়ে হাজির হলেন। এখন সমস্যা হচ্ছে বদনি দীর্ঘদিন সিলেটে থাকায় তার আঞ্চলিক ভাষাগত পরিবর্তন এসে গেছে, তাই হয়তো রংপুরের ভাষা বুঝে নেওয়া কষ্ট হবে। সব বর্ণনার পর যে হৃদয় বিদারক ঘটনার সৃষ্টি হলো তা সত্যিই সবাইকে আপ্লুত করে দিল। দীর্ঘ ৪৬ বছর আগে নানি আর এক নাতনি হারানো ঘটনার সমাধান এভাবেই একটি রেডিও জকির অনুষ্ঠানের মাধ্যমে নাটকীয় বাস্তবতায় সমাপ্তি টানা হলো।

আজীম চৌধুরীর আমেরিকা প্রীতি

দিনা ফেরদৌস

আজীম চৌধুরীর বয়স পঁয়ষট্টি ছুঁই ছুঁই। আমেরিকান নাগরিক হলেও এখন দেশে থাকতেই বেশি পছন্দ করেন। তিন ছেলে-মেয়ের মধ্যে এক ছেলে ও এক মেয়ের বিয়ে হয়ে গেছে। ছোট মেয়ে জানিয়ে দিয়েছে তার যখন সুবিধা মনে করবে বিয়ে করবে। এ নিয়ে আজীম চৌধুরী কিছু না ভাবলেও স্ত্রী হাফিজা খাতুন চৌধুরীর চিন্তার শেষ নেই। হাফিজা খাতুনের সমস্যা দুনিয়ার সবকিছুতেই। দেশ থেকে একমাত্র ছেলেকে বিয়ে করিয়ে বউ নিয়ে এসেছেন আমেরিকা। আজীম চৌধুরী ভেবেছিলেন, এইবার সংসার ছেলে বউয়ের হাতে দিয়ে হাফিজা খাতুন অবসর নেবেন, কিন্তু হয়েছে উল্টো। বউকে কাজ শেখানোর নাম করে সারা দিন বউটার পেছনে লেগে থাকেন ভুল ধরতে। ঘরের সব কাজ বউকে দিয়েই করান, বুয়াদের যেই রকম অর্ডার দিয়ে ঘরের কাজ করানো হয়। আজীম চৌধুরী আগেই কিছুটা আঁচ করতে পেরেছিলেন, তাই গরিব ঘর থেকে কম পড়াশোনা জানা মেয়েই ছিল তাঁর পছন্দের তালিকায়।

এইবার দেশে গিয়ে আজীম চৌধুরী চরম বিরক্ত তাঁর দূরসম্পর্কের খালাতো ভাই বাদশা মিঞার ওপর। অতীতে কোনো দিন জাকাত না দিলেও এখন সামর্থ্য হয়েছে। পাঁচ বছর ধরে প্রতি ঈদে তিনি জাকাতের সব টাকা বাদশা মিঞার পরিবারেই দেন। আজীম চৌধুরী যখন গরিব ছিলেন কাপড়ের দোকানে ম্যানেজারি করে ছোট ছোট বাচ্চাদের নিয়ে খুব কষ্টে থাকতেন, তখন বাদশা মিঞা সব সময় তাদের খোঁজ খবর রাখতেন। বেড়াতে এলেই বাদশা মিঞার বউ রান্নাবান্না করে পাঠাতেন। আজীম চৌধুরীর ভাই নাজিম সবেমাত্র আমেরিকা গিয়েছে ডিবি ভিসায়। তখন খুব অভাবের কারণে আজীম চৌধুরীর ছেলে-মেয়েদের স্কুলের পরীক্ষার ফি না দিলে পরীক্ষাটাই দেওয়া হবে না, সেই সময় বাদশা মিঞা কোথা থেকে টাকা ধার করে এনে দিয়েছিলেন। নামের পেছনে চৌধুরী জুড়ে দেওয়ার সঙ্গে সঙ্গে অতীতের অনেক স্মৃতিশক্তিও হারিয়ে গিয়েছে আজীম চৌধুরীর।

বাদশা মিঞা তাঁর মেয়ের কম্পিউটার কোর্সে ভর্তির জন্য কিছু টাকা ধার চাইতে এসেছিলেন আজীম চৌধুরীর কাছে। ভাবলেন আজীম চৌধুরী শুনে খুশি হবেন যে, তাঁর মেয়ে ভালোভাবে অনার্স পাস করেছে। কারণ আজীম চৌধুরী সব সময় সবাইকে বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড। বাচ্চাদের পড়াশোনা করাও। কিন্তু যার নিজেরই মেরুদণ্ড নেই তিনি অন্যের মেরুদণ্ড নিয়ে কতটুকুইবা ভাবতে পারেন। বাদশা মিঞার কথা শুনেই মনে মনে আজীম চৌধুরীর খুব রাগ হলো। সঙ্গে সঙ্গে আজীম চৌধুরী বললেন—মেয়ের পড়াশোনা তো অনেক হয়েছে এইবার বিয়ে-শাদি দাও। বেশি পড়াশোনা করলে বয়স হয়ে যাবে, শেষে ভালো পাত্র খুঁজে পাবে না। অথচ বাদশা মিঞার মেয়ে আজীম চৌধুরীর ছোট মেয়ে থেকে বয়সে ছয় বছরের ছোট। আজীম চৌধুরী বারবার ঘুরিয়ে ফিরিয়ে বুঝিয়ে দিলেন তিনি যেহেতু তাঁদের সাহায্য করেন, তাই তাঁর দায়িত্ব আছে এই ব্যাপারে সিদ্ধান্ত দেওয়ার। নিজেকে তিনি এই পরিবারের অভিভাবক মনে করছেন। বাদশা মিঞা সব বুঝে মুখের ওপর হাদিস শুনিয়ে দিলেন—"জাকাত হচ্ছে, ধনীর সম্পদের ওপর গরিবের হক"। তুমি আমাকে জাকাত দিয়ে তোমার সম্পদ পরিশুদ্ধ করে নিজের ফরজ আদায় করো, জাকাত দিয়া খোঁটা দেওনের কিছু নাই। এরপর থাকিয়া আর কোনো দিন তোমার জাকাতের টাকা দেওয়া লাগব না। কাউরে সাহায্য করা মানে তারে কিনে নেওয়া নয়, যে তার ব্যক্তিগত ব্যাপারে সিদ্ধান্ত দিয়ে দিবা। আমার মেয়েরে পড়ামু না বিয়া দিমু সে আমি বুঝমুনে।'

আজীম চৌধুরী মুখে মুখে সবাইকে বাচ্চাদের লেখাপড়ার গুরুত্ব বলে বেড়ালেও মন থেকে কখনোই চান না কেউ পড়াশোনা করে মাথা উঁচু করে দাঁড়াক। পারলে কথা বলার সময় সুযোগ বের করে সব জায়গায় নিজের ছেলেমেয়ে বিদেশে পড়াশোনা চাকরি করে এই সব শুনিয়ে শুনিয়ে এক ধরনের তৃপ্তি পান। কিন্তু অন্যের এই ধরনের তৃপ্তি তাঁর সহ্য হয় না। তিনি চান আশপাশের সবাই গরিব থাকুক, মূর্খ থাকুক, তিনি সবাইকে সাহায্য করে এমনভাবে কৃতজ্ঞ বানিয়ে রাখবেন, যাতে নিজেকে সত্যিকারের চৌধুরী লাগে, আর অন্যদের লাগে তাঁর রায়ত। যার জন্য তিনি কোথাও দুই টাকা দান করলেও সারা এলাকার লোকজনদের বলে বেড়ান। নিজের বেশি বেশি প্রচারের জন্য পাড়ার ক্লাবে চাঁদা দেন, মসজিদে মিলাদ দেন, রাস্তায় বাতি দেন, বাতির খুঁটিতে নিজের নাম লিখিয়ে নেন নিজ দায়িত্বে। আমেরিকায় কেউ তাঁকে খুব একটা পাত্তা দেয় না। আসল চৌধুরীদের ভিড়ে তাঁর কোনো অবস্থান নেই। এ জন্য দেশে চলে যান কিছুদিন পর পর। বলেন দেশের মায়ায় যাই, আসলে যান নিজেকে জাহির করতে। গিয়ে এমন না যে, তিনি দেশের জন্য বা দশের জন্য কিছু করেন। করার মাঝে করেন আমেরিকা নিয়ে ফুটানির গল্প আর আশপাশের কার জমি দখল করা যায় সহজে। যেই ভাঙা রাস্তা দিয়ে সারা জীবন হেঁটেছেন, সেই রাস্তা এখন পাকা হলেও তাঁর হাঁটতে কষ্ট হয়। তিনি আমেরিকার রাস্তার সঙ্গে তুলনায় নেমে যান। তিনি দেশের পানি, বাতাস, আলো সবকিছুর সঙ্গে বিদেশের তুলনা করে দেশটা গেল গেল করে পুরো জাতিকে প্রতিদিন একবার করে গালি দেন। গত ঈদে তিনি তাঁর মামাতো বোনের বাসায় দাওয়াত খেতে গিয়ে বললেন—বাড়ি ঈদে লাইটিং করোনি কেন? আমাদের আমেরিকায় ঈদে লাইটিং করে ঘর সাজাই সবাই, আসলে দেশের মানুষ কিছুই চেনে না, রুচি নাই তাদের।

তাঁকে দেখলেই এখন লোকজন মজা করে বলে, চৌধুরী সাহেব আপনার আমেরিকার খবর কী? আমেরিকার গল্প একবার শুরু করলে আর শেষ হতে চায় না। তাই লোকজন তাঁর অনুমতির অপেক্ষা না করে, কথার মাঝখানে কাজ আছে বলে উঠে চলে যায়। কিন্তু সে আর গল্পের শেষ হয় না...

পাতালরেলে ভ্রমণ বিড়ম্বনা

ইশতিয়াক রুপু

রাত নয়টা ৪৭ মিনিটে ছেড়ে আসা এফ ট্রেনে উঠলাম শুরুর স্টেশন ১৭৯ স্ট্রিট থেকে। যাব রাতের শিফটে কাজ করতে নগরের ডাউন টাউনে। পুরো কামরায় মাত্র তিনজন যাত্রী। কামরার লম্বা আসনে একা বসা। সামনের আসনে একজন বাংলাদেশি। হাতে নিউইয়র্ক থেকে সদ্য প্রকাশিত বাংলা পত্রিকা। আমার ঠিক বাম দিকে দুজন যাত্রী। একজন নারী চুপচাপ বসে আছেন। মাথায় বেঢপ সাইজের বাদামি রঙের চারদিক ঝুলে থাকা হ্যাট। পরনে কালো জ্যাকেটে অচেনা ভাষার নানা অক্ষরসহ আজব চিত্র আঁকা। সহজেই কারও দৃষ্টি আকর্ষণ করতে যথেষ্ট। হাঁটু পর্যন্ত মোড়ানো লাল রঙের জোড়া বুট। ডান হাতে ধরা উজ্জ্বল আলোর স্ক্রিনের আধুনিক ফোন। তাতেই নারী যাত্রীর দৃষ্টি নিবন্ধ।

এফ ট্রেনের শুরু থেকে দ্বিতীয় স্টেশন ১৬৯ স্ট্রিট। সিটে রাখা ব্যাগ থেকে একটি পিয়ার নিয়ে মনের সুখে চিবোতে চিবোতে ১৬৯ স্ট্রিট স্টেশনে নেমে গেলেন বাংলাদেশি যাত্রীটি। পুরো কামরায় শুধু আমরা দুজন। পারসন বুলেভার্ড স্টেশন ছেড়ে যেতে না যেতে শুনি কিচিরমিচির স্বরে চড়ুই পাখির আওয়াজ। কোথা থেকে আসছে ঠাহর করতে কোনায় বসা যাত্রীর দিকে তাকালাম। না কোনো নড়াচড়া নেই। পূর্বের মতোই সেলফোনের দিকে নিচু হয়ে তাকানোর ভঙ্গিতে বসা। ট্রেনের দুলুনিতে তন্দ্রা এসে যাওয়ার কয়েক সেকেন্ড পর হঠাৎ তন্দ্রা ছুটে যায়। সঙ্গে সঙ্গে চোখ গেল কোনায় বসা নারীর দিকে। তাকাতে দেখি সাদা রঙের চশমা চোখে তিনি আমার দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে। মুখের গড়ন স্বাভাবিক নয়। চশমার কাচে বড় করে দুটো অক্ষরের স্পষ্ট ছাপ। দুই হাতের কনুই পর্যন্ত সাদা রাবারের গ্লাভস। চশমার কাচ সাদা রঙের। সবই বড় অদ্ভুত ও বেখাপ্পা। একটু একটু করে ভয় পেতে লাগলাম। এমন তো আগে কখনো দেখিনি। কী করব-না করব ভাবতে ভাবতে ট্রেন ইউনিয়ন টার্নপাইক ছেড়ে ৭৫ অ্যাভিনিউয়ে এসে থামল। অচেনা নারী যাত্রীর দৃষ্টি আবার সেলফোনের দিকে ফেরানো। ট্রেন পুরোপুরি না থামতেই সিট থেকে দাঁড়িয়ে শেষবারের মতো আমার দিকে কড়া দৃষ্টি নিয়ে তাকিয়ে পা বাড়ালেন প্ল্যাটফর্মে। মনে হলো প্ল্যাটফর্ম আর পায়ের পাতা এক সঙ্গে আঁটা নয়। মাঝে বিঘত পরিমাণ ফাঁক। ঠিক হাঁটা নয়, কেমন যেন বাতাসে ভর করে হেঁটে চলছেন তিনি। যার সঙ্গে আমি ম্যানহাটন অভিমুখী এফ ট্রেনের কামরায় আনুমানিক সাত থেকে আট মিনিট ভ্রমণ করলাম বিস্ময় আর ভীতি নিয়ে। ভয় জন্ম দিয়ে হাওয়া হয়ে যাওয়া সহযাত্রীর শেষ চাহনি আবার দেখলাম চলতি ট্রেনের চওড়া জানালা দিয়ে। এফ ট্রেনের দিকে আবার তাকালেন তবে সাদা গ্লাসের চশমা দিয়ে নয়, রহস্যময় চাহনিতে জ্বলজ্বল করে জ্বলে ওঠা খালি চোখে। তারপর ধীরে ধীরে হেঁটে প্ল্যাটফর্ম ধরে চলা অজানা ও অচেনা সেই নারী মিলিয়ে গেলেন রহস্যের এক অধ্যায় জন্ম দিয়ে।

আরেকটি ঘটনা বছর তিনেক আগের। সেই সময় জ্যাকসন হাইটস লাগোয়া উডসাইডে থাকতাম। বিকেল চারটা থেকে মধ্যরাত ১২টা পর্যন্ত শিফট। আড়াইটায় নর্দান বুলেভার্ড স্টেশন থেকে

> **আমেরিকায় সম্প্রতি ঘটে যাওয়া এলোপাতাড়ি গুলিবর্ষণের ঘটনায় জনগণের মনে কি পরিমাণ ভয় জন্মেছে। একজন কিশোরের হাতে খেলনা বন্দুক দেখে স্কুলের ছাত্রদের কী পরিমাণ ভীতির উদ্রেক হয়েছে, যা ক্রমে পুরো ট্রেনের যাত্রীদের মাঝে ছড়িয়ে যায়।**

লোকাল আর ট্রেন ধরে ডাউন টাউনের ওয়াল স্ট্রিটে কাজে যেতে হতো। ম্যানহাটনগামী আর ট্রেনে চেপেছি বেলা তিনটার একটু আগে। ৪৬ স্ট্রিট ছেড়েই স্ট্যানওয়ে স্টেশন। সবে স্কুল ছুটি হয়েছে। ট্রেন থামতে না থামতেই স্কুলপড়ুয়ারা হুড়মুড় করে সব কামরায় ঢুকে পড়ল। আমাদের কামরাতে ঢুকল প্রায় ১০ জন। স্কুলপড়ুয়া ছাত্র ছাত্রীদের স্বাভাবিক হই চই চলতে লাগল। যা খুবই স্বাভাবিক। পরের স্টেশন ৩৬ স্ট্রিটে ট্রেন থামার সঙ্গে সঙ্গে পেছনের কামরা থেকে এক যোগে চিৎকার—ম্যান উইথ গান। মানে ট্রেনে অস্ত্রধারী আছে। কারও কথা কেউ শুনছে না। একযোগে চিৎকার পালাও, পালাও, ট্রেনে অস্ত্রধারী উঠে পড়েছে। আমি একদম সামনের কামরায়। দৌড়ে বের হতে গিয়ে দেখি, সামনে দিয়ে বিদ্যুৎ গতিতে বেরিয়ে গেলেন কৃষ্ণকায় আর ট্রেনের চালক। কী সাংঘাতিক! তা হলে তো ঘটনা সত্যি। কারণ তাঁরা যেকোনো বিষয় রেডিও মারফত আগেই খবর পেয়ে যান। ডান-বাম কোনো দিক না তাকিয়ে আমিও দিলাম দৌড়। তখনো কানে আসছে, গো গো গ্যানম্যান বিহাইন্ড। সিঁড়ি বেয়ে ওপরে উঠতে না উঠতেই দেখি পুলিশের গাড়ি। কেউ কেউ দ্রুত শরীরে বুলেট প্রুফ জ্যাকেট জড়াচ্ছে। সবার হাতের ভারী অস্ত্র আড়াআড়ি করে বুকে চেপে ধরা। টাঁশ টাঁশ আওয়াজ তুলে দ্রুত সিঁড়ি বেয়ে নিচে নেমে যাচ্ছে অস্ত্রে সজ্জিত পুলিশ। সাবওয়ে স্টেশনের ওপরের খোলা জায়গায় ছাত্র-ছাত্রীদের ছোট বড় জটলা। কেউ কেউ ভয়ে তখনো কাঁপছে। বিশেষ করে স্বচক্ষে যারা অস্ত্রধারীকে দেখেছে ওদের কান্না থামছেই না। সহপাঠীদের কেউ কেউ ওদের বুকে জড়িয়ে সান্ত্বনা দিচ্ছে।

প্রথম যে দুজন ছেলে অস্ত্রধারীকে দেখে, সেই দুজনের একজনকে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে। সহপাঠীদের কেউ বলাবলি করছে, ছোটখাটো ছেলেটি বিষয়টি নিজ চোখে দেখা মাত্র পরের কামরায় দায়িত্বরত অ্যাটেনডেন্টকে জানিয়ে দেয়। সাহস করে দরজার নিচ দিয়ে কাগজের একটি টুকরোতে লিখে কৌশলে জানিয়ে দেয় অ্যাটেনডেন্টকে ট্রেনে অস্ত্রধারীর উপস্থিতি। দূরে দাঁড়িয়ে এসব দেখছি আর ভাবছি, কী করব এখন? কাজে তো যেতেই হবে। আর ট্রেনের জন্য অপেক্ষা করব? না বিকল্প পথ ধরব। ঠিক সে সময়ই দেখি ভারী অস্ত্র ও শরীরে নিরাপত্তা জ্যাকেট পরিহিত পুলিশ বাহিনীর সদস্যদের একজন কৃষ্ণকায় ১৪-১৫ বছরের ছেলেকে ধরে হাতকড়া লাগিয়ে ওপরে নিয়ে আসছে। ওপরে টহলে থাকা পুলিশের দল দ্রুত এগিয়ে এসে বালক বয়সী ছেলেটিকে চোখের পলকে টহল গাড়িতে তুলে সাইরেন বাজাতে বাজাতে স্থানীয় পুলিশ স্টেশনের দিকে চলে গেল। আরও মিনিট পাঁচেক সাবওয়েতে নামার মুখে দাঁড়িয়ে রইল জনা চারেক পুলিশ। ওঁরা সরে যেতেই অপেক্ষমাণ যাত্রীরা চারদিকে তাকাতে তাকাতে নিচে নামতে লাগল। সঙ্গে আমিও। পুরো প্ল্যাটফর্ম জুড়ে কড়া পুলিশ পাহারা। পুরো ট্রেনের দরজা খোলা রেখে আর ট্রেন ম্যানহাটন অভিমুখে যাত্রা শুরু করতে তৈরি। কামরায় উঠে বসতে না বসতে দুইবার বেশ জোরে চালক হুইসিল বাজিয়ে ট্রেনের দরজা বন্ধ করে পরের স্টেশন কুইন্স প্লাজার উদ্দেশ্যে শুরু করল যাত্রা। যাত্রীদের কেউ সিটে বসা কেউ আবার দাঁড়ানো। কামরার মাঝ বরাবর দাঁড়িয়ে দুজন নীল পোশাকধারী পুলিশ নিজেদের মধ্যে হেসে হেসে গল্প করছে। দেখলে তো! কী সাংঘাতিক অবস্থা রে বাবা! তুমি কি খেয়াল করেছ? আমেরিকায় সম্প্রতি ঘটে যাওয়া এলোপাতাড়ি গুলিবর্ষণের ঘটনায় জনগণের মনে কি পরিমাণ ভয় জন্মেছে। একজন কিশোরের হাতে খেলনা বন্দুক দেখে স্কুলের ছাত্রদের কী পরিমাণ ভীতির উদ্রেক হয়েছে, যা ক্রমে পুরো ট্রেনের যাত্রীদের মাঝে ছড়িয়ে যায়। তা শুনে অপরজন বলে উঠলেন, কিশোরটি নকল বন্ধুক নিয়ে ট্রেনে চেপেছিল মজা করতে। আর সেই ভয় দেখানোর মজা গিয়ে ঠেকল কয়দিনের হাজতবাসে।

অন্যের পথে হাঁটা উচিত নয়

রাজুব ভৌমিক

সফল ব্যক্তিদের নানা গুণ আছে। এর মধ্যে অন্যতম প্রধান একটি গুণ হচ্ছে নতুনের অনুসন্ধান করা। অক্ষম বা দুর্বলের জন্য নতুন রাস্তা বা পথ তৈরি করা। কিন্তু অনুসন্ধান করে সফলতার নতুন রাস্তা তৈরি করা সহজ কাজ নয়। এতে অনেক বাধা-বিপত্তি থাকে। এমনকি ব্যর্থ হওয়ার আশঙ্কাও বেশি। কিন্তু যে ব্যক্তি সব বাধা-বিপত্তি অতিক্রম করে নতুন পথ তৈরি করতে সক্ষম হয়, সে-ই প্রকৃত সফল পথ প্রদর্শক। সফল পথ প্রদর্শক ব্যক্তিরাই সফল আর তাঁদের পথে চলমান ব্যক্তিরা অনুকরণকারী বা অনুগামী। অনুগামী হওয়ার মধ্যে কোনো দোষ নেই। ব্যক্তি স্বার্থে অনুগামী হওয়া যায়। কিন্তু সমাজের বৃহত্তর স্বার্থে অনুগামীরা বেশি দূর এগোতে পারে না বা সমাজকল্যাণে নিজেকে বিলিয়ে দিতে সক্ষম হয় না। একজন অনুসন্ধানকারী নতুন পথ তৈরিতে অক্ষম হলেও সে সফল। কেননা পরবর্তীতে নতুন অনুসন্ধানকারীরা তার ভুল থেকে শিখতে পারবে বা তার ব্যর্থতা থেকে নতুন পথ সৃষ্টি করতে অনুপ্রাণিত হবে। সুতরাং অন্যের পথে না হেঁটে নিজেই নতুন পথ সৃষ্টি করা উচিত।

জীবনে সফল হতে গেলে অন্যের পথে হাঁটা উচিত নয়। কেননা এতে প্রথমত নিজের দুর্বলতা প্রকাশ পায়। দ্বিতীয়ত সমাজের উন্নতির বা পরবর্তী প্রজন্মের কল্যাণে ব্যাঘাত হয়। যেমন ধরুন—একটি জেলে পাড়ার সবাই জেলে। তারা প্রজন্মের পর প্রজন্ম শুধু মাছ ধরে যাচ্ছে এবং সেগুলো বিক্রি করে জীবিকা নির্বাহ করে যাচ্ছে। হয়তো এক সময় তাদের পূর্বজন্মের পুরুষেরা কীভাবে মাছ ধরে জীবিকা নির্বাহ করতে হয় সে পথ দেখিয়ে দিয়েছে এবং তারা তাদের অনুগামী হয়ে সে পথের অনুসারী হয়ে এখনো জীবিকা নির্বাহ করে যাচ্ছে। এতে প্রজন্মের পর প্রজন্ম অন্ধের মতো ব্যক্তি স্বার্থে কাজ করে যাচ্ছে। কিন্তু এই জেলে সমাজের কেউ যদি অনুসন্ধানকারী হতেন এবং নতুন কিছু করার প্রচেষ্টা চালিয়ে সফল হতেন তাহলে তাঁদের পরবর্তী প্রজন্ম মাছ ধরার পাশাপাশি নতুন কিছু করার সুযোগ পেত। যুগের পর যুগ মাছ ধরার বন্ধন বা চক্র থেকে নিজেদের মুক্তি দিতে পারত। একটি সমাজে নিত্য নতুন সমস্যা লেগেই থাকে। সে সমস্যা থেকে শুধু অনুসন্ধানকারীরাই নতুন পথ সৃষ্টির মাধ্যমে সমাজকে মুক্তি দিতে পারে।

এখন পাঠক বলতে পারেন, সব জেলে মাছ ধরা ছেড়ে দিলে মাছ ধরবে কে? সমাজে তো জেলেদেরও প্রয়োজন আছে! আপনার ধারণা অবশ্যই সঠিক। কিন্তু আমাদের সমাজে বেশির ভাগ মানুষই অনুগামী তাই সব জেলে কোনো দিন তাদের নিজেকে মাছ ধরা থেকে নিজেকে মুক্তি দিতে পারবে না। কারণ মানুষ মাত্রই সহজ সফলতার পথের পথিক। মানুষ সহজে জীবনে সফল হতে চায়। আর সফল হতে তারা বেশি কষ্ট করতে পছন্দ করে না। জেলে সমাজের যখন কয়েকজন তাদের পূর্বপ্রজন্মের গণ্ডি ফেরিয়ে অন্য কিছু করার চেষ্টা করবে তখন তাদের দেখাদেখি আরও অনেকে ভিন্ন ভিন্ন কিছু করার চেষ্টা করবে। এতে সফলতা সহজেই আসবে না। পড়াশোনা করতে হবে। দারিদ্র্যের সঙ্গে প্রত্যক্ষ সংগ্রাম করতে হবে। আবার অনেকে তাদের সংগ্রাম দেখে পিছপা হবে। নিরুৎসাহিত হবে। ফলে তাদের জন্য যা সহজ, অর্থাৎ মাছ ধরার কাজ চালিয়ে যাবে।

এইমাত্র ছোট্ট এক জেলে সমাজের কথা বললাম। এবার আপনি একটু দেশের কথা ভাবুন। বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। বাংলাদেশের অনেকেই এক সময় কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করত কিন্তু বর্তমানে বাঙালিরা সব ধরনের কাজ করে যাচ্ছে। পৃথিবীর বিভিন্ন দেশের মতো বাঙালিরাও একতালে চলার চেষ্টা করছে। বাংলাদেশের নানা পথ প্রদর্শক তথা বিশ্বের নানা গুণীজনের নির্মিত সফলতার পথ অনুসরণ করে যাচ্ছে। তার মানে এই নয় যে, বাংলাদেশে কৃষকের অভাব হয়েছে। কিন্তু খুব কম ক্ষেত্রেই বাংলাদেশ অন্য দেশের জন্য পথ প্রদর্শক হতে পেরেছে। উপরন্তু বাংলাদেশ অন্য দেশের সঙ্গে খাপ খাইয়ে চলতে হিমশিম খাচ্ছে। সে ক্ষেত্রে বাংলাদেশ অন্যের পথে না হেঁটে বিশ্বের জন্য নতুন পথ সৃষ্টি করা উচিত। যা প্রত্যেক দেশে কাছে একটি উদাহরণ হয়ে থাকবে। এবার ভেবে দেখুন, যদি বাংলাদেশে আইফোন না আসত বা আমাজন চালু হতো বা নেটফ্লিক্স চালু হতো! তাহলে বিশ্বের কল্যাণে বাংলাদেশ প্রত্যক্ষ ভূমিকা পালনের পাশাপাশি দেশেরও বড় উন্নতি করতে পারত। পরিবর্তে আমরা আমাজনের মতো বিভিন্ন সাইট খোলার চেষ্টা করছি। অন্যের তৈরি করা পথে আমরা হাঁটছি বা হাঁটতে বাধ্য হচ্ছি। এতে সাময়িক লাভ হলেও ভবিষ্যতের আশু উন্নতিতে একদিন বাধা হয়ে দাঁড়াবে। বাংলাদেশ আমাজনের পথে না হেঁটে অন্য রাস্তা তৈরি করতে পারে যাতে ক্রেতা বা বিক্রেতাদের সম্পর্ক একটি অনন্য পর্যায়ে পৌঁছে যায়।

এবার আপনার কথা একটু ভাবুন। নিজেকে জিজ্ঞেস করুন আপনিও কী অন্য সবার মতো অন্যের তৈরি পথে হাঁটতে শুরু করছেন? অন্য সবার মতো কিছু পড়াশোনা শেষ করে একটি চাকরি নিয়ে থিতু হয়েছেন? তাহলে মনে রাখবেন, এতে আপনার ব্যক্তি স্বার্থের পূর্ণ হলেও অসফলতা অন্ধকার চক্র থেকে সমাজের পরিত্রাণ হবে না। আপনার ভবিষ্যৎ প্রজন্মও অন্ধকারের চক্র থেকে বেরিয়ে আসতে পারবে। সব নাগরিকের আত্মচিন্তার পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের কথা ভেবে কাজ করা উচিত। আপনি আজ যা করছেন তার প্রভাব ভবিষ্যতে কী হবে সেটা ভাবা উচিত। আপনি যদি সরকারি চাকরি করে সারাটা জীবন কাটিয়ে দেন তাহলে আপনার ভবিষ্যতের প্রজন্ম বা সন্তান ওই আপনার তৈরি করা একটি পথেই হাঁটার চিন্তা করবে। কেননা আপনি এমন কিছু করেননি যে তারা বিকল্প কিছু চিন্তা করতে পারবে। সন্তান তার পিতামাতাকে অনুসরণ করে এটাই স্বাভাবিক। অনেকে তাদের পিতামাতার মতো হতে চায়। একজন কামারের ছেলে তার জীবনের শুরুতে কামার হতে চায়। একজন চাকরিজীবীর ছেলে তার জীবনের শুরুতে ভবিষ্যতে একজন চাকরিজীবীই হতে চায়। কিন্তু আপনি যদি চাকরিজীবী এবং ব্যবসায়ী দু-ই হতেন বা দু-ই করার চেষ্টা করতেন তাহলে প্রথমত, দেশ, সমাজ, এবং আপনি উপকৃত হতেন। দ্বিতীয়ত, আপনার সন্তান আপনাকে অনুসরণ করে আরও ভালো কিছু করার চেষ্টা করত। আপনার মতো বহু পথে সাফল্য লাভ করার চেষ্টা করত। তাই আমাদের সবাইকে নানা বিষয়ে উদ্যোক্তা হওয়া উচিত। পড়াশোনা শেষ না করে সব সময় পড়াশোনা চালিয়ে যাওয়া উচিত। জীবনে শেখার কোনো অন্ত নেই। আমাদের প্রতিনিয়ত শেখার অভ্যাস গঠন করা উচিত। একটা চাকরি করে থিতু না হয়ে সে চাকরিটা কাজে লাগিয়ে কীভাবে আরও উন্নতি করা যায় সেদিকে আমাদের দৃষ্টি থাকা উচিত। শুধু অন্যের তৈরি করা পথে না হেঁটে আমাদের নিজেদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য পথ তৈরি করা উচিত। কেননা—বৃহত্তর স্বার্থে করা কৃতকর্মই শুধু প্রশংসনীয় এবং মানবকল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

আমেরিকান হ্যালোইন

রহমান মাহবুব

হ্যালোইন একটি ছুটির দিন। প্রতি বছর ৩১ অক্টোবর দিবসটি পালিত হয়। এবারের হ্যালোইনের দিনটি পড়েছে রোববার। এই ঐতিহ্যটি মূলত এসেছে 'স্যামহাইন' নামের প্রাচীন সেল্টিক উৎসব থেকে। যখন লোকেরা ভূত তাড়ানোর জন্য প্রান্তরে আগুন জ্বালাত। নানা অদ্ভুত পোশাক পরিধান করত। অষ্টম শতাব্দীতে তৃতীয় পোপ গ্রেগরি, নভেম্বরকে সাধু সন্ন্যাসীদের সম্মান জানানোর সময় হিসেবে মনোনীত করেন। পরে 'অল সেন্টস ডে' স্যামহাইনের কিছু ঐতিহ্যকে ধারণ করে। প্রথম দিকে ওই সন্ধ্যাগুলো 'অল হ্যালোস ইভ' এবং পরে 'হ্যালোইন' নামে পরিচিত হয়। সময়ের সঙ্গে সঙ্গে হ্যালোইন পরিণত হয়েছে ট্রিক-অর-ট্রিটিং, জ্যাক-ও-লণ্ঠন খোদাই করা, উৎসব, সমাবেশ, পোশাক পরিধান করা এবং খাবার দাবারের মতো ক্রিয়াকলাপের উৎসবে।

দুই হাজার বছর আগে বসবাস ছিল সেল্টসের। এদের বেশির ভাগই বর্তমান আয়ারল্যান্ড, যুক্তরাজ্য এবং উত্তর ফ্রান্স অঞ্চলে বাস করত। ১ নভেম্বরকে তারা নতুন বছর হিসেবে উদ্‌যাপন করত।

এই দিনটি গ্রীষ্মের সমাপ্তি, ফসল কাটা, অন্ধকার এবং শীত মৌসুমের সূচনা হিসেবে চিহ্নিত করত। তারা মানুষের মৃত্যুর সঙ্গে বছরের এই বিশেষ সময়টির যোগসূত্র খুঁজে পেত। সেল্টসরা বিশ্বাস করত, নতুন বছরের আগের রাতে জীবিত এবং মৃতের জগতের মধ্যকার সীমানা ঝাপসা হয়ে ওঠে। ৩১ অক্টোবর রাতে তারা স্যামহাইন উদ্‌যাপন করত। এটি বিশ্বাস করত যে, মৃতদের ভূত পৃথিবীতে ফিরে এসেছে।

অনিষ্ট করা এবং ফসলের ক্ষতি করার পাশাপাশি, সেল্টসরা বিশ্বাস করত যে অন্য জাগতিক আত্মার উপস্থিতির কারণে দ্রুইড বা সেল্টিক পুরোহিতদের ভবিষ্যদ্বাণী করা সহজ

হয়ে গেছে। অস্থির প্রাকৃতিক বিশ্বের ওপর সম্পূর্ণরূপে নির্ভরশীল মানুষের জন্য এই ভবিষ্যদ্বাণীগুলো অন্ধকার, দীর্ঘ শীতের সময় আরামের একটি গুরুত্বপূর্ণ উৎস হিসেবে কাজ করত।

মাঠে আগুন জ্বালিয়ে এটি উদ্‌যাপন করত দ্রুইড ও সেল্টিকরা। সেল্টিক দেবতাদের বলি হিসেবে ফসল এবং পশু পোড়ানোর জন্য লোকজন জড়ো হতো। এসব অনুষ্ঠানে সেল্টিকরা অদ্ভুত সব পোশাক পরিধান করত। পোশাক সাধারণত পশুর মাথা এবং চামড়া সমন্বিত।কঠোর প্রোটেস্ট্যান্ট বিশ্বাসী লোকজন থাকার কারণে, উত্তর পূর্বাঞ্চলীয় আমেরিকায় হ্যালোইন উদ্‌যাপন অত্যন্ত সীমিত ছিল। মেরিল্যান্ড এবং দক্ষিণের রাজ্যগুলোতে অনেক বেশি জনপ্রিয় ছিল এই উৎসব!

বিভিন্ন ইউরোপীয় জাতিগোষ্ঠী এবং নেটিভ আমেরিকান বিশ্বাস এবং রীতিনীতিগুলো মিশে যাওয়ার সঙ্গে সঙ্গে হ্যালোইনের একটি স্বতন্ত্র আমেরিকান সংস্করণ আবির্ভূত হতে শুরু করে। প্রথম উদ্‌যাপনের মধ্যে 'প্লে পার্টি' অন্তর্ভুক্ত ছিল যা ফসল কাটার উদ্‌যাপনের জন্য অনুষ্ঠিত সর্বজনীন অনুষ্ঠান ছিল। প্রতিবেশীরা মৃতদের গল্প শেয়ার করত, একে অপরের ভাগ্য বলত। নাচত, গান করত।

আমেরিকান হ্যালোইন উৎসবে ভূতের গল্প বলা এবং একে অন্যের সঙ্গে নানা রকম দুষ্টুমি করাও প্রচলিত ছিল। ১৯ শতকের মাঝামাঝি সময়ে বার্ষিক শরতের উৎসব প্রচলিত ছিল। তবে হ্যালোইন তখন সে রকম ঘটা করে দেশের সর্বত্র উদ্‌যাপিত হতো না। ১৯ শতকের দ্বিতীয়ার্ধে আমেরিকায় ব্যাপক ভাবে নতুন অভিবাসীদের আগমন ঘটে। এই নতুন অভিবাসীরা বিশেষ করে 'আইরিশ পটেটো দুর্ভিক্ষ' থেকে পালিয়ে আসা লাখো আইরিশ, আমেরিকাজুড়ে হ্যালোইন উদ্‌যাপনকে জনপ্রিয় করতে সাহায্য করে।

ট্রিক-অর-ট্রিটিং সংস্কৃতিটি ইউরোপীয় ঐতিহ্য থেকে ধার করা। আমেরিকানরা হ্যালোইন উদ্‌যাপনে অদ্ভুত সব পোশাক পরে প্রতিবেশীদের ঘরে ঘরে গিয়ে খাবার, অর্থের জন্য দরজায় নক করা শুরু করে। এভাবে 'ট্রিক-অর-ট্রিট' ঐতিহ্যে পরিণত হয়। অল্পবয়সী নারীরা বিশ্বাস করত, হ্যালোইনে তারা সুতা, আপেল প্যারিং বা আয়না দিয়ে কৌশল করে তাদের ভবিষ্যৎ স্বামীর নাম বা চেহারা ঐশ্বরিক করতে পারে। ১৯২০ ও ১৯৩০ এর দশকে হ্যালোইন একটি ধর্মনিরপেক্ষ, সামাজিক উদ্‌যাপনে পরিণত হয়। প্যারেড এবং শহরব্যাপী হ্যালোইন পার্টিগুলো বৈশিষ্ট্যযুক্ত হতে শুরু করে।

এভাবেই তখন একটি নতুন আমেরিকান ঐতিহ্যের জন্ম হয়েছিল। এটি ক্রমাগতভাবে বর্ধিত এবং বিচিত্র অবয়ব নিয়েছে, ব্যাপকতা পেয়েছে। আজ আমেরিকানরা হ্যালোইন উপলক্ষে বার্ষিক আনুমানিক ৬ বিলিয়ন ডলার ব্যয় করে। ক্রিসমাসের পরে এটি দেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক ছুটিতে পরিণত হয়েছে।

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

বিসমিল্লাহহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২১
BANGLADESH SOCIETY INC. ELECTION 2021
প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিক্ষিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"
১৪ নভেম্বর নির্বাচনে
রব-রুহুল
পরিষদ
A1
আবদুর রব মিয়া
সভাপতি
ABDUR RAB MIA
PRESIDENT
A4
রুহুল আমিন সিদ্দিকী
সাধারণ সম্পাদক
RUHUL AMIN SIDDIKI
GENERAL SECRETARY
PLEASE VOTE FOR RAB-RUHUL PANEL
A2
মোঃ মহিউদ্দিন দেওয়ান
সিনিয়র সহ সভাপতি
MD. MOHIUDDIN DEWAN
SENIOR VICE PRESIDENT
A3
ফারুক চৌধুরী
সহ সভাপতি
FARUK U, CHOUDHURY
VICE PRESIDENT
A5
আমিনুল ইসলাম চৌধুরী
সহ সাধারণ সম্পাদক
AMINUL CHOWDHURY
ASST. GENERAL SECRETARY
A6
মোঃ নওশেদ হোসেন
কোষাধ্যক্ষ
MD. NOASHED HOSSAIN
TREASURER
A7
আবুল কালাম ভূঁইয়া
সাংগঠনিক সম্পাদক
ABUL KALAM BHUIYAN
ORGANIZING SECRETARY
A8
ডা. শাহনাজ লিপি
সাংস্কৃতিক সম্পাদক
DR. SHAHNAJ LIPI
CULTURAL SECRETARY
A9
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক
REZU MOHAMMED
PUBLIC RELATION & PUBLICITY SECT.
A10
মোঃ টিপু খান
সমাজকল্যাণ সম্পাদক
MD. TIPU KHAN
SOCIAL WELFARE SECRETARY
A11
ফয়সাল আহমদ
সাহিত্য সম্পাদক
FOYSOL AHMED
LITERATY SECRETARY
A12
মাইনুল উদ্দিন মাহবুব
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
MAINUL UDDIN (MAHBUB)
SPORTS & ENT. SECRETARY
A13
প্রদীপ ভট্টাচার্য
স্কুল ও শিক্ষা সম্পাদক
PRADIP BHATTACHARJYA
SCHOOL & EDUCATION SECRETARY
A14
মোঃ সাদী মিন্টু
কার্যকরী সদস্য
MOHAMMED SAADI MINTU
EXECUTIVE MEMBER
A15
ফারহানা চৌধুরী
কার্যকরী সদস্য
FARHANA CHOWDHURY
EXECUTIVE MEMBER
A16
শাহ মিজানুর রহমান
কার্যকরী সদস্য
SHAH MIZANUR RAHMAN
EXECUTIVE MEMBER
A17
সিরাজদৌল্লাহ হক বাশার
কার্যকরী সদস্য
SIRAJDULLAH HAQUE BASHAR
EXECUTIVE MEMBER
A18
মোঃ আখতার বাবুল
কার্যকরী সদস্য
MD. AKHTER BABUL
EXECUTIVE MEMBER
রব-রুহুল পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
RAB-RUHUL PANEL
A19
সুশান্ত দত্ত
কার্যকরী সদস্য
SUSHANTA DATTA
EXECUTIVE MEMBER
রব-রুহুল পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
প্রচারেঃ রব-রুহুল পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি

অনুগল্প

প্রতি বছরের মতো এবারও ৩১ অক্টোবর পালিত হলো ঐতিহ্যবাহী হ্যালোইন উৎসব। বর্তমানে বিশ্বের প্রায় সব দেশেই পালিত হয় এই দিবসটি। তবে পশ্চিমা বিশ্বে অত্যন্ত জাঁকজমক ভাবে পালন করা হয় হ্যালোইন। এই ভুতুড়ে উৎসবের ইতিহাস দুই হাজার বছরেরও বেশি পুরোনো। মৃত আত্মাদের স্মরণে পালন করা হয় দিনটি। পবিত্র আত্মারা আপনারা যে যেখানে আছেন শান্তিতে থাকুন। আমরা আপনাদের ঘুম ভাঙাব না। আমরা কেবল আমাদের গল্পকারদের চমকে দেওয়া কিছু ভৌতিক গল্প পড়ে ‘অল হ্যালোজ ইভ’ পালন করব।—শেলী জামান খান



অলক্ষুনে দিন

রোমেনা লেইস

কলোনির আম গাছে বসা প্যাঁচাটা ডেকে উঠল। পরপর বেশ কয়েকবার। ঝটপট ঘুম থেকে উঠে, রেডি হয়ে, দুজনে দুই কাপ চা খেয়ে বেরিয়ে পড়লাম। বেরোনোর আগে রাতুলের বাবা বেশ আদর করে বলল, “বাহ বেশ মানিয়েছে তোমায় এই নীল শাড়িতে।” বাসে ওঠার আগে একটি গ্রুপ ছবি তোলা হলো। কী সুন্দর কুয়াশা মোড়ানো ভোর।

সামনে হলুদ রঙের ব্যানার দেওয়া তিনখানা পিকনিকের বাস ছাড়ল একই সঙ্গে। মাইকে সাবিনা ইয়াসমিনের গান বাজছে। বাংলাদেশ ব্যাংক কলোনির বার্ষিক পিকনিক। পানাম নগরী নামে খ্যাত সোনারগাঁ এবার লোকেশন।

রাতুলের বাপি তিনখানা লটারির কূপন কিনল। রাতুল আমাদের একমাত্র ছেলে। এবার রংপুর ক্যাডেট কলেজ থেকে এইচএসসি দিচ্ছে। রাতুল পিকনিকে যাচ্ছে না, তবুও ওর নামেও কূপন কিনল ওর বাপি।

কুয়াশা মাখা সকাল। কাঁচপুর ব্রিজের আগে সুন্দর একটা গ্রামে তিনটা বাস দাঁড়াল। সরিষার খেত আর তালগাছের সারি। সবার হাতে সকালের নাশতার প্যাকেট দেওয়া হলো। মাঘের হাওয়া চুল এলোমেলো করে দিচ্ছে। নিজের পকেটে রাখা চিরুনি বের করে সামনের ঝুরো চুলগুলো আঁচড়ে নিল রাতুলের বাপি। আমার কানের কাছে মুখ এনে কিছু বলতে চাইল সে। তখনই আরিফ ভাই ক্যামেরায় ছবি তুলে নিল কয়েকটা। আমরা দুজনেই লজ্জা পেলাম।

চা নাশতার পর আবার বাস ছাড়ল। এবার রুনা লায়লার ‘ইস্টিশনের রেলগাড়িটা’ বাজছে। সবার মন বেশ ফুরফুরে। কাচপুর ব্রিজে গাড়িটা বাঁক নিচ্ছিল। আচমকা কী যে হলো! প্রচণ্ড শব্দ। গাঢ় অন্ধকার। গরম তরল রক্ত। চিৎকার। অনেকেই জ্ঞান হারাল। উল্টোপাশ থেকে আসা ট্রাক ঠিক ওদের বাসের পেট বরাবর ধাক্কা দিয়েছে।

‘বল হরি বল হরি’। রাতুলের বাবাকে শ্মশানে নিয়ে যাচ্ছে। কারা যেন আমার হাতের শাঁখা খুলে নিলো। বুক জুড়ে জমে উঠল দীর্ঘশ্বাস। সিঁথির সিঁদুরটুকুও স্বামীর পায়ের বুড়ো আঙুল দিয়ে মুছে দিল সবাই। নীল শাড়িটি খুলে সাদা থানে জড়িয়ে দিল শরীর।

মনে পড়ল আজ কলোনির আমগাছে বাসা বাঁধা ওই হুতুম প্যাঁচার ডাকে ঘুম ভেঙেছিল আমার।

সত্যিই কী হুতুম প্যাঁচা এমন অলক্ষুনে?

পুনর্জন্ম

শুচিস্মিতা চক্রবর্তী

আমাদের গ্রামে একটাই নদী, খেয়ালি। নদীটি চওড়া কিন্তু অগভীর। নামের সঙ্গে সামঞ্জস্য রেখে খেয়াল-খুশি মতো বয়ে চলে। পানীয় জল কিংবা চাষবাসের জন্য নদীর জলই ভরসা।

স্বচ্ছ ভারত অভিযানের জন্য এখন নদীতে কোনো নোংরা ফেলাও হয় না, গরু-মোষ স্নান করানোও হয় না। তবে দুঃখের বিষয় ফি-বছর বর্ষাকালে নদীজল ফুলে ফেঁপে দুকূল ভাসিয়ে নিয়ে যায়। এ বছরও তার ব্যতিক্রম হয়নি, বরং একটু বেশিই ক্ষয়ক্ষতি হয়েছে। চারদিকে বানভাসিদের হাহাকার। খাদ্যের অভাব, পানীয় জলের অভাব, থাকার জায়গার অভাব, সঙ্গে আবার জমা জলে সাপ, পোকামাকড়, মশা মাছির উপদ্রব।

বহু লোক কলেরায় মরছে। কেউ খিদেয় মরছে, কেউ সাপের কামড়ে বা ম্যালেরিয়ায় মরছে। মোটের ওপর পুরো গ্রামে এমন কোনো ঘর নেই, যেখানে মৃত্যু কামড় বসায়নি।

আমাদের বাড়িতেও সেই এক ঘটনা। আমারও মনটা ভালো নেই। কখন যে আনমনে হাঁটতে হাঁটতে এই দিকটায় চলে এসেছি, খেয়ালই করিনি। এইটা নদীর পশ্চিম দিক। মূলত শ্মশান এলাকা। দিনের বেলাতেই কেউ একটা এ পাড়ে আসে না। আর এখন প্রায় সন্ধ্যা হয়ে এসেছে। আমার গা ছমছম করে উঠল।

যতই এগিয়ে চলেছি, ততই পোড়া গন্ধ নাকে উগ্র থেকে উগ্রতর হয়ে উঠছে। দিনে এখন আট-দশটা করে মড়া পুড়ছে। আমি যাব না, যাব না করেও এগিয়ে চলেছি। কিছু যেন একটা আমায় ভীষণভাবে আকর্ষণ করছে, কিছুতেই পেছন ফিরে চলে যেতে পারছি না।

বেশ কিছুটা এগিয়ে শাল আর বনহুগলীর জঙ্গলের ভেতরে কাদের যেন গলার আওয়াজ পাচ্ছি। আমি মন্ত্রমুগ্ধের মতো গিয়ে দাঁড়িয়ে দেখি দীনুকাকা, রমেন গোয়ালা, রসুল মিঞা, শবরী মাসি, টোটোন সবাই এক জায়গায় দাঁড়িয়ে আছে। আরও কিছু চেনা-অচেনা মানুষ গোল করে দাঁড়িয়ে। সবার মাঝে হোগলা পাতার বিছানায় যাকে শুইয়ে রাখা হয়েছে, সে আমার প্রিয় বান্ধবী ‘মুনিয়া’। কিন্তু ও তো ১৫ দিন আগেই...

আমি অবাক হয়ে সবার মুখের দিকে তাকাতে দীনুকাকা বলল...”ওর আজ ‘ছেরাদ্দ’রে, আমাদের ইকিনে..., এ জগতের মায়া কাটিয়ে ও আবার সংসারে ফিরচে। কালী মুখুজ্যের নাতবৌ-এর ভরা মাস, এই বিয়োলো বলে; ও ওকিনেই যাচ্চে...!”

আমার মনটা খুশি হয়ে উঠল। চারদিকে হাহাকার আর মৃত্যুর মিছিলে নতুন প্রাণের সূচনা হতে চলেছে।

এমনভাবেই আবার আমাদের গ্রাম কোলাহল মুখরিত হয়ে উঠবে। আমি ভাবছি, কার গর্ভে, কবে আবার আমার এই সুন্দর গ্রামে খেয়ালি নদীর তীরে ফিরতে পারব...

আজ দুপুরেই ম্যালেরিয়া আমার শেষ নিশ্বাসটা পর্যন্ত কেড়ে নিল!

বিস্মৃত মুখ

লুনা রাহনুমা

ভয়ংকর দুর্যোগের রাত। দমকা বাতাসে ভেঙে পড়েছে গাছের ডালপালা। বাসার ল্যান্ডফোন ডেড। মোবাইলে অনেকক্ষণ চেষ্টা করেও লাইন পেল না। একটা ট্যাক্সি দরকার। হাসপাতালে যেতে হবে। আগে থেকে গুছিয়ে রাখা ডেলিভারির ব্যাগটি ঘাড়ে নিয়ে রাস্তায় বেরিয়ে পড়ল অবশেষে। ঝড়ের রাত, বাতাস, অন্ধকার, গাছেদের দীর্ঘছায়া সড়কের ওপর ভুতুড়ে পরিবেশ সৃষ্টি করেছে। ঝাপসা হেড-লাইটের আলো আসছে দূর থেকে। সে রাস্তার মাঝখানে নেমে দুই হাত নেড়ে সাহায্য চাইল। কালো ফিয়াটের ভেতর একজন বৃদ্ধ চালক। গাড়ি থামিয়ে, আঙুল নেড়ে গাড়িতে উঠতে বলল লোকটা। কন্ট্রাসেপশনের আঘাতে কিছুক্ষণ পরপর ব্যথায় গুঙিয়ে উঠছে ফাহমিদা। সিটের ওপর বাঁকা হয়ে বসে কোনো রকমে বলল, হাসপাতাল প্লিজ।

ফাহমিদা লক্ষ্য করল রাস্তায় একটিও মানুষ নেই। এমনকি একটি গাড়ি পর্যন্ত নেই। গাড়ির চালককে জিজ্ঞেস করল, “আপনি কি এই এলাকাতেই থাকেন?”

বৃদ্ধ মন দিয়ে গাড়ির ব্যালেন্স রাখার চেষ্টা করছে। কথার উত্তর দিল না। বৃদ্ধের মুখ দেখতে না পেলেও বলল, “আপনি আমাকে সাহায্য না করলে ভীষণ বিপদে পড়ে যেতাম আজ।”

ফাহমিদা লক্ষ্য করল, গাড়িটি হাসপাতালের উল্টো দিকে ছুটছে। বাধা দিতে যাবে এমন সময় আরেকটি কন্ট্রাসেপশনের ঢেউ এসে নিভিয়ে দিয়ে গেল কণ্ঠস্বর। সংবিৎ ফিরে পেল যখন, দেখল গাড়িটি হাসপাতালের দরজায় দাঁড়িয়ে আছে। গাড়ি থেকে নামার সময় বৃদ্ধটি ফাহমিদার কোটের পকেটে কিছু একটা গুঁজে দিল, “তোমার বাচ্চার জন্য উপহার।” এবার সে চালকের মুখ দেখতে পেল। মুখটা পরিচিত মনে হলেও চিনতে পারল না।

সকালে চোখ মেলে দেখল, সাব্বির বাচ্চা কোলে নিয়ে বসে আছে হাসপাতালে। অনেকটাই সুস্থ ফাহমিদা। সাব্বির জানতে চাইল, “গতকাল অমন দুর্যোগের মধ্যে হাসপাতালে পৌঁছেছ কীভাবে?”

বৃদ্ধ চালকের কথা মনে পড়ে গেল ফাহমিদার। কোটের পকেটে হাত ঢুকিয়ে বের করে আনল বৃদ্ধের দেওয়া উপহারটি। পুরোনো এক টুকরো কাপড়ে প্যাঁচানো আছে একটি সোনার চেন। চেনের সঙ্গে একটি ছবি সাঁটা লকেটও আছে। লকেটটি সাবধানে খুলল সে। ভেতরের ছবিটি দেখে চমকে উঠল দুজনেই। ফাহমিদার ছোটবেলার ছবি। বিদ্যুৎ-চমকের মতো ফাহমিদার চোখে ভেসে উঠল বৃদ্ধের ঝাপসা মুখখানি। কুড়ি বছর পড়ে দেখা, তবু ভুল হওয়ার কথা না। সে অস্ফুটে বলল, “বাবা!”

কাকতালীয়

শুক্লা গাঙ্গুলি

বহুদিনের পুরোনো শহর জামশেদপুর। টাটাদের নামি লোহার কারখানা ছাড়াও এখানে রয়েছে বেশ কিছু নামি কলকারখানা এ্যানসিল্যারি। শিল্পনগরী ঘিরে রয়েছে দলমা পাহাড় আর তার কোলজুড়ে ডিমনা লেক। শাল পিয়াল মহুয়ার ঘন বন। ইউক্যালিপটাসের গন্ধে ম ম করছে সবুজ জঙ্গল। ভূমি সন্তান আদিবাসীদের বাস এ পাহাড়ের আশপাশে। পূর্ণিমা রাতে তাদের মাদল ধামসার আওয়াজ যেন মাদকতা ছড়ায়। মহুয়া আর হারিয়ার মাতাল হাওয়ায় নেশা জমে নগরের বুকে। মনে হয় চালচিত্রে কোনো এক শিল্পীর ক্যানভাস-রঙ বেরঙের পাখি চিতল সম্বরের শান্তিপূর্ণ সহাবস্থান আর বুনো দাঁতাল হাতির দল বেধে নেমে তছনছ করা মকাই খেত।

এ রকমই শহরের একপ্রান্তে চাইবাসা যেতে একটি জনপল্লী খাসমহল। গোটা কয়েক বনেদি পরিবারের বাস এ জায়গাটিতে। বাপ ঠাকুরদার পুরোনো বাড়ি। গাছগাছালি পরিবৃত। এমনি একটি বাড়ির মেজো বউ শায়রী। একতলার বেশ কিছু বড় বড় ঘর দুপাশে মস্ত দুটি বারান্দা চারপাশে বড় বড় পুরোনো গাছ। চানঘরটি দোতলায়। মানে কিছু সিঁড়ি উঠে গিয়ে দোতলা আর একতলার মাঝ বরাবর। গৃহকর্তা দোতলা আর করে উঠতে পারেননি।

নতুন টিভি এসেছে ঘরে। রাতে দিল্লি দূরদর্শন থেকে ভালো সিনেমা দেখায়। শায়রী একাই দেখে ছেলে মেয়েকে ঘুম পাড়িয়ে। এমনই এক শ্রাবণ মাসের রাত। বাইরে ঝিম ধরা বৃষ্টি সঙ্গে বাতাস। যথারীতি সিনেমা শেষ হোলে শায়রী দরজা খুলে পাশের বারান্দার আলো জ্বেলে পাশের কলঘরে গেল। হাত মুখ ধুয়ে ফিরতি পথে চাপ চাপ অন্ধকার আর একটা গা’ছমছমে ভাব চেপে ধরল শায়রীকে। কে যেন তার পেছন পেছন নেমে আসছে। সিঁড়ির মাঝামাঝি আসতেই দুটি পা আড়ষ্ট হয়ে আসে তার। ছাপা শাড়ি পরা একটি মেয়ে। হিম শীতল এক অনুভূতিতে তার সমস্ত শরীর শিরশির করে উঠল। কে? কে ওখানে?

মনে পড়ল, এই বাড়িটি তৈরি করার সময় একটি আদিবাসী কামিন মেয়ে কুয়োয় ঝাঁপ দিয়েছিল। সে শুনেছিল, ‘এমনি শ্রাবণ রাতে সে যেকোনো নারী শরীর ধরে আবারও আলোয় ফিরতে চায়...!’

হ্যালোইন সিনড্রোম

স্বপন বিশ্বাস

কাজের পরে গ্রোসারি থেকে কিছু কেনাকাটা করে পার্কিং লটের দিকে পা বাড়ায় শাহানা। মল থেকে বেরোতেই দেখে বাসস্টপে ছেলে-মেয়ে দুটি দাঁড়িয়ে আছে। আজই ব্রেকরুমে ওদের সঙ্গে পরিচয়। বাংলাদেশ থেকে নতুন এসেছে। কস্টিউম সেকশনে হ্যালোইন সিজনের পার্টটাইম ওয়ার্কার।

বাসের জন্য দাঁড়িয়ে আছ?

দেখেন না আপা, কখন থেকে দাঁড়িয়ে আছি। বাসের কোনো খবর নেই।

এখন তো রাত ১০টার বেশি বাজে। ইচ্ছা করলে আমার গাড়িতে যেতে পারো। তোমরা তো আমার সামনের বাসাতেই থাকো।

শীতটা বেশ জাঁকিয়ে বসেছে। ওরা আর কথা না বাড়িয়ে শাহানার সঙ্গে গাড়িতে এসে বসল। হাইওয়ে বেশ ফাঁকা। হঠাৎ কিসের যেন একটা গন্ধ নাকে এল। একটা অস্বস্তি নিয়ে ঘাড় ঘোরাতেই দেখে শাহানার বাজারের ব্যাগ দুটো ওদের দুজনের কোলের ওপর। একজন কাঁচা ইলিশ আর আরেকজন কাঁচা লাউয়ের ডগা কচমচ করে খেয়ে যাচ্ছে।

শাহানা তাড়াতাড়ি চোখ ফেরাল। গাড়ির গতি তখন ষাট মাইল। শাহানার গলা দিয়ে কোনো কথা বেরোচ্ছে না। মাথা ঝিমঝিম করছে। শরীর অবশ হয়ে আসছে। গাড়ির স্পিড কমিয়ে এক্সিট নিয়ে লোকাল রোড ধরে বাসার সামনে এসে থামল। শাহানার শরীর ঘামে ভিজে জবজব করছে। হাত বাড়িয়ে বলার চেষ্টা করল, তোমরাতো ওই সামনের বাড়িতেই থাকো? কিন্তু কোনো কথা বেরোল না। একটা গোঙানির শব্দ হলো।

আমাদের লিফট দেওয়ার জন্য অনেক ধন্যবাদ। আর কিছু মনে করবেন না। দেশি মাছ-সবজির লোভ সামলাতে না পেরে সব খেয়ে ফেলেছি। আমার নাম শাকচুন্নি আর ওর নাম মেছোভুত। এখানে সবাই আমাদের মেসি-চুন্নি বলে ডাকে। আর ওই যে দেখছেন বাড়ির সামনে দাঁড়িয়ে আছে আমাদের আরেক সঙ্গী ওর নাম নাকেশ্বরী।

নাকেশ্বরীর চোখে আলো জ্বলছে। শাহানা দেখল, মেসি-চুন্নি হেঁটে নাকেশ্বরীর পাশে গিয়ে দাঁড়াল। ওদের দুজনের চোখেও লাল আলো জ্বলে উঠল। আলো এসে পড়ল শাহানার চোখে। শাহানার ঘুম ভেঙে গেল। জানালার ফাঁক দিয়ে ভোরের আলো ঢুকছে। মেয়ে এসে বলল, ঘুমের ভেতরে এমন অদ্ভুত শব্দ করছ কেন? আমাদের হ্যালোইন কস্টিউমগুলো কোথায়?

শাহানা বলল, কাল কস্টিউমগুলো গাড়ি থেকে আনতে ভুলে গেছি মা। ওগুলো গাড়িতেই আছে।

বেসমেন্টের ভূত

সুস্মিতা দেবনাথ

যখনই বেসমেন্টে যাই ঈষৎ আলোয় ভাঙা আয়নায় নিজ অবয়ব দেখলে মাঝে মাঝে নিজেকে অচেনা লাগে। আয়নাযুক্ত ক্লোজেটের দরজাগুলো চট করে গার্বেজ করা সম্ভব নয়। ক্লোজেটের নতুন দরজা কিনে আনলেই পুরোনোটা ফেলার ব্যবস্থা হতে পারে। কিন্তু দরজা ক্রয় করার গুরুত্ব না থাকার কারণে অনিচ্ছা সত্ত্বেও মাঝে মাঝে ভাঙা আয়নায় মুখ দেখা।

আমি বরাবরই ভিতু শ্রেণির মানুষ। বাসা যখন ফাঁকা থাকে মনে হয় বেসমেন্টে কেউ হেঁটে বেড়াচ্ছে। সামান্য শব্দেই কেঁপে উঠি। শুধুমাত্র কাপড় ধোয়ার জন্যই সেখানে যাই। ওয়াশার মেশিনের গড়গড় শব্দে নিস্তব্ধ বাড়িটায় যেন প্রাণ আসে। কখনো অজানা ভয়ের আতঙ্কে হালকা আলোতে রাতকানার মতো হোঁচট খেতে খেতে কাপড় শুকিয়ে সিঁড়ি বেয়ে ওপরে উঠে হাফ ছেড়ে বাঁচি।

প্রায় তিন বছর এ বাড়িতে আছি। কেবলি মনে হয় অস্পষ্ট কেউ আমাকে অনুসরণ করছে। ভয়টা কিছুটা হ্রাস পায় যখন আমার ব্যাচেলর দেবরটি বেসমেন্টে বাস করতে শুরু করে। কিন্তু ভয়হীন নিশ্চিন্ত জীবন বেশি দিন স্থায়ী হয়নি। দেবরের অভিযোগ সেখানে অশরীরী আত্মা আছে। তাইতো রাতে খাটে ঘুমালে সকালে তাকে সোফায় ঘুমন্ত অবস্থায় পাওয়া যায়। আমি বলি, ‘তোমার বোধ হয় parasomnia আছে।’

সে বলল, ‘আমার ঘুমের কোনো সমস্যা নেই। আমি নিশ্চিত এখানে ভূত আছে। তাইতো আমার গোছানো জিনিস খুঁজে পাই না। এ ছাড়া ভাঙা আয়নাটিতে একটা ছায়া মূর্তি দেখতে পাই।’ শোনামাত্রই পুনরায় প্রবল এক ভয় আমাকে গ্রাস করতে থাকে। দেবর নিছক হাসির ছলে বলল, ‘আমাদের এখন ভূত বন্দী করার জন্য প্রোফেশনাল কাউকে লাগবে।’

মিস ক্লেয়ার, আমার প্রতিবেশী এবং বন্ধু। মাঝে মাঝে এক সঙ্গে বসে কফি পান করি। সেদিন হ্যালোইন সন্ধ্যায় ড্রয়িংরুমে বসে গল্প করছিলাম। কে কত ভৌতিক গল্প জানে তা নিয়ে প্রতিযোগিতা। হঠাৎ বেসমেন্টে কাচ ভাঙার শব্দ; দৌড়ে গিয়ে দেখি দুটো বাল্ব ভেঙে মেঝেতে পড়ে আছে। সেদিনই প্রথম মিস ক্লেয়ারের মুখে জানতে পারি আমাদের পূর্বে যারা এ বাড়িতে বাস করতেন তাদের যুবতী কন্যা সুইসাইড করেছিল এই বেসমেন্টে। মৃত্যুর দুদিন পূর্বে আয়না এবং পানির গ্লাস ভেঙে নিজ হাত কেটেছিল। সারা ঘরময় ছিল শুধু কাচের গুঁড়ো।

শিপমেন্ট

সালমা মঞ্জুলিকা

অস্ট্রেলিয়ার অর্ডারটার ইন্সপেকশন শেষ হতে রাত তিনটা বাজল। গোটা অফিস এখন ফাঁকা। ওয়াশ রুমে যাওয়ার জন্য করিডরে এসে থমকে গেলেন ইরফান চৌধুরী। মেঝেতে লম্বা রক্তের দাগ! খুব ভারী কিছু একটা ছেঁচড়ে টেনে নেওয়া হয়েছে যেন।

এনার্জি বাল্বটা কারণ ছাড়াই জ্বলা নেভা শুরু করল হঠাৎ।

দুর্গন্ধ আর চাপা গোঙানির আওয়াজ পেয়ে সামনে তাকালেন তিনি। ঠিক দশ হাত দূরেই বিশাল এক রক্তাক্ত মাংসপিণ্ড! ওখান থেকেই আসছে আওয়াজটা! নড়ছে ওটা! ধীরে ধীরে নড়েচড়ে উঠে দাঁড়াল একটা নগ্ন মানুষের কাঠামো!

আতঙ্কে জমে গেলেন তিনি। লতিফা দাঁড়িয়ে আছে তার সামনে, কোনো সন্দেহ নেই এতে! ছয় মাস আগে তার সুন্দরী অপারেটর লতিফা রেপ হওয়ার পর খুন হয়েছিল। নিউজিল্যান্ডের বায়ারের পক্ষ থেকে আসা কোয়ালিটি কন্ট্রোলার খসরুকে সেদিন কিছুতেই বাগে আনতে পারছিলেন না ইরফান চৌধুরী। ইন্সপেকশনে হাজারটা ভুল বের হচ্ছিল। খসরুকে খুশি করে দেওয়ার মতো পর্যাপ্ত টাকাও সেদিন ছিল না তার হাতে। ওয়ার্কারদের স্যালারি বকেয়া ছিল তিন মাসের। শিপমেন্টটা না হলে ব্যাংকের দেনা বেড়ে সাত কোটিতে পৌঁছাত। এত স্বপ্নের নতুন ফ্যাক্টরিটা বন্ধ করে পথে বসতে হতো তাকে।

বেতন বাড়ানোর কথা বলে লতিফাকে রাস্তা থেকে ডেকে খসরুর বাসায় নিয়ে গিয়েছিল তার কিউসি বাচ্চু। খুব ঝামেলা করছিল বলে মেয়েটার মাথায় শিল দিয়ে বাড়ি মেরেছিল বাচ্চু।....

লাশটা কার্টনে ভরা অবস্থায় গোডাউনে পড়ে ছিল কয়েক দিন। সুযোগ বুঝে ওটা বস্তায় ভরে নদীতে ফেলে দিয়ে এসেছিল বাচ্চুই।

বাচ্চু নিখোঁজ অনেক দিন যাবৎ। দু’দিন আগে তিনি খবর পেলেন খসরুর রক্তাক্ত লাশ পাওয়া গেছে তার বাড়ির সামনের রাস্তায়। কি ঘটেছিল দু’জনের ভাগ্যে সেটা এখন পরিষ্কার ইরফান সাহেবের কাছে।

লতিফা শয়তানি হাসি হাসছে। ওর মাথাটা থেঁতলান। রক্তে ভেজা টকটকে লাল চুল বুকের দু’পাশে এলিয়ে আছে! চোখের মনি দুটো সাদা! ওগুলো কোটর থেকে ঠিকরে বের হয়ে এসেছে! দুই ঊরু বেয়ে গড়িয়ে নেমেছে রক্তধারা। সারা শরীরে কালো কালো ফাঙ্গাস! পাঁউরুটি বা পচা মাংস অনেক দিন পড়ে থাকলে ওপরে যেমন ফাঙ্গাস পড়ে ঠিক তেমনই।

মেয়েটা গোঙাতে গোঙাতে এগিয়ে আসছে তার দিকে! শরীরের সমস্ত শক্তি একত্রিত করে রক্ত হিম করা এক চিৎকার দিলেন ইরফান চৌধুরী।


A Voice For The Voiceless
A Vision For The Future
মুজিব'র লক্ষ্য
মুজিব আমাদের পারিবারিক মূল্যবোধকে প্রধান্য দেন। ধর্মীয় অনুশাসন ও সামাজিক রীতিনীতির প্রতি শ্রদ্ধাশীল।
অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মত আমাদের মসজিদ ও মন্দিরের জন্য একই রকম সুযোগ সুবিধা সৃষ্টি করা
সিটির আর্থিক অপচয়ের বিরুদ্ধে সোচ্চার কণ্ঠ মুজিব ট্যাক্স হ্রাসের বিষয়ে কাজ করবেন
বৈষম্যমূলক পার্কিং আইন নিয়ে কাজ করবেন- যাতে হাইল্যান্ড এভিন্যু পার্শ্ববর্তী এলাকা ফ্রেশমেডোর মত No Parking মুক্ত হয়
এলাকার বিশেষ করে ক্ষুদ্র ও কমিউনিটি ব্যবসার উপর সিটির টিকিট খড়গের বিরুদ্ধে লড়বেন
মুজিব সিটি ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট, শিক্ষাবিদ ও বিবাহিত দুই সন্তানের পিতা মুজিব একজন পরীক্ষিত সমাজ সেবক
2021 ELECTION
VOTE
VOTE FOR MUJIB
RAHMAN FOR
NEW YORK CITY COUNCIL DISTRICT - 24
Tel: 917.833.3478 | mujibrahmanny@gmail.com
আগাম ভোট শুরু হবে ২৩ অক্টোবর শনিবার থেকে
নির্বাচন ২ নভেম্বর ২০২১, মঙ্গলবার সকাল ৬ টা থেকে রাত ৯টা পর্যন্ত
Paid by Mujib Rahman 2021


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

MHC
Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472
1514 Castle Hill Ave
Bronx, NY 10462
Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220
219 Church Ave
Brooklyn, NY 11218
1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230
1208 Liberty Ave
Brooklyn, NY 11208
Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368
37-20 74th Street
Jackson Heights
NY 11372
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Hicksville
217 Bethpage road
Hicksville
NY 11801
Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212
প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা
আমরা নুতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers and New Clients.
FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS
বিস্তারিত জানতে কল করুন
718-697-7707
E-mail : info@markshhc.com | www.markshhc.com

প্রথম আলো

Prothom Alo North America
4 November 2021, Thursday, 5th Year, Issue 242, 40 Pages

৪ নভেম্বর ২০২১, ১৯ কার্তিক ১৪২৮, ২৬ রবি-উল-আওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার

ইসলাম

সংবাদে মিথ্যাচার অনৈতিক কাজ

নূরুল হক

ইসলামের দৃষ্টিতে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন সংবাদ প্রচার করা কারও সঙ্গে তথা সমাজের সঙ্গে প্রতারণা করা, সমাজকে ধোঁকা দিয়ে বিভ্রান্তি সৃষ্টি করার শামিল। কারণ মিথ্যা সংবাদ পরিবেশনের মাধ্যমে অন্যকে ঠকানো হয়। এমনকি এর মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে পারিবারিক ও সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি হয়। তাই মহানবী (সা.) প্রতারণা করাকে নিষিদ্ধ করেছেন এবং প্রতারক ব্যক্তিকে ইসলাম থেকে খারিজ বলে উল্লেখ করেছেন। এ প্রসঙ্গে মহানবী (সা.) বলেন, ‘যে ব্যক্তি প্রতারণা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

মার্কিন সীমান্তে অভিবাসীদের মৃত্যু বাড়ছে

আসিফ মোক্তাদির

মেক্সিকো সীমান্ত দিয়ে আমেরিকায় প্রবেশ করার সময় অভিবাসীদের মৃত্যুর সংখ্যা বাড়ছে। গত ৩০ বছরের মধ্যে ২০২১ সালে এ সীমান্তে ৫৫৭ জনের মৃত্যুর কথা জানিয়েছে মার্কিন সীমান্তরক্ষী বিভাগ।

অভিবাসী গ্রুপগুলো মনে করে, সীমান্তে মৃত্যুর এই হিসাব সঠিক নয়। সীমান্তরক্ষী ছাড়া স্থানীয় কর্তৃপক্ষ যেসব লাশ উদ্ধার করেছে, তার কোনো হিসাব এ তালিকায় নেই।

গত ৩১ অক্টোবর মেক্সিকো সীমান্তের নদী সাঁতরে পাড়ি দেওয়ার সময় এক নারীকে অজ্ঞান অবস্থায় মার্কিন সীমান্তরক্ষীরা উদ্ধার করেছে। পরে ওই নারীর মৃত্যু হয়েছে বলে জানানো হয়েছে। ৭০ জনের একটি দলের সঙ্গে নদী সাঁতরে

ফাইল ছবি

আমেরিকায় পাড়ি দেওয়ার চেষ্টা করেছিলেন ওই নারী। মেক্সিকো সীমান্ত দিয়ে শুধু দক্ষিণ আমেরিকার অভিবাসীদের আগমন ঘটছে এমন নয়, বাংলাদেশের একটি দালাল চক্রও নানা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

নিউইয়র্কে ডাকনামে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার আইন পাস

উত্তর আমেরিকা অফিস

মূল নামের পরিবর্তে ডাকনামে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার বৈধতা দিয়েছে নিউইয়র্ক অঙ্গরাজ্য। রাজ্যের রাজধানী আলবেনিতে স্টেট ও সিনেটে পাস হয়েছে ডাকনামে নির্বাচন করার নতুন আইন।

নিউইয়র্ক রাজ্য সিনেটর জন ল্যু বিষয়টি আইন আকারে সিনেটে বিল উত্থাপন করলে সংখ্যাগরিষ্ঠদের ভোটে ডাকনামেও নির্বাচন করার আইন পাস হয়। পরে স্টেট অ্যাসেম্বলিম্যান জেফরিন এল অউব্রি বিলটি অ্যাসেম্বলিতে তুললে সেখানেও সংখ্যাগরিষ্ঠদের ভোটে পাস হয় বিলটি। বিল পাস হওয়ার পর নিউইয়র্ক রাজ্য গভর্নর ক্যাথি হকুল গত ২২ অক্টোবর

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

সংগীত

মায়ের সঙ্গে শিমুল খানের ‘গোলাপী’

রোকেয়া দীপা

মা জনপ্রিয় লোকসংগীত শিল্পী দিলরুবা খানের সঙ্গে অসংখ্য গান করলেও শিমুল খান এই প্রথমবার মায়ের সাথে ‘গোলাপী’ শিরোনামে একটি গান নতুন সংগীতায়োজনে মিউজিক ভিডিও করেছেন। এটি আসামের একটি ট্রেডিশনাল কচ রাজবংশীয় গান। সম্প্রতি নিউইয়র্কের জুইস সেন্টারে গানটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

গানটির ভিডিও ধারণ করা হয়েছে যুক্তরাষ্ট্রের বিভিন্ন লোকেশনে। গানটিতে চার জায়গায় ভাওয়াইয়া সুরে দিলরুবা খান গেয়েছেন। ঐতিহ্যবাহী এই গানটির নতুন সংগীতায়োজন করেছেন এমএমপি রনি। ভিডিও নির্মাণ করেছেন সরদার ইকবাল। তান্না খানের কোরিওগ্রাফিতে সামিয়া, নারমিন, রুদবা ও মাহিমা গানের তালে নেচেছেন। তাঁদের সঙ্গে ভিডিওতে অংশ নিয়েছেন মা-মেয়ে (দিলরুবা খান ও শিমুল খান) দুজনেই।

১৮ অক্টোবর নিউইয়র্কের জুইস সেন্টারে ‘গোলাপী’ মুক্তির অনুষ্ঠানে হাজির হয়েছিলেন যুক্তরাষ্ট্রপ্রবাসী ঢাকাই তারকা অভিনেত্রী বন্যা মির্জা, কণ্ঠশিল্পী রিজিয়া পারভিন, শো টাইম

মায়ের সঙ্গে শিমুল খান

মিউজিকের আলমগীর খান, প্রমিথিউস ব্যান্ডের বিপ্লব, নায়িকা শাহনূর প্রমুখ।

গানটি দিলরুবা খানের অফিশিয়াল ইউটিউব চ্যানেলে প্রকাশ করা হয়েছে। দিলরুবা খানের মেয়ে শিমুল খান দীর্ঘদিন ধরে মঞ্চ নাটক ও সংগীতের সঙ্গে যুক্ত আছেন। ইতিমধ্যে তাঁর তিনটি সলো অ্যালবাম ও ১১টি যৌথ অ্যালবাম প্রকাশ হয়েছে। এ ছাড়া সিনেমার ১০-১২টি গানও করেছেন। তিনি কয়েক বছর ধরে নিউইয়র্কে বসবাস করছেন।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

REAL ESTATE REAL ESTATE REAL ESTATE
Top Listing Agent
For buying & selling call today
Cell: 646 389 9799
junaidwinzone@gmail.com
রিয়েল এস্টেট বিষয়ে কল করুন
Junaid Suleman
Licensed Real Estate Salesperson
81-15 Queens Blvd, Suite 210, Elmhurst NY 11373

বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX PROS
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Hashan Chowdhury
Realtor
Realtorchowdhury@gmail.com
12810 Wisterica Dr, #300
Germantown, MD 208/4

We are expert on
Home, Commercial Building
Business Insurance & Auto
Coming Soon TLC
UBER
Tarik Chowdhury
President
Fatema NYC Insurance Brokerage
167-17 Hillside Ave (2nd Fl.), Jamaica NY-11432
718-398-6511 718-607-9002

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়
Immigrant Elder Home Care LLC

Home & Habitat
Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বারী হোম কেয়ার
BARI HOME CARE
আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়
হোমকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন
মেডিকেইড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে অর্থ উপার্জন করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই
এটি সম্পূর্ণ আইনসম্মত
মি. জাফর/রেহানা
কো- অর্ডিনেটর
কর্পোরেট অফিস
৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা
জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১
ব্রঙ্ক অফিস
২১৪৮ হ্যারিং এভিনিউ
ব্রঙ্ক, নিউইয়র্ক ১০৪৬২
টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

KARNAFULLY
কর্ণফুলী ট্যাক্স
TAX SERVICES INC.
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স
কর্পোরেট ট্যাক্স
সেলস ট্যাক্স
পেরোল
বিজনেস সেটআপ
ইমিগ্রেশন
নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

খলিল বিরিয়ানীতে আসুন
“বাইতেন বিরিয়ানী” এর স্বাদ নিন
KHALIL BIRYANI & HALAL CHINESE
2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884
KHALIL BIRYANI HOUSE
1445 Olmstead Ave. Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilsfood.com
حلال HALAL

M মতিন OTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
917-346-8207
বাজেটের মধ্যে আপনার স্বপ্নের বাড়ি ইনডোর এবং আউটডোর সংস্কার, পুনঃনির্মানে একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান। যে কোন আয়তনের কিচেন, বাথরুম, ফ্যামেলি রুম, অফিসসহ সম্পূর্ণ বাড়ির সংস্কার করা হয়।

IATA Accredited Agent
OPEN 7 DAYS
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ ওমরাহ
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়্যারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
QATAR
ARC
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge-Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনস্যুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনস্যুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।
আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।
মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

সম্পাদক : ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত : ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, স্যুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, **ফোন** : ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল** : **নিউজ** : news@prothomalony.com, **বিজ্ঞাপন** : cm@prothomalony.com